

# বার্ষিক প্রতিবেদন ২০১২-১৩

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

# বার্ষিক প্রতিবেদন
# ২০১২-২০১৩

**বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন**
জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১ তলা)
১০, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০
ফোন ঃ ৯৫৬৮১০১-২, ৯৫৬১৫২৫
ফ্যাক্স ঃ (৮৮)-০২-৯৫৬৩৭২১
Website: http://www.secbd.org, http://www.sec.gov.bd
E-mail: secbd@bdmail.net

# সূচিপত্র


| ক্রমিক নং | বিবরণ | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ১ | চেয়ারম্যানের প্রতিবেদন | ৩ |
| ২ | কমিশনের পরিচিতি | ৯ |
| ৩ | বাংলাদেশের অর্থনৈতিক নির্দেশক | ১০ |
| ৪ | বিশ্বব্যাপী পুঁজিবাজার | ১৫ |
| ৫ | বাংলাদেশের পুঁজিবাজার | ১৭ |
| ৬ | ক্যাপিটাল মার্কেট রেগুলেটরী রিফরমস | ২৪ |
| ৭ | স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্তি | ২৮ |
| ৮ | ক্যাপিটাল ইস্যু | ৩০ |
| ৯ | কর্পোরেট ফাইন্যান্স | ৩৪ |
| ১০ | নিবন্ধন | ৩৮ |
| ১১ | মিউচ্যুয়াল ফান্ড এন্ড এসপিভি | ৪০ |
| ১২ | সার্ভেইল্যান্স | ৪৩ |
| ১৩ | সুপারভিশন এন্ড রেগুলেশন অব মার্কেটস্ এন্ড ইস্যুয়ার কোম্পানিজ | ৪৫ |
| ১৪ | সুপারভিশন এন্ড রেগুলেশন অব ইন্টারমিডিয়ারিজ | ৫৫ |
| ১৫ | সিডিএস | ৫৮ |
| ১৬ | এনফোর্সমেন্ট | ৫৯ |
| ১৭ | আইন | ৬০ |
| ১৮ | এমআইএস | ৬১ |
| ১৯ | গবেষণা ও উন্নয়ন | ৬৩ |
| ২০ | ভবিষ্যৎ পরিকল্পনা | ৬৪ |
| ২১ | কমিশনের আর্থিক অবস্থার বিবরণী | ৬৬ |
| ২২ | পরিশিষ্টসমূহ | ৬৭ |
| ২৩ | কমিশনের নির্বাহীদের তালিকা | ১৬৯ |



# ১. প্রতিবেদন

**চেয়ারম্যান**
**বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন**

পুঁজিবাজার নিয়ন্ত্রণকারী সংস্থা হিসাবে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) প্রতিষ্ঠিত হয় ১৯৯৩ সালের ৮ই জুন, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ জারীর মাধ্যমে, যার মূল লক্ষ্য হ'ল বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ, সিকিউরিটিজ মার্কেটের উন্নয়ন এবং এতদসংক্রান্ত বিষয়াবলী বা তদধীনে আনুষঙ্গিক বিধান প্রণয়ন। কমিশন প্রতিষ্ঠিত হওয়ার পর থেকে পুঁজিবাজারের আইনগত কাঠামোর উন্নয়ন, সিকিউরিটিজের ক্রয়-বিক্রয়ের ক্ষেত্রে অটোমেশন পদ্ধতির প্রবর্তন, সেন্ট্রাল ডিপজিটরী প্রতিষ্ঠার মাধ্যমে ইলেকট্রনিক পদ্ধতিতে বিনিয়োগকারীদের শেয়ার সংরক্ষণ ও হস্তান্তর, বিনিয়োগকারীদের জন্য ওয়েব-ভিত্তিক সিকিউরিটিজের তাৎক্ষনিক বাজারমূল্য ও ইনডেক্স তথ্য প্রাপ্তির সুবিধা, সাধারণ বিনিয়োগকারীদের জন্য বিএসইসি, স্টক এক্সচেঞ্জ, বিআইসিএম ও বাজার মধ্যস্থতাকারীদের পুঁজিবাজার বিষয়ক নিয়মিত প্রশিক্ষণ কার্যক্রম ইত্যাদি পুঁজিবাজারের উন্নয়নের ক্ষেত্রে বিশেষ ভূমিকা পালন করছে। সরকারী শিল্প ও রাষ্ট্রায়ত্ত কিছু প্রতিষ্ঠানের দীর্ঘ মেয়াদী পুঁজি সংগ্রহের ক্ষেত্রে পুঁজিবাজার প্রধান উৎস হিসাবে কাজ করছে। তবে ২০১০ সালের ডিসেম্বরে পুঁজিবাজারের অস্বাভাবিক উত্থান-পতনের ফলে বাজারের বিভিন্ন দুর্বল দিকগুলিকে সংস্কার ও পুনর্গঠিত করার প্রয়োজনীয়তা দেখা দেয়। সরকার মে, ২০১১ তে কমিশন নতুনভাবে গঠন করে এবং পুঁজিবাজারের বিভিন্ন সংস্কার ও পুনর্গঠনের তাগিদ দেয়। ২০১০ সালের ডিসেম্বরে পুঁজিবাজার এর অস্বাভাবিক উত্থান-পতনের কারণ উদঘাটনের জন্য সরকার পুঁজিবাজার তদন্ত কমিটি ২০১১ গঠন করে। পরবর্তীতে সরকার কমিটির রিপোর্ট হুবহু প্রকাশ করেছে যা পর্যায়ক্রমে বাস্তবায়িত হচ্ছে। পুঁজিবাজারের সংস্কার ও উন্নয়নের জন্য কমিশন একটি দীর্ঘমেয়াদী ১০-সালা পরিকল্পনা প্রনয়ন করেছে, যা পর্যায়ক্রমে বাস্তবায়ন করা হবে। উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হলে পুঁজিবাজারের মৌলিক সমস্যাগুলি দূরীভূত হবে এবং এতে দীর্ঘমেয়াদে বাজারের স্থিতিশীলতা ও গভীরতা বৃদ্ধি পাবে।

কমিশন বাজার মনিটরিং ও সার্ভেইল্যান্স ব্যবস্থা আধুনিকায়নের জন্য বিশেষ গুরুত্ব আরোপ করে। এর ফলশ্রুতিতে এশিয়ান ডিভেলপমেন্ট ব্যাংক (এডিবি) এর আর্থিক সহায়তায় Improvement of Capital

Market and Insurance Governance Project: Sub Project 3: Improvement of Capital Markets Governance Project শীর্ষক প্রকল্পের আওতায় কমিশনের সার্ভিইল্যান্স সিস্টেম আধুনিকায়নের জন্য একটি আধুনিক সার্ভেইল্যান্স সিস্টেম ক্রয়পূর্বক তা বাস্তবায়ন সম্পন্ন করেছে, ইতোমধ্যেই যার কার্যকারিতা পরিলক্ষিত হচ্ছে। এ ছাড়া স্টক এক্সচেঞ্জ সমূহকেও তাদের সার্ভেইল্যান্স ব্যবস্থা আধুনিকায়ন ও জোরদার করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে যার ফলে ঢাকা স্টক এক্সচেঞ্জ এ আধুনিক সার্ভেইল্যান্স ব্যবস্থা বাস্তবায়িত হচ্ছে। চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ ইতোপূর্বেই আধুনিক সার্ভেইল্যান্স ব্যবস্থা বাস্তবায়ন করেছে। স্টক এক্সচেঞ্জ এর ডিমিউচুয়ালাইজেশন বাজার উন্নয়নের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি বিষয়। মহান জাতীয় সংসদে এ বিষয়ে আইন পাশ হয়েছে। ডিমিউচুয়ালাইজেশন বাস্তবায়নের জন্য স্টক এক্সচেঞ্জগুলি ইতোমধ্যেই কার্যক্রম শুরু করেছে ।

পুঁজিবাজারের বিনিয়োগকারীদের স্বার্থ রক্ষা এবং সংশ্লিষ্ট বিভিন্ন পক্ষের মধ্যে সমন্বয় বৃদ্ধির মাধ্যমে পুঁজিবাজারের সংকটের নিরসন, বাজার উন্নয়ন তথা সংস্কারের জন্য কাজ করতে মাননীয় প্রধানমন্ত্রী ইতোপূর্বেই দিক নির্দেশনা প্রদান করেছেন এবং ক্ষুদ্র বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণের বিষয়ে তাগিদ দিয়েছেন। সরকার এ বিষয়ে একটি বিশেষ স্কীম কমিটি গঠন করেছে যার আওতায় ক্ষুদ্র বিনিয়োগকারীদের বিশেষ প্রনোদনার ব্যবস্থা রাখা হয়েছে। পর্যাপ্ত পরিমান শেয়ার ধারণ না করে লিষ্টেড কোম্পানিতে পরিচালক হিসাবে কাজ করা বাজারের একটি বড় সমস্যা হিসাবে চিহ্নিত হয়েছে। এই ক্ষেত্রে সংস্কারের জন্য লিষ্টেড কোম্পানির প্রত্যেক পরিচালকের (ইনডিপেন্ডেন্ট পরিচালক ব্যতিত) নূন্যতম ২% শেয়ার ধারণ এবং কোম্পানির পরিচালকদের যৌথভাবে মোট নূন্যতম ৩০% শেয়ার ধারণ বাধ্যতামূলক করা হয়েছে। এতে সাময়িকভাবে কিছু সমস্যা হলেও দীর্ঘমেয়াদে তা বাজার স্থিতিশীলতার জন্য ভাল ফল বয়ে আনবে বলে কমিশন মনে করে।

পুঁজিবাজারের জন্য কর্পোরেট গর্ভানেন্স একটি গুরুত্বপূর্ণ বিষয়। কমিশন বিদ্যমান কর্পোরেট গর্ভানেন্স গাইড লাইন সংস্কার করেছে। এর ফলে কোম্পানির বোর্ডে এক পঞ্চমাংশ ইন্ডিপেন্ডেন্ট পরিচালক থাকা, কোম্পানিতে চিফ ফাইন্যানসিয়াল অফিসার, হেড অফ ইন্টারনাল অডিট ও কোম্পানি সচিব থাকা বাধ্যতামূলক করা হয়েছে যাদের কোয়ালিফিকেশন ও দায়িত্ব বিষদভাবে বিবৃত। এ ছাড়া নির্দেশনা প্রদানের মাধ্যমে স্টক একচেঞ্জ এ কর্পোরেট ফিন্যান্স বিভাগ স্থাপন করা হয়েছে যাতে কোম্পানির ফাইন্যান্সিয়াল স্টেটমেন্ট আরও ভালভাবে পরীক্ষিত হয়।

বিনিয়োগকারীরা যেন পুঁজিবাজার পরিস্থিতি এবং তালিকাভূক্ত সিকিউরিটিজ সম্পর্কে সঠিক তথ্য জানতে পারে সেজন্য রিসার্চ এনালাইসিস বিধিমালা তৈরী করা প্রয়োজন। এ বিষয়ে ইতোপূর্বেই কাজ শুরু করা হয়েছে যা বর্তমানে প্রায় চূড়ান্ত পর্যায়ে রয়েছে। বাজার ও তালিকাভূক্ত সিকিউরিটিজ সম্পর্কে সঠিক রিসার্চ এনালাইসিস থাকলে তা বিনিয়োগকারীদের সঠিক বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণে সহায়ক হবে। তাছাড়া বিনিয়োগ উপদেষ্টা বিধিমালা তৈরীও প্রক্রিয়াধীন রয়েছে।

মহান জাতীয় সংসদ The Securities and Exchange Ordinance, 1969 এবং সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ সংস্কারের জন্য উল্লিখিত আইন দুটি সংশোধন করেছে যার ফলশ্রুতিতে কমিশনের জন্য অধিকতর শক্তিশালী হওয়ার পথ প্রশস্ত হয়েছে। এতে কমিশনের জনবলবৃদ্ধির সক্ষমতা এবং বাজেট প্রনয়নে আর্থিক স্বাধীনতা বৃদ্ধি পেয়েছে এবং পুঁজিবাজার বিষয়ক মামলা দ্রুত নিস্পত্তির জন্য পৃথক বিশেষ ট্রাইবুনাল গঠনের সুযোগ সৃষ্টি হয়েছে যা কমিশনের শক্তিশালী হওয়ার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। এছাড়া কমোডিটি ফিউচারস কনট্রাক্ট, ডেরিভেটিভ সিকিউরিটিজ ও কমোডিটি এক্সচেঞ্জ চালুর ক্ষেত্র তৈরী হয়েছে।

কমিশন ইতোপূর্বে বুকবিল্ডিং পদ্ধতিরও সংস্কার করেছে যাতে এই পদ্ধতির অপব্যবহার রোধ করা যায় এবং স্বচ্ছতা নিশ্চিত হয়। ফলে কোন কোম্পানি বুকবিল্ডিং পদ্ধতিতে IPOতে আসতে চাইলে সে ক্ষেত্রে এই পদ্ধতি ব্যবহার করার সুযোগও উন্মুক্ত থাকছে। পাশাপাশি নির্দিষ্ট মূল্য পদ্ধতিতেও IPO তে আসতে পারবে।

বাজারের অসাধু কিছু খেলোয়াড় ও বিনিয়োগকারীদের বিষয়ে কমিশন তদন্ত সম্পাদনপূর্বক প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করেছে। বাজারে অমনিবাস হিসাব থাকার বিষয়টি সমালোচিত হওয়ার প্রেক্ষাপটে নন-ডিস্ক্রিশনারী বিনিয়োগ হিসাবের জন্য অমনিবাস হিসাব বন্ধ করা হয়েছে। এর ফলে অমনিবাস হিসাব ব্যবহারের মাধ্যমে অসাধু খেলোয়ারদের কারসাজির সুযোগ বন্ধ হয়েছে। মার্জিন ঋনের সীমা বিষয়ে কমিশন দীর্ঘমেয়াদী নীতিমালা প্রনয়ন করেছে যাতে ঘনঘন এর পরিবর্তনের ফলে বাজারে নেতিবাচক কোন প্রভাব না পরে।

বাংলাদেশের পুঁজিবাজার সরকারী-বেসরকারী বিভিন্ন কোম্পানির যে কোন উন্নয়ন উদ্যোগে প্রয়োজনীয় পুঁজি সরবরাহ করতে উল্লেখযোগ্য ভূমিকা রাখতে সক্ষম বলে বিশ্বাস করি। তবে এ ক্ষেত্রে মার্চেন্ট ব্যাংকার, ব্রোকার ডিলার, এ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি, অডিটরস্, ক্রেডিট রেটিং এজেন্সী, বেসরকারী উদ্যোক্তা প্রতিষ্ঠান, রাষ্ট্রীয় মালিকানাধীন প্রতিষ্ঠান, স্টক এক্সচেঞ্জ ও নিয়ন্ত্রক সংস্থাকে আরও অধিক পেশাদারিত্বের সাথে কাজ করতে হবে। এই প্রেক্ষাপটে কমিশনেরও জনবল বৃদ্ধি এবং তাদের যথোপযুক্ত প্রশিক্ষণ অপরিহার্য। বিনিয়োগকারীদেরকেও আরও অধিক সচেতন হতে হবে এবং বিনিয়োগ সংশ্লিষ্ট বিষয়ে তাদের জ্ঞানের পরিধি বাড়াতে হবে যেন তারা অযাচিত ঝুঁকি গ্রহন করা থেকে বিরত থাকে। স্টক এক্সচেঞ্জসমূহ বর্তমানে ঢাকা, চট্টগ্রাম, সিলেট, রাজশাহী, খুলনা, বরিশাল বিভাগসহ বেশ কিছু জেলা শহরে ট্রেডিং নেটওয়ার্ক বিস্তৃত করেছে। কিন্তু এ ক্ষেত্রে নতুন সিকিউরিটিজের যোগান ও বিনিয়োগকারীদের সচেতনতা ও সংশ্লিষ্ট বিষয়ে জ্ঞানার্জনের বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ। পুঁজিবাজার ও বিনিয়োগ বিষয়ে সচেতনতা বৃদ্ধির জন্য বিএসইসি, ডিএসই, সিএসই, মার্চেন্ট ব্যাংক ও বিআইসিএম প্রতিমাসে দুই বা তার অধিক সংখ্যক প্রশিক্ষণ কর্মসূচী পরিচালিত করে আসছে।

ভাল সিকিউরিটিজের যোগান বৃদ্ধিতে কার্যকর ভূমিকা রাখার লক্ষ্যে কমিশন ২০১২-২০১৩ অর্থ বছরে পুঁজিবাজারে আরও ৬টি মার্চেন্ট ব্যাংকার নিবন্ধন সনদ, ১ টি এ্যাসেট ম্যনেজম্যান্ট কোম্পানি সনদ, ২ টি সিকিউরিটি কাষ্টডিয়ান সনদ, ৫৪ টি স্টক ব্রোকার ও স্টক ডিলার সনদ এবং ২২টি ডিপজিটরি অংশ-গ্রহণকারীর এজেন্সী সনদ প্রদান করেছে।

মিউচ্যুয়াল ফান্ড পুঁজিবাজারের একটি গুরুত্বপূর্ণ ইন্সট্রুমেন্ট। দক্ষ বিনিয়োগ ব্যবস্থাপনার মাধ্যমে এই ধরনের ফান্ডগুলি পরোক্ষভাবে ক্ষুদ্র বিনিযোগকারীদের বিনিয়োগ ঝুঁকি তুলনামূলকভাবে হ্রাস করে থাকে। বাজারে এ ধরনের সিকিউরিটিজ বৃদ্ধির জন্য কমিশন বিশেষ গুরুত্ব দিয়েছে এবং এ জন্য বিধি-বিধান এর প্রযোজনীয় সংশোধন করেছে। ক্লোজড-এন্ড মিউচ্যুয়াল ফান্ড এর ম্যাচিউরিটি সীমা ১০ বছর নির্ধারণ করে দেয়া হয়েছে এবং যাদের এই সীমা ইতিমধ্যেই অতিক্রান্ত হয়েছে তাদের জন্য ম্যাচিউরিটি সীমা ৩১ ডিসেম্বর ২০১৩ স্থির করে দেয়া হয়েছে। ২০১২-২০১৩ সময়ে বাজারে ১ টি নতুন মিউচ্যুয়াল ফান্ড আইপিও এর মাধ্যমে স্টক এক্সচেঞ্জ এ তালিকাভূক্ত হয়েছে। মিউচ্যুয়াল ফান্ড এর পরিমাণ বৃদ্ধি পেলে তা মার্কেটের ঝুঁকি হ্রাস করতে তথা স্থিতিশীলতার আবহ সৃষ্টি করতে সাহায্য করবে।

জুলাই ২০১২ হতে জুন ৩০, ২০১৩ পর্যন্ত সময়ে পুঁজিবাজারে ১৩টি কোম্পানিতে শেয়ারে আইপিও (Initial Public Offer) এর মাধ্যমে নতুন বিনিয়োগ হয়েছে ৭০৮.৯০ কোটি টাকা (প্রিমিয়ামসহ)। উক্ত কোম্পানিসমূহের ৭০৮.৯০ কোটি টাকার (প্রিমিয়ামসহ) পুঁজি উত্তোলনের বিপরীতে সাধারণ পাবলিকের কাছ থেকে চাঁদা গ্রহণের পরিমাণ ছিল ৫১৩০.১৮৫ কোটি টাকা । এক্ষেত্রে কোম্পানিসমূহের শেয়ার ক্রয়ের জন্য কোম্পানি প্রতি সাধারণ বিনিয়োগকারীগণের গড় আবেদনের পরিমাণ ছিল তাদের জন্য নির্ধারিত পাবলিক ইস্যুর অঙ্কের ৭.২৪ গুণ যা প্রাথমিক বাজারে সিকিউরিটিজ এর চাহিদার পরিচায়ক। এছাড়া ৬টি কোম্পানিতে রাইট ইস্যুর মাধ্যমে বিনিয়োগ হয়েছে ১৬৬.৭২ কোটি টাকা। কমিশন জুলাই ২০১২-জুন ২০১৩ সময়ে ১১৭টি প্রাইভেট লি: এবং ৮০টি পাবলিক লি: কোম্পানির যথাক্রমে ৩০৩৬.৮৭ কোটি টাকা এবং ৮৪৮৫.৬৬ কোটি টাকার পেইড-আপ ক্যাপিটাল অনুমোদন করেছে।

জুন ২০১৩ পর্যন্ত সেন্ট্রাল ডিপজিটরি বাংলাদেশ লিঃ এ চালু বিও হিসাবের সংখ্যা ২৬.৪৫ লক্ষ, ৩০৮ টি সিকিউরিটি ডিপজিটরি ব্যবস্থার আওতায় এসেছে এবং ডিপজিটরী পার্টিসিপেন্টের সংখ্যা ৩৬৩টি। সেন্ট্রাল ডিপজিটরি বাংলাদেশ লিমিটেড (সিডিবিএল) এর সঠিক ব্যবস্থাপনা নিশ্চিত করণের লক্ষ্যে তাদেরকে নিয়মিত সিস্টেম অডিট করার জন্য এবং ডাটার সুরক্ষার জন্য দূর্যোগ মোকাবেলায় অন্য কোন বিভাগীয় শহরে রিকভারী সাইট স্থাপনের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।

বিগত বছরগুলির বাজার চিত্রে দেখা যায় যে, ২০১২-১৩ সালের শেষে বাজার মূলধন দেশের মোট জিডিপির ২৭.৩৮% (প্রত্যাশিত জিডিপি অনুযায়ী)। ২০১১-১২ এ ছিল ৩১.৬৪% ,২০১০-১১ এ ছিল

৪১.২২%, ২০০৯-২০১০ ছিল ৪৩.৯২%, ২০০৮-২০০৯ এ ছিল ১৯.৬%, ২০০৭-২০০৮ এ ছিল ১৭.০৬%, ২০০৬-২০০৭ এ ছিল ১০.০৭%, ২০০৫-২০০৬ এ ছিল ৫.১৮%, ২০০৪-২০০৫ এ ছিল ৫.৯৯% এবং ২০০৩-২০০৪ এ ছিল ৪.১০%। লক্ষ্য করা যায় যে, এই হার ক্রমবর্ধমান তবে ২০১২-২০১৩ এ মন্দা বাজারের ফলে তা কিছুটা কমেছে।

বাংলাদেশের পুঁজিবাজার মূলত: ইক্যুইটি নির্ভর হলেও আর্থিক বাজারের গভীরতা বৃদ্ধির জন্য বন্ড মার্কেট সক্রিয় করা প্রয়োজন। কমিশন বন্ড মার্কেটের উন্নয়নের জন্য Bangladesh Securities and Exchange Commission(Private Placement of Debt Securities), Rules, 2012 প্রনয়ন করেছে। বাজারে বন্ডের পরিমাণ বাড়ানোর জন্য এবং সরকারী বন্ডের পরিচিতি বাড়ানোর লক্ষ্যে ১ জানুয়ারী ২০০৫ হতে সরকারী বন্ডগুলিকে সেকেন্ডারী মার্কেটে বেচা-কেনার জন্য উন্মুক্ত করা হয়েছে। ৩০ জুন ২০১২ এ বাজারে তালিকাভূক্ত ৩ টি কর্পোরেট বন্ড, ৮টি ডিবেঞ্চার এবং ২২১টি ট্রেজারী বন্ড বিদ্যমান। এ সময়ে বাজারে তালিকাভুক্ত সকল কোম্পানির সিকিউরিটিজ এর বাজার মূলধন ২৫৩০২৪.৬ কোটি টাকা এবং ইস্যুকৃত মূলধন ৯৮৩৫৯.৪২ কোটি টাকা শুধু শেয়ারের ৩৮৯১০.২ কোটি টাকা, মিউচ্যুয়াল ফান্ড এর ৩৮৪৩.৬ কোটি টাকা এবং বন্ডের (ডিবেঞ্চার, টি-বন্ড, কর্পোরেট বন্ড) ৫৫,৬০৫.৫ কোটি টাকা। একটি কার্যকর বন্ড মার্কেট সৃষ্টির জন্য সরকার, বিএসইসি ও অন্যান্য সংশ্লিষ্ট পক্ষ প্রয়াস চালিয়ে যাচ্ছে।

ঢাকা স্টক এক্সচেঞ্জ এ তালিকাভুক্ত সিকিউরিটিজের সংখ্যা জুন ৩০, ২০১২ সালের ৫১১টি থেকে বেড়ে ২০১৩ সালের জুন ৩০ তারিখে ৫২৫ টিতে দাঁড়ায়। ৩০ জুন ২০১৩ তারিখে সকল সিকিউরিটিজের ইস্যুকৃত মূলধনের পরিমাণ দাঁড়ায় ৯৮৩৫৯.৪২ কোটি টাকা, যা ৩০ জুন ২০১২ এর ৯৩,৩৬২.৯৫ কোটি টাকার তুলনায় ৫.৩৫% বেশী। ৩০ জুন ২০১২ পর্যন্ত ঢাকা স্টক এক্সচেঞ্জ এ সকল সিকিউরিটিজের মোট বাজার মূলধনের পরিমাণ ছিল মোট ২,৪৯,১৬১.২৯ কোটি টাকা, যা (১.৫৫%) বৃদ্ধি পেয়ে ৩০ জুন ২০১৩ তারিখে ট্রেডিং শেষে দাঁড়ায় ২৫৩০২৪.৬০ কোটি টাকা। ঢাকা স্টক এক্সচেঞ্জের সার্বিক শেয়ার মূল্যসূচক ২০১২ সালের জুন শেষে ছিল ৪৫৭২.৮৮ যা জুন ৩০, ২০১৩ এ ৪.০৯% কমে দাঁড়ায় ৪৩৮৫.৭৭।

একইভাবে চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ এ তালিকাভুক্ত সিকিউরিটিজের সংখ্যা জুন ৩০, ২০১২ সালের ২৫১টি থেকে বেড়ে জুন ৩০, ২০১২ এ ২৬৬ টিতে দাঁড়িয়েছে। উক্ত এক্সচেঞ্জের তালিকাভুক্ত সকল সিকিউরিটিজের ইস্যুকৃত মূলধন ও ডিবেঞ্চারের পরিমাণ জুন ২০১২ এর শেষে ৩৭৫২২.০২ কোটি টাকা থেকে ১৪.২১% বৃদ্ধি পেয়ে ২০১৩ সালের ৩০ জুনে ৪২৮৫৬.৪৩ কোটি টাকায় দাঁড়ায়। চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জের সকল সিকিউরিটিজের মোট বাজার মূলধনের পরিমাণ জুন ২০১২ এর ১,৮৭,১৫৩.২৯ কোটি টাকা থেকে ২.৫৮% বেড়ে ৩০ জুন ২০১৩ এ দাঁড়ায় মোট ১৯১৯৮৯.০৭কোটি টাকায়। চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জের সকল শেয়ার মূল্যসূচক জুন ২০১১ শেষে ছিল ১৩,৭৩৬.৪২যা ৭.৮৪% কমে ৩০ জুন ২০১৩ শেষে ১২৭৩৮.২৩ দাঁড়ায় ।

দেশের অর্থনৈতিক সমৃদ্ধির জন্য পুঁজিবাজারের উন্নয়ন অপরিহার্য। সেই লক্ষ্য সামনে রেখে বাজারের বিভিন্ন উন্নয়নমূলক কাজের পাশাপাশি বাজার পরিস্থিতি বিবেচনায় বিভিন্ন সংস্কার মূলক কাজ চলমান রয়েছে। পুঁজিবাজারের প্রতি বিনিয়োগকারীদের আস্থার উন্নয়ন ঘটানো, বিনিয়োগকারীদের বিনিয়োগের নিরাপত্তাবৃদ্ধি এবং একটি স্থিতিশীল ও গভীরতর পুঁজিবাজার গঠনের লক্ষ্যে কমিশন বাজারের বিভিন্ন অংশগ্রহণকারীদের নিয়ে কাজ করে যাচ্ছে। এ দেশের পুঁজিবাজার শিল্পায়ন, কর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র বিমোচনের মাধ্যমে অর্থনীতিতে ভবিষ্যতে অধিকতর বলিষ্ঠ অবদান রাখতে সক্ষম হবে বলে আমি বিশ্বাস করি। দেশের অর্থনৈতিক উন্নয়নে পুঁজিবাজারের সমৃদ্ধির জন্য যারা কাজ করছেন এবং বাজারের সাথে যারা সংশ্লিষ্ট তাদের সকলকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন
চেয়ারম্যান

## ২. কমিশনের পরিচিতি

### চেয়ারম্যান ঃ

- অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন

### কমিশনার ঃ

- প্রফেসর মো. হেলাল উদ্দিন নিজামী
- জনাব মোঃ আমজাদ হোসেন
- জনাব আরিফ খান
- জনাব মোঃ আঃ সালাম সিকদার

## ৩. বাংলাদেশের অর্থনৈতিক নির্দেশক

| ক্রঃ নং | নির্দেশক | ২০০৭-২০০৮ | ২০০৮-২০০৯ | ২০০৯-২০১০ | ২০১০-২০১১ | ২০১১-২০১২ | ২০১২-২০১৩ |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | জিডিপি (চলতি বাজার মূল্যে) টা: কোটিতে | ৫৪৫৮২২ | ৬১৪৯৪৩ | ৬৯০৫৭১প্র | ৭৮৭৪৯৫ প্র | ৯১৪৭৮৪ প্র | ১০৩৭৯৮৭ প্র |
| ২ | জিডিপি বৃদ্ধি হার(১৯৯৫/১৯৯৬ স্থির মূল্যে) % | ৬.২১ | ৫.৮৮ | ৬.০০প্র | ৬.৬৬ | ৬.৩২ প্র | ৬.০৩ প্র |
| ৩ | শিল্পপণ্যের মূল্যসূচক | ৩৮৪.৮২ | ৪১৩.০০( | ৪৪২.১২ | ৫৮০.২৪ | ৫৫০.২১ প্র | |
| ৪ | বার্ষিক জিডিপি জনপ্রতি (ইউএস ডলার) | ৫৫৯ | ৬২০ | ৬৮৭ | ৭৪৮ | ৭৭২ | ৮৩৮ প্র |
| ৫ | বার্ষিক জিএনআই জনপ্রতি (ইউএস ডলার) | ৬০৮ | ৬৭৬ | ৭৫১ | ৮১৬ | ৮৪৮ | ৯২৩ প্র |
| ৬ | বার্ষিক জিএনপি (চলতি বাজার মূল্যে) টা: কোটিতে | ৫৯৪২১২ | ৬৭০৬৯৬ | ৭৫৮৯২৮ | ৮৬৯২১৭ | ১০০৪৭২৩ | ১,১৪২,৪৭৯ প্র |
| ৭ | ট্যাক্স ও জিডিপি অনুপাত % | ৮.৯৬ | ৯.০৩ | ৯.০৩ | ১০.০৪ | ১০.৫৩ | ১০.৮১ প্র |
| ৮ | বিনিয়োগ হার (জিডিপি এর %) | ২৪.২১ | ২৪.৩৭ | ২৪.৪১ | ২৫.১৫ | ২৫.৪৫ | ২৬.৮৪ প্র |
| | ক. পাবলিক সেক্টর | ৪.৯৫ | ৪.৭০ | ৫.০১ | ৫.৬৪ | ৬.৩০ | ৭.৮৫ প্র |
| | খ. প্রাইভেট সেক্টর | ১৯.২৫ | ১৯.৬৭ | ১৯.৪০ | ১৯.৫১ | ১৯.১৪ | ১৮.৯৯ প্র |
| ৯ | শিল্প প্রবৃদ্ধি হার (জিডিপি এর %) | ৭.২১ | ৬.৬৮ | ৬.৫০ | ৯.৪৫ | ৯.৭৬ | ১৯.২৫ প্র |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | ক. বৃহৎ ও মাঝারি শিল্প | ৭.২৬ | ৬.৫৮ | ৫.৯৮ | ১০.৯৪ | ১০.৭৮ | ২৯.৫১ প্র |
| | খ. ক্ষুদ্র শিল্প | ৭.১০ | ৬.৯ | ৭.৭৭ | ৫.৮৪ | ৭.১৮ | ৯.৩৪ প্র |
| ১০ | কৃষি প্রবৃদ্ধি হার (জিডিপি এর%) | ২.৯৩ | ৪.১০ | ৫.৫৬ | ৫.০৯ | ১.৭২ | ১.১৮ প্র |
| ১১ | সেবা (জিডিপি এর %) | ৪৯.৫০ | ৪৯.৭০ | ৪৯.৭৮ | ৪৯.৬০ | ৪৯.৪৫ | ৪৯.৩০ প্র |
| ১২ | রপ্তানী- পণ্য ও সেবা (জিডিপি এর %) | ১৭.৮০ | ১৭.৪০ | ১৬.২০ | ২০.৬০ | ১৩.৬০ | |
| ১৩ | আমদানী- পণ্য ও সেবা (জিডিপি এর %) | ২৪.৫০ | ২২.৭০ | ২১.৩০ | ২৭.১০ | ১৮.৪০ | |
| ১৪ | ডোমেষ্টিক সঞ্চয় হার (জিডিপি এর %) | ২০.৩১ | ২০.০৯ | ২০.১০ | ১৯.২৯ | ১৯.৩৭ | |
| ১৫ | জাতীয় সঞ্চয় হার (জিডিপি এর %) | ৩০.২১ | ২৯.৫৭ | ৩০.০২ | ২৮.৭৮ | ২৯.৪০ | |
| ১৬ | মোট অভ্যন্তরিন ঋণ (জিডিপি এর %) | ১৭.২২ | ১৭.৭২ | ১৬.৯২ | ১৭.৬৮ | | |
| ১৭ | মোট অর্থায়ন (জিডিপি এর %) | ৪.১৩ | ৩.৫৭ | ২.৬২ | ৩.৭৯ | | |
| ১৮ | বৈদেশিক সরাসরি বিনিয়োগ (ইউএস ডলার মিলিয়নে) | ৬৫০ | ৯৪১ | ৬৩৬ | ৭৬৮ | ৫৮০ (জুলাই-এপ্রিল) | ১,১০০ (জুলাই-এপ্রিল) |
| ১৯ | পোর্টফোলিও বিনিয়োগ (ইউএস ডলার মিলিয়নে) | ৪৮.০০ | -১৫৯.০০ | -১১৭.০০ | -২৮ | ১৪২ (জুলাই-এপ্রিল) | ১৯২ (জুলাই-এপ্রিল) |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ২০ | আভ্যন্তরীন ঋণ টা: কোটিতে | ২৪৮৭৬৭.৮০ | ২৮৮৫০৭.২০ | ৩৪০১৭৬.০০ | ৪৩৩৪১৯.২০ | ৪৯৯৫৩৬.০০ (এপ্রিল) | ৫৬৭,৫৬৭.৩০ (এপ্রিল) |
| ২১ | রাজস্ব সংগ্রহ টা: কোটিতে | ৪৭৪৩৫.৬৬ | ৫২৫২৭.২৫ | ৬২১৫৭.১৮ | ৮২৩২০.৬৮ | ৮০৪২২.৮৪ (জুলাই-মে) | ৯২,৮৯১.৫৬ (জুলাই-এপ্রিল) |
| ২২ | মনিটারী এগ্রিগেট (টা: কোটিতে) | | | | | | |
| | ক. ন্যারো মানি(M1) | ৫৯৮৪৯.৯০ | ৬৬৪২৬.৯০ | ৮৭৯৮৮.৩০ | ১০৩১০১.১০ | ১০৫৮৬৬.১০ (এপ্রিল) | ১১৮,৫৩৯.১০ (এপ্রিল) |
| | খ. ব্রড মানি(M2) | ২৪৮৭৯৪.৯০ | ২৯৬৪৯৯.৮০ | ৩৬৩০৩১.২০ | ৪৪০৫১৯.৯০ | ৪৯৩৮০৭.১০ (এপ্রিল) | ৫৮৫,১১৬.৮০ (এপ্রিল) |
| | গ. কারেন্সি ইন সার্কুলেশন | ৩৫৬৪৮.৫০ | ৩৯৪৪৮.৭০ | ৫০৪৬৫.৪০ | ৬০৫২৬.৯০ | ৬৩৭৯৭.১০ (এপ্রিল) | ৭৩,৫৬৯.৩০ (এপ্রিল) |
| ২৩ | রিজার্ভ মানি টা: কোটিতে | ৫২৭৮৯.৬০ | ৬৯৩৯০.০০ | ৮০৫১০.৩০ | ৯৭৪৯৩.৫০ | ৯১৬৯১.৮০ (এপ্রিল) | ১০৮,৯১৮.৫০ (এপ্রিল) |
| ২৪ | মানি সরবরাহ বৃদ্ধি (%) | ১৭.৬৩ | ১৯.১৭ | ২২.৪৪ | ২১.৩৪ | ১২.১০ | ১৩.১৫ |
| ২৫ | মনিটারী বেজ ও মানি সরবরাহ অনুপাত (%) | ২১.২২ | ২৩.৪০ | ২২.১৮ | ২২.১৩ | ১৮.৫৭ | ১৮.৬১ |
| ২৬ | রিজার্ভ মানি মাল্টিপল (গুণ) | ৪.৭১ | ৪.২৭ | ৪.৫১ | ৪.৫২ | ৫.৩৯ | ৫.৩৭ |
| ২৭ | ব্যাংক রেট (%) | ৫.০০ | ৫.০০ | ৫.০০ | ৫.০০ | ৫.০০ | ৫.০০ |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ২৮ | ডিপোজিট রেট (ওয়েটেড গড়) | ৭.৪৬ | ৮.২৬ | ৭.৪ | ৯.০৯ | ৮.১৭ (এপ্রিল) | ৮.৬৩ (মে) |
| ২৯ | কমার্শিয়াল লেন্ডিং রেট (ওয়েটেড গড়) | ১১.৮২ | ১৩.৪৬ | ১২.৩৬ | ১৩.৭৪ | ১৩.৭২ (এপ্রিল) | ১৩.৬৩ (মে) |
| ৩০ | লেন্ডিং ও ডিপোজিট রেট এর ব্যালান্স | ৪.৩৬ | ৫.২ | ৪.৯৭ | ৪.৬৫ | ৫.৫৫ (এপ্রিল) | ৫.০৬ (মার্চ) |
| ৩১ | কল মানি রেট (মাসিক গড়) | ৯.৭৪ | ১.৭১ | ৬.৬২ | ১০.৯৩ | ১৫.০৫ মে) | ৭.১৭(জুন) |
| ৩২ | মুদ্রাস্ফিতি (ওয়েটেড গড়) | ৯.৯৪ | ৬.৬৬ | ৭.৩১ | ৮.৮০ | ১০.৭৬ মে) | ৭.৮৫(এপ্রিল) |
| ৩৩ | ডলার কনভার্সন (মাস শেষে) ১ $=টাঃ | ৬৮.৫৩ | ৬৯.০৬ | ৬৯.৪৫ | ৭৪.১৫ | ৮১.৯৩ (জুন) | ৭৭.৭৮(জুন,৩০) |
| ৩৪ | আমদানী US মিলিয়নে | ২১৬২৯.০০ | ২২৫০৭.১০ | ২৩৭৩৮.৪০ | ৩৩৬৫৭.৫০ | ২৯৮৫৩.২০ (জুলাই-এপ্রিল) | ২৮,১৭২.৪০ (জুলাই-এপ্রিল) |
| ৩৫ | রপ্তানী US মিলিয়নে | ১৪১১০.৮০ | ১৫৫৬৫.১৯ | ১৬২০৪.৬৫ | ২২৯২৪.৩৮ | ১৯৭৭৭.০৪ (জুলাই-এপ্রিল) | ২১,৭৮৩.০৯ (জুলাই- এপ্রিল) |
| ৩৬ | ট্রেড ব্যালান্স (US মিলিয়নে) | (৭৫১৮.২০) | (৬৯৪১.৯১) | (৭৫৩৩.৭৫) | (১০৭৩৩.১২) | (১০০৭৬.১৬) | (৬,৩৮৯.৩১) |
| ৩৭ | বৈদেশিক মুদ্রার রিজার্ভ (US মিলিয়নে) | ৬১৪৮.৮২ | ৭৪৭০.৯৬ | ১০৭৪৯.৭৪ | ১০,৯১১.৫৫ | ৯৫২০.৪৩ (মে) | ১৪,৫৩১.৪২ ( মে) |
| ৩৮ | রেমিটেন্স (US মিলিয়নে) | ৭৯১৪.৭৮ | ৬৯৮৯.২৬ | ১০৯৮৭.৪০ | ১১৬৫০.৩২ | ১১৭৭২.৫৭ (জুলাই-মে) | ১৩,৪০২.৯০ (জুলাই-মে) |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ৩৯ | সরকারের ঋণ: | | | | | | |
| | ক. বাংলাদেশ ব্যাংক | ২৫৫২৩.৮০ | ২৮৪৭৯.২০ | ২১৭৯৩.৩০ | ৩১৩৫৮.১০ | ৩৩৫০৪.৫০ (এপ্রিল) | ২৯,৫৭৫.৫০ (এপ্রিল) |
| | খ. ডিপোজিট মানি ব্যাংকস | ৩৬৬৮১.৩০ | ৪৭৫৪২.৩০ | ৫২২৫২.৭০ | ৬৬৩০৬.১০ | ৮২৯৬৭.৪০ (এপ্রিল) | ১০৪,০৪৯.৪০ (এপ্রিল) |

উৎসঃ ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ (বাংলাদেশ ব্যাংক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এর তথ্যের সহয়তায় )

# ৪. বিশ্বব্যাপী পুঁজিবাজার

বিশ্বের বিভিন্ন দেশের পুঁজিবাজার, অর্থনীতিতে পরিবর্তন ও বাণিজ্য ভারসাম্য

| | | | | জুন ২০১২ এর তুলনায় জুন ২০১৩ এ পরিবর্তন | | | বার্ষিক সুদের হার |
|---|---|---|---|---|---|---|---|
| দেশ | জুন ২০১৩ | পিই অনুপাত | মার্কেট ইল্ড | সূচক পরিবর্তন (%) | GDP পরিবর্তন বর্তমান মূল্যে (%) | মুদ্রাস্ফীতি (%) | (স্বল্প মেয়াদি) (%) |
| বাংলাদেশ (DSE GEN) | ৪,৩৮৫.৭৭ | ১৪.৪৮ | ৩.৬৫ | ১.০০ | ১৪.৮২ | (২৬.০৮) | ১২.১৬ |
| ইন্ডিয়া (BSE 30) | ১৮,৫৫২.১০ | ১৬.১২ | ১.৫৩ | (১৩.৬০) | ৪.৮০ | ৯.৩০ | ৭.৫৮ |
| পাকিস্তান (Karachi 100) | ২১,০০২.৬০ | | | ২২.১০ | ৪.২০ | ৫.১০ | ১০.৮৬ |
| ইন্দোনেশিয়া (Jakarta Composite) | ৪,৫৮৭.৭০ | | | ৩.২০ | ৬.০০ | ৫.৫০ | প্রযোজ্য নয় |
| মালয়েশিয়া (KLSE Composite) | ১,৭৪০.৮০ | ১৬.০০ | ২.৯০ | (১.৬০) | ৪.১০ | ১.৮০ | ৩.৬৯ |
| থাইল্যান্ড(SET) | ১,৪২৪.৪০ | ১৪.০০ | ২.৯০ | ০.৫০ | ৫.৪০ | ২.৩০ | ৩.৭৭ |
| তাইওয়ান (তাইওয়ান ওয়েটেড) | ৭,৭৮৪.৮০ | ১৬.০০ | ২.৯০ | (২.৪০) | ১.৭০ | ০.৭০ | ১.৪৩ |
| জাপান (Nikkei 225) | ১২,৮৩৪.০০ | ২১.০০ | ১.৮০ | ৯.৬০ | ০.৪০ | (০.৭০) | ০.৮৭ |
| হংকং (Hang Seng) | ২০,৩৩৮.৬০ | ১৫.০০ | ২.৬০ | (১০.৩০) | ২.৮০ | ৩.৯০ | ২.১৬ |
| সিঙ্গাপুর (Straits Times) | ৩,১০৪.৪০ | ১২.০০ | ৩.২০ | (৫.৯০) | ০.২০ | ১.৬০ | ২.৭৩ |
| জার্মানী (DAX) | ৭,৯৪১.০০ | | | ২.৯০ | (০.৩০) | ১.৫০ | ১.৭৭ |
| ইউকে (FTSE 100) | ৬,১৬৫.৫০ | | | (১.৪০) | ০.৬০ | ২.৭০ | ২.৬৪ |
| ইউএসএ (DJIA) | ১৪,৯১০.১০ | | | ১৩.৮০ | ১.৬০ | ১.৪০ | ২.৫৪ |

এশিয়া প্যাসেফিক কয়েকটি দেশের আভ্যন্তরিন পুঁজিবাজার মূলধন ও জিডিপি

| | বাজার মূলধণ (US in bn) | জিডিপি (US in bn) | বাজার মূলধন ও জিডিপি অনুপাত |
|---|---|---|---|
| দেশ | জুন ২০১৩ | জুন ২০১৩ | |
| বাংলাদেশ (DSE) | ৩২.৫৪ | ১১১.৮৬ | ২৯.০৯ |
| ইন্ডিয়া (BSE) | ১,০৭৭.৮৫ | ১,৯৪৬.৭৭ | ৫৫.৩৭ |
| পাকিস্তান (Karachi 100) | ৫১.৬৪ | ২৩০.৫৩ | ২২.৪০ |
| শ্রীলঙ্কা ( Colombo SE) | ১৮.০৩ | ৫৯.৭৭ | ৩০.১৬ |
| ইন্দোনেশিয়া (SE) | ৪৭৭.৫৪ | ৮৯৪.৮৫ | ৫৩.৩৭ |
| বার্সা মালয়েশিয়া | ৪৯০.৮৩ | ৩০৭.১৮ | ১৫৯.৭৯ |
| থাইল্যান্ড (SE) | ৪০৮.৪৯ | ৩৭৬.৯৯ | ১০৮.৩৬ |
| তাইওয়ান (SE Corp.) | ৭৫৪.৩৪ | ৪৬৬.০৫ | ১৬১.৮৬ |
| ফিলিপাইন (SE) | ২৩১.৩৫ | ২৪০.৬৬ | ৯৬.১৩ |
| জাপান (SE) | ৪,০২৬.০৭ | ৫,৯৮৪.৩৯ | ৬৭.২৮ |
| হংকং এক্সচেঞ্জ | ২,৬৬৯.৬০ | ২৫৭.৯৫ | ১০৩৪.৯২ |
| সিঙ্গাপুর এক্সচেঞ্জ | ৭৫২.০৩ | ২৬৭.৯৪ | ২৮০.৬৭ |

উৎসঃ ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ (বিভিন্ন আর্ন্তজাতিক উৎসের সহয়তায়)

# ৫. বাংলাদেশের পুঁজিবাজার

## বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন:

দীর্ঘমেয়াদী অর্থায়নের উৎস হিসাবে পুঁজিবাজার একটি দেশের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। একটি নিরপেক্ষ, দক্ষ ও স্বচ্ছ পুঁজিবাজার কোন দেশের শিল্পায়ন ও অর্থনৈতিক উন্নয়নে অপরিহার্য। এরূপ একটি নিরপেক্ষ, দক্ষ, স্বচ্ছ ও জবাবদিহিতামূলক পুঁজিবাজার সৃষ্টির উদ্দেশ্যে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ এর অধীনে ৮ জুন, ১৯৯৩ সালে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন প্রতিষ্ঠা করা হয়, যার মূল উদ্দেশ্যসমূহ নিম্নরূপ:

- সিকিউরিটিজে বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ;
- সিকিউরিটিজ মার্কেটের উন্নয়ন; এবং
- এতদসংক্রান্ত বিষয়াবলী বা তদধীনে আনুষঙ্গিক বিধান প্রণয়ন ।

কমিশন পুঁজিবাজার সংশ্লিষ্ট আইনের অধীনে প্রয়োজনীয় বিধিমালা ও প্রবিধানমালা প্রণয়ন করে থাকে এবং ইস্যুয়ার কোম্পানি, স্টক এক্সচেঞ্জ ও পুঁজিবাজারের সাথে সম্পৃক্ত বিভিন্ন মধ্যস্থতাকারী ব্যক্তি বা প্রতিষ্ঠানসমূহ কর্তৃক তার যথাযথ পরিপালন নিশ্চিত করার মাধ্যমে পুঁজিবাজার নিয়ন্ত্রণ করে থাকে।

কমিশন একজন চেয়ারম্যান ও চারজন কমিশনার সমন্বয়ে গঠিত যাঁরা আইন মোতাবেক একটি নির্দিষ্ট মেয়াদে সরকার কর্তৃক নিযুক্ত হয়ে থাকেন এবং তাঁদের চাকুরীর শর্তাবলী সরকার কর্তৃক স্থিরীকৃত হয়। কমিশনের প্রধান নির্বাহী হিসাবে দায়িত্ব পালন করেন কমিশনের চেয়ারম্যান।

## ঢাকা স্টক এক্সচেঞ্জ (ডিএসই) লিঃ :

ডিএসই বাংলাদেশের পুঁজিবাজারে প্রাচীনতম প্রতিষ্ঠান। ২৮ এপ্রিল ১৯৫৪ সালে উক্ত স্টক এক্সচেঞ্জ প্রতিষ্ঠিত হলেও কার্যক্রম শুরু হয় ১৯৫৬ সালে। ২৫ সদস্য বিশিষ্ট পরিচালনা পর্ষদ ডিএসই'র কার্যক্রম পরিচালনা করেন। ১২ জন সদস্য এক্সচেঞ্জ সদস্যদের মধ্য হতে নির্বাচিত হন এবং অপর ১২ জন, কমিশনের অনুমোদনক্রমে, নির্বাচিত সদস্যগণ কর্তৃক মনোনীত হন যারা এক্সচেঞ্জের সদস্য নহেন এবং সিইও পদাধিকার বলে পর্ষদ সদস্য। বর্তমানে ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ এর মোট সদস্য সংখ্যা ২৫০, যাদের মধ্যে ২২৯টি সদস্য কমিশন হতে সিকিউরিটিজ লেনদেনের জন্য নিবন্ধন সনদপ্রাপ্ত। বর্তমানে ডিএসই তার অনলাইন ট্রেডিং কার্যক্রম দেশের বিভাগীয় শহরসহ বেশ কিছু জেলা শহরে বিস্তৃত করেছে যেমন গাজীপুর, নারায়নগঞ্জ, কুমিলা, ফেনী, হবিগঞ্জ, মৌলভীবাজার, ময়মনসিংহ, সাভার, চট্টগ্রাম, খুলনা, সিলেট, কুষ্টিয়া, বরিশাল, রাজশাহী ও বগুড়া।

৩০ শে জুন ২০১৩ তারিখে ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ এর তালিকাভুক্ত সিকিউরিটির সংখ্যা ৫২৫টি, যার বিপরীতে ইস্যুকৃত মূলধন এর পরিমাণ ৯৮৩,৫৯.৪২ কোটি টাকা এবং বাজার মূলধন এর পরিমাণ ২৫৩০২৪.৬ কোটি টাকা **(পরিশিষ্ট-২)**।

## চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ (সিএসই) লিঃ :

বাংলাদেশের পুঁজিবাজারে দ্বিতীয় স্টক এক্সচেঞ্জ হিসাবে ১৯৯৫ সালে সিএসই প্রতিষ্ঠিত হয়। ২৫ সদস্য বিশিষ্ট পরিচালনা পর্ষদ সিএসই'র কার্যক্রম পরিচালনা করেন। ১২ জন সদস্য এক্সচেঞ্জ সদস্যদের মধ্য হতে নির্বাচিত হন এবং অপর ১২ জন, কমিশনের অনুমোদনক্রমে, নির্বাচিত সদস্যগণ কর্তৃক মনোনীত হন যারা এক্সচেঞ্জের সদস্য নহেন এবং সিইও পদাধিকার বলে পর্ষদ সদস্য। বর্তমানে চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ এর মোট সদস্য সংখ্যা ১৪৮, যাদের মধ্যে ১৩৮ টি সদস্য কমিশন হতে সিকিউরিটিজ লেনদেনের জন্য নিবন্ধন সনদপ্রাপ্ত। বর্তমানে সিএসই তার অনলাইন ট্রেডিং কার্যক্রম দেশের বিভাগীয় শহরসহ বেশ কিছু জেলা শহরে বিস্তৃত করেছে যেমন চট্টগ্রাম, ঢাকা, নারায়নগঞ্জ, ফেনী, সিলেট, চৌমুহনী, নোয়াখালী, কক্সবাজার, খুলনা, যশোর, বরিশাল ও রাজশাহী। এছাড়া সিএসই ইন্টারনেট ট্রেডিং সিস্টেম চালু করেছে যার মাধ্যমে বিনিয়োগকারীগণ যে কোন স্থান থেকে উক্ত ইন্টারনেট ট্রেডিং সিস্টেমের মাধ্যমে সিএসই তে সিকিউরিটিজ কেনা-বেচা করতে পারেন।

৩০ শে জুন ২০১৩ তারিখে চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ এর তালিকাভুক্ত সিকিউরিটির সংখ্যা ২৬৬টি, যার বিপরীতে ইস্যুকৃত মূলধন এর পরিমাণ ৪২৮৫৬.৪৩ কোটি টাকা এবং বাজার মূলধন এর পরিমাণ ১৯১৯৮৯.০৭ কোটি টাকা **(পরিশিষ্ট-৩)**।

## ওভার-দি-কাউন্টার মার্কেট বা OTC মার্কেট:

স্টক এক্সচেঞ্জের বাইরে ক্রেতা এবং বিক্রেতার পারস্পারিক সমঝোতার ভিত্তিতে কোন মধ্যস্থতাকারী ব্যতিরেকে OTC মার্কেটে অনুমোদিত অ-তালিকাভুক্ত কোম্পানিসমূহের শেয়ার কেনা-বেচা হয়ে থাকে। স্টক এক্সচেঞ্জ হতে তালিকাচ্যুত ও কমিশনের সম্মতিপ্রাপ্ত অ-তালিকাভুক্ত কোম্পানিসমূহের শেয়ার উক্ত মার্কেটে লেনদেন করা যায়। চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ এর OTC মার্কেটে এরূপ শেয়ার লেনেদেনের সুযোগ রয়েছে । Securities and Exchange Commission (Over-the-Counter) Rules, 2001 এর অধীনে চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জে OTC মার্কেট প্রতিষ্ঠিত হয়। কমিশনের নির্দেশক্রমে ৬ সেপ্টেম্বর ২০০৯ এ ঢাকা স্টক এক্সচেঞ্জ ও-টি-সি মার্কেট চালু করে। OTC মার্কেটের সেটেলমেন্ট পদ্ধতি স্টক এক্সচেঞ্জের অনুরূপ। ডিএসই ও সিএসই এর ওটিসি মার্কেটে ৩০ জুন ২০১৩ তারিখে অনুমোদিত কোম্পানির তালিকা **পরিশিষ্ট-৮** তে প্রদান করা হয়েছে।

## তালিকাভুক্ত কোম্পানিসমূহের ক্যাটাগরাইজেশন:

তালিকাভুক্ত কোম্পানিসমূহের মুনাফা প্রদান, বাণিজ্যিক কর্মকান্ড, এজিএম অনুষ্ঠান, সিকিউরিটিজ ডিম্যাটকরন এবং পুঁঞ্জিভূত লোকসান পরিশোধিত মূলধনের চেয়ে বেশী হওয়া ইত্যাদি বিবেচনায় তালিকাভুক্ত কোম্পানিসমূহকে A, B, G, N এবং Z ক্যাটাগরিতে বিভক্ত করা হয়। এই ক্যাটাগরাইজেশন বিনিয়োগকারীদের সিকিউরিটিজ এর গুণাগুণ সম্পর্কে অবহিত হয়ে বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণে সহায়তা করে।

প্রতিবেদনাধীন অর্থবছরে তালিকাভুক্ত কোম্পানিসমূহের মধ্যে "A" ক্যাটাগরিভুক্ত কোম্পানির সংখ্যা গত বছরের তুলনায় বৃদ্ধি পেয়েছে । "B" ও "Z" ক্যাটাগরি কোম্পানির সংখ্যা গত বছরের তুলনায় বৃদ্ধি পেয়েছে যা নিম্নের ছকে প্রতীয়মান হয়:

| ক্যাটাগরি | ক্যাটাগরি নিরূপণের ক্রাইটেরিয়া | কোম্পানির সংখ্যা (অর্থ বছর ২০১১-১২) | কোম্পানির সংখ্যা (অর্থ বছর ২০১২-১৩) |
|---|---|---|---|
| "A" | নিয়মিত বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হওয়া, ১০% বা ততোধিক হারে লভ্যাংশ ঘোষণা । | ২৪২ | ২৫০ |
| "B" | নিয়মিত বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠান, ১০% এর কম লভ্যাংশ ঘোষণা । | ১৫ | ১৯ |

| | | | |
|---|---|---|---|
| "G" | যে সকল কোম্পানি এখনও বাণিজ্যিক কার্যক্রম শুরু করেনি। | ০ | ০ |
| "N" | স্টক এক্সচেঞ্জে সদ্য তালিকাভুক্ত কোম্পানিসমূহ তালিকাভুক্তির পর হতে বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠান না হওয়া পর্যন্ত সময়কাল "এন" ক্যাটাগরিভুক্ত হয়। | ৬ | ৬ |
| "Z" | নিয়মিত বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠানে ব্যর্থতা বা কোনরূপ লভ্যাংশ প্রদান না করা, বা পুঞ্জিভূত লোকসান পরিশোধিত মূলধনকে ছাড়িয়ে যাওয়া, বা ছয় মাসের অধিক সময়ের জন্যে বাণিজ্যিক কার্যক্রম স্থগিত বা বন্ধ থাকা । | ১৯ | ২১ |

**ডেরিভেটিভস:**

পুঁজিবাজারে আগাম ক্রয়-বিক্রয় চুক্তির মাধ্যমে ঝুঁকিহ্রাসকৃত সিকিউরিটিজে বিনিয়োগের সুযোগ সৃষ্টির জন্য ডেরিভেটিভ প্রোডাক্টস প্রয়োজন। সম্প্রতি মহান জাতীয় সংসদ কর্তৃক Securities and Exchange Ordinance, 1969 সংশোধনের জন্য Securities and Exchange (Amendment) Act, 2012 প্রনীত হওয়ায় বাংলাদেশের পুঁজিবাজারে ডেরিভেটিভ ইন্সট্রুমেন্ট চালুর সুযোগ সৃষ্টি হয়েছে। সিএসই ডেরিভেটিভ প্রোডাক্টস এর উপর প্রশিক্ষণ এর আয়োজন করে যাচ্ছে যাতে এ বিষয়ে বাজারের বিভিন্ন পক্ষের মধ্যে সচেতনতা ও জ্ঞান বৃদ্ধি পায়। কমিশন এ সংক্রান্ত আইনগত বিষয়সমূহ খতিয়ে দেখছে যাতে ডেরিভেটিভ ইন্সট্রুমেন্ট চালুর ব্যাপারে প্রয়োজনীয় বিধিমালা প্রণয়ন করা যায়।

**বন্ড মার্কেট :**

বাংলাদেশের পুঁজিবাজার মূলতঃ ইক্যুইটি সিকিউরিটিজ নির্ভর। বর্তমানে মাত্র ৮টি কোম্পানির ১৪ কোটি টাকার ডিবেঞ্চার স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত রয়েছে। সরকারি বন্ড পরিচিতি এবং বাজারের গভীরতা বাড়াতে বিগত ১ জানুয়ারি, ২০০৫ তারিখ থেকে ঢাকা স্টক এক্সচেঞ্জে সরকারি ট্রেজারী বন্ড লেনদেন শুরুর ব্যবস্থা করা হয়েছে। তবে উক্ত স্টক এক্সচেঞ্জ এ আলোচিত অর্থ বছরে কোন লেনদেন সংঘটিত হয় নাই।

৩০ জুন ২০১৩ তারিখ পর্যন্ত ঢাকা স্টক এক্সচেঞ্জে ২২১টি সরকারি ট্রেজারী বন্ড, ৩টি কর্পোরেট বন্ড, ৮টি ডিবেঞ্চার রয়েছে যার বাজার মূলধন ৫৫,৫৭৪.৯৭ কোটি টাকা। তবে এখনও বন্ড মার্কেটের জনপ্রিয়তা

তেমন গড়ে উঠে নাই। ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ ব্যাংক, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এবং জাতীয় রাজস্ব বোর্ড বন্ড মার্কেটের উন্নয়নের জন্য যৌথভাবে কাজ করছে।

## Investors Protection Fund:

বিনিয়োগকারীগণের স্বার্থ সংরক্ষণের জন্য Dhaka/Chittagong Stock Exchange Investors Protection Fund Regulations, 1999 এর অধীন উভয় স্টক এক্সচেঞ্জে Investors Protection Fund এর ব্যবস্থা রয়েছে। কোন স্টক ব্রোকার যদি আদালত কর্তৃক দেউলিয়া (insolvent) ঘোষিত কিংবা স্বেচ্ছাকৃত বা অন্য কোন কারণে উহা অবলুপ্তির (winding up) ফলে গ্রাহকের পাওনা পরিশোধে ব্যর্থ হয় সেক্ষেত্রে সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জ উক্ত তহবিল থেকে ক্ষতিগ্রস্থ বিনিয়োগকারীদের ক্ষতিপূরণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করে থাকে। ৩০শে জুন, ২০১৩ তারিখে সমাপ্ত অর্থ বছরে আর্থিক বিবরণী অনুযায়ী ডিএসইতে Investors Protection Fund এ জমাকৃত অর্থের পরিমান 5,72,99,912.00 টাকা এবং ৩০ শে জুন ২০১৩ তারিখে সমাপ্ত অর্থ বছরের আর্থিক বিবরণী অনুযায়ী সিএসইতে Investors Protection Fund এ জমাকৃত অর্থের পরিমাণ ৭২,৩৪১৭২.০০ টাকা। ২০১২-২০১৩ অর্থ বছরে ডিএসই ও সিএসইতে বিনিয়োগকারী কর্তৃক Investors Protection Fund এর বিপরীতে কোন ধরনের ক্ষতিপূরন আদায়ের দাবী উপস্থাপিত হয়নি।

## প্রাতিষ্ঠানিক সুশাসন:

কমিশন কর্পোরেট গভর্নেন্স গাইডলাইন ২০০৬ সংস্কার করে কর্পোরেট গভর্নেন্স গাইডলাইন ২০১২ প্রনয়ন করেছে। প্রাতিষ্ঠানিক সুশাসন এর উন্নয়নকল্পে তালিকাভূক্ত কোম্পানিসমূহ উক্ত কর্পোরেট গভর্ন্যান্স গাইড লাইন সঠিকভাবে পরিপালন করছে কিনা তা কমিশন মনিটর করে থাকে। এই গাইড লাইনে কোম্পানির বোর্ড এ সদস্য সংখ্যা ৫-২০ নির্ধারণ, ইনডিপেন্ডেন্ট ডিরেক্টর সংখ্যা এক পঞ্চমাংশ, কোম্পানি সচিব, প্রধান অর্থ কর্মকর্তা, অডিট ও অভ্যন্তরীণ নিয়ন্ত্রণে বিভাগীয় প্রধান নিয়োগের বাধ্যবাধকতা রয়েছে । গাইড লাইন অনুসারে চেয়ারম্যান এবং প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) আলাদা ব্যক্তি হবেন। উক্ত গাইড লাইন অনুযায়ী উল্লিখিত বিষয়াবলীর পরিপালন সম্পর্কিত তথ্য বার্ষিক প্রতিবেদনে অন্তর্ভুক্ত থাকার বিধান রয়েছে। কমিশন উক্ত গাইডলাইনস্ এর পরিপালন নিশ্চিত করে থাকে।

## ইন্টারনেটে সিকিউরিটিজ সংশ্লিষ্ট কার্যক্রম:

ইন্টারনেটের মাধ্যমে পুঁজিবাজার সংক্রান্ত বিশেষ করে বিনিয়োগ বিষয়ে তথ্য প্রবাহ, মূল্য সংযোজিত তথ্য সেবা এবং সিকিউরিটিজ সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রম নিয়মতান্ত্রিকভাবে সংঘটিত হলে পুঁজিবাজারে অংশগ্রহণকারী বিভিন্ন ব্যক্তি/সংস্থা/প্রতিষ্ঠান নানাভাবে উপকৃত হবে। এ লক্ষ্যে বিএসইসি ইন্টারনেটে সিকিউরিটিজ সংশ্লিষ্ট কার্যক্রম সুষ্ঠুভাবে চালু করার প্রয়োজনে "Securities Activities Over Internet" শীর্ষক একটি বিধিমালা/গাইডলাইন তৈরীর জন্য কাজ করছে।

## পুঁজিবাজারের সম্প্রসারণ ও ভবিষ্যৎ:

বাংলাদেশের পুঁজিবাজার একটি দ্রুত বর্ধনশীল পুঁজিবাজার। ১৯৫৬ সাল থেকে পুঁজিবাজারের শুরু হলেও এর দ্রুত বৃদ্ধি ঘটতে থাকে ১৯৯৩ সালে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন প্রতিষ্ঠার পর থেকে । ২০০০ সালে যেখানে বাজার মূলধন ছিল দেশের জিডিপি'র ২.২৪% সেখানে জুন ২০১৩ শেষে সেটি দাঁড়িয়েছে ২৭.৩৮% যদিও মন্দাবাজারের কারনে তা কমেছে। দেশের প্রধান পুঁজিবাজার ঢাকা স্টক এক্সচেঞ্জে যেখানে দৈনিক লেনদেন হতো ১০/১৫ কোটি টাকা সেখানে তা প্রায় গড় ৩৬৫ কোটি টাকায় পৌঁছেছে। লেনদেনের নেটওয়ার্কের পরিধি ঢাকা ও চট্টগ্রাম ছাড়িয়ে দেশের ৬টি বিভাগেই বিস্তৃত হয়েছে। শুধু তাই নয়, বিভিন্ন জেলা শহরে ও অন্যান্য গুরুত্বপূর্ণ স্থানেও ক্রমাগত সম্প্রসারিত হচ্ছে। তবে শুধু লেনদেনের নেটওয়ার্কের পরিধি বিস্তৃত হলেই যথেষ্ট নয়, প্রয়োজন এ বিষয়ে বিশেষ করে বিনিয়োগকারীগণের জন্য সংশ্লিষ্ট বিষয়ে জ্ঞান বৃদ্ধি করা এবং তাদের মৌলভিত্তিক বিনিয়োগ প্রবনতা গড়ে উঠা যা তাদেরকে অযাচিত ক্ষতির হাত থেকে অনেকাংশে রক্ষা করবে ।

বিএসইসি, ডিএসই, সিএসই, বিআইসিএম ও মার্চেন্ট ব্যাংকারসহ অন্যান্য বাজার মধ্যস্থতাকারীরা নিয়মিত বিনিয়োগকারীদের জন্য সংশিষ্ট বিষয়ে প্রশিক্ষণ কর্মসূচী চালিয়ে যাচ্ছে। ব্যাপক পরিসরে প্রশিক্ষণ কার্যক্রম চালানোর জন্য Bangladesh Institute of Capital Market(BICM) এর সক্ষমতা বৃদ্ধির জন্য কাজ করে যাচ্ছে।

পুঁজিবাজারের গভীরতা বৃদ্ধির জন্য বন্ড মার্কেট এর উন্নয়নের লক্ষ্যে এবং ডেরিভেটিভ মার্কেট শুরুর লক্ষ্যে কাজ চলছে। আশা করা যায় আগামী বছরগুলিতে এই ক্ষেত্রগুলির বিশেষ উন্নতি ঘটবে।

বর্তমানে একটি অটোমেটেড ক্লিয়ারিং ও সেটেলমেন্ট সিস্টেম প্রতিষ্ঠার জন্য কাজ চলছে। এটি প্রতিষ্ঠিত হলে লেনদেনের চুড়ান্ত নিষ্পত্তির সময় আরও কমে আসবে এবং স্বাভাবিকভাবেই পুঁজিবাজারের অর্থনৈতিক কার্যক্রমকে তা আরও গতিশীল করবে।

সর্বোপরি কমিশন কর্তৃক প্রনীত দীর্ঘ ১০-সালা পরিকল্পনা বাস্তবায়িত হলে বাজারের মৌলিক সমস্যাগুলি দূরীভূত হবে এবং বাজার অধিকতর সমৃদ্ধ ও শক্তিশালী হবে।

বিগত কয়েক বছরে ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ এর বাজার মূলধন এবং জিডিপি'র অনুপাতে বাজার মূলধন এর হার নিম্নের চিত্রে তুলে ধরা হ'ল-






## ৬. ক্যাপিটাল মার্কেট রেগুলেটরী রিফরমস এ্যান্ড কমপ্লায়েন্স

### আইনগত বিধি-বিধান ও কার্যক্রম

জুলাই, ২০১২-জুন, ২০১৩ সময়ে পুঁজিবাজার সংশ্লিষ্ট নিম্মোক্ত সংশোধনী/আদেশ/নির্দেশনা জারি করা হয়েছেঃ

| ক্রমিক নং | বিষয় | শ্রেণী বিভাগ | সূত্র নং |
|---|---|---|---|
| ১ | পুঁজিবাজারে ক্ষতিগ্রস্থ বিনিয়োগকারীদের জন্য বিশেষ স্কীম কমিটির সুপারিশের প্রেক্ষিতে সরকারের সিদ্ধান্ত বাস্তবায়ন এর লক্ষ্যে ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড এবং ইহার আওতাধীন সংশ্লিষ্ট সকল স্টক ব্রোকারকে নির্দেশনা। | নির্দেশনা | এসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/১৩০ তারিখঃ ১০ জুলাই ২০১২ |
| ২ | পুঁজিবাজারে ক্ষতিগ্রস্থ বিনিয়োগকারীদের জন্য বিশেষ স্কীম কমিটির সুপারিশের প্রেক্ষিতে সরকারের সিদ্ধান্ত বাস্তবায়ন এর লক্ষ্যে চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড এবং ইহার আওতাধীন সংশ্লিষ্ট সকল স্টক ব্রোকারকে নির্দেশনা। | নির্দেশনা | এসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/১৩১ তারিখঃ ১০ জুলাই ২০১২ |
| ৩ | পুঁজিবাজারে ক্ষতিগ্রস্থ বিনিয়োগকারীদের জন্য বিশেষ স্কীম কমিটির সুপারিশের প্রেক্ষিতে সরকারের সিদ্ধান্ত বাস্তবায়ন এর লক্ষ্যে মার্চেন্ট ব্যাংকার্স এসোসিয়েশন এবং মার্চেন্ট ব্যাংকারসমূহকে নির্দেশনা। | নির্দেশনা | এসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/১৩২ তারিখঃ ১০ জুলাই ২০১২ |

| | | | |
|---|---|---|---|
| ৪ | Corporate Governance Guidelines. | Notification | SEC/CMRRCD/ 2006-158/134/ Admin/44<br>Dated: 07 August 2012 |
| ৫ | পুঁজিবাজারে ক্ষতিগ্রস্থ বিনিয়োগকারীদের জন্য বিশেষ স্কীম কমিটির সুপারিশের প্রেক্ষিতে সরকারের সিদ্ধান্ত বাস্তবায়নের সময় বর্ধিত করণ। | নির্দেশনা | এসইসি/সিএমআরআরসিডি /২০০৯-১৯৩/১৩৪ তারিখঃ ০৬ সেপ্টেম্বর ২০১২ |
| ৬ | Regarding limit of credit facilities provided by the members of the stock exchanges. | Directive | SEC/CMRRCD/ 2009-193/135<br>Dated: September 30, 2012 |
| ৭ | মার্চেন্ট ব্যাংকার (পোর্টফোলিও ম্যানেজার) কর্তৃক উহার মক্কেলদেরকে বিতরণযোগ্য মার্জিন ঋণের হার প্রসঙ্গে। | আদেশ | এসইসি/সিএমআরআরসি/ ২০০৯-১৯৩/১৩৬ তারিখঃ সেপ্টেম্বর ৩০, ২০১২ |
| ৮ | Securities and Exchange Commission (Private Placement of Debt Securities) Rules, 2012. | Notification | SEC/CMRRCD/ 2009-194/138/Admin/46<br>Dated: October 29, 2012 |
| ৯ | Repeal of clause 2 of the directive No. SEC/CMRRCD/ 2001-43/169 dated October 01, 2009. | Directive | SEC/CMRRCD/ 2009-193/140<br>Dated: November 28, 2012 |

| | | | |
|---|---|---|---|
| ১০ | আদেশ নং- এসইসি/সিএমআরআরসিডি/ ২০০১-৫০/১৬৭ তারিখ অক্টোবর ০১, ২০০৯ বাতিল করা। | আদেশ | এসইসি/সিএমআরআরসি/ ২০০৯-১৯৩/১৩৯ তারিখ: নভেম্বর ২৮, ২০১২ইং |
| ১১ | Non-Discretionary Portfolio Management-এর ক্ষেত্রে অমনিবাস হিসাব থেকে গ্রাহকের পৃথক বিও হিসাব-এ রূপান্তর। | নির্দেশনা | এসইসি/সিএমআরআরসিডি /২০০৯-১৯৩/১৪২ তারিখ: ডিসেম্বর ৩০, ২০১২ |
| ১২ | সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ এর সংশোধনী। | প্রজ্ঞাপন | এসইসি/সিএমআরআরসিডি /২০০৬-১৫৭/১৪৩/প্রশাসন/৪৭ তারিখ: জানুয়ারি ০৮, ২০১৩ |
| ১৩ | স্টক ব্রোকার/স্টক ডিলার ও মার্চেন্ট ব্যাংকার কর্তৃক অনাদায়কৃত ক্ষতির (Unrealized Loss) বিপরীতে রক্ষিতব্য প্রভিশন (Provision) সংরক্ষণ সংক্রান্ত। | নির্দেশনা | এসইসি/সিএমআরআরসিডি /২০০৯-১৯৩/১৪৪/ তারিখ: ফেব্রুয়ারি ২৭, ২০১৩ |
| ১৪ | মার্জিন রুলস, ১৯৯৯ এর ৩(৫) ধারা আগামী সেপ্টেম্বর ৩০, ২০১৩ তারিখ পর্যন্ত স্থগিত করা প্রসঙ্গে। | Order | SEC/CMRRCD/ 2009-193/145 Dated: April 10, 2013 |

**মহান জাতীয় সংসদ ২০১২-১৩ অর্থ বছরে পুঁজিবাজারের জন্য নিম্নলিখিত আইন প্রনয়ণ করেঃ**

- Securities and Exchange Ordinance, 1969 (Ordinance No. XVII of 1969) এর সংশোধন;
- সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫নং আইন) এর সংশোধন;
- এক্সচেঞ্জেস ডিমিউচ্যুয়ালাইজেশন আইন, ২০১৩ প্রনয়ণ।

উল্লেখিত আইন ও বিধিসমুহ পরিশিষ্ট -১৭ তে প্রদর্শন করা হ'ল।

## ৭. স্টক এক্সচেঞ্জে তালিকাভূক্তি

২০১২ -২০১৩ অর্থ বছরে ১ টি মিউচ্যুয়াল ফান্ডসহ ১৫ টি কোম্পানি ঢাকা এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জে তালিকাভূক্ত হয়েছে। উক্ত কোম্পানিসমূহ এর তথ্য নিম্নে পরিবেশিত হলো:

| ক্রমিক নং | কোম্পানী নাম | পরিশোধিত মুলধন (কোটি টাকা ) | তালিকাভূক্তির তারিখ |
|---|---|---|---|
| ১ | আমরা টেকনোলজী লিমিটেড | ৪১.৯৫ | ১৪.০৬.২০১২ |
| ২ | ইউনিক হোটেল এন্ড রিসোর্ট লিমিটেড | ২৫৬.০০ | ১৪.০৬.২০১২ |
| ৩ | জেনারেশন নেক্সট ফ্যাশনস লিমিটেড | ১১৭.১৭ | ১৫.১১.২০১২ |
| ৪ | এনভয় টেক্সটাইল লিমিটেড | ১৩০.০০ | ০৩.১২.২০১২ |
| ৫ | সানলাইফ ইন্সুরেন্স কোঃ লিমিটেড | ৩০.০০ | ১৫.০১.২০১৩ |
| ৬ | সামিট পূর্বাচল পাওয়ার কোঃ লিমিটেড | ১০৬.২৮ | ১৫.০১.২০১৩ |
| ৭ | আরগন ডিনিমস লিমিটেড | ৬০.০০ | ১০.০২.২০১৩ |
| ৮ | প্রিমিয়ার সিমেন্ট মিলস লিমিটেড | ১০৫.৪৫ | ১০.০২.২০১৩ |
| ৯ | গোল্ডেন হারভেস্ট এগ্রোঃ ইন্ডাষ্ট্রিজ লিমিটেড | ৬৫.০০ | ১৮.০২.২০১৩ |
| ১০ | গ্লোবাল হেভী কেমিক্যাল লিমিটেড | ৭২.০০ | ১৮.০২.২০১৩ |
| ১১ | ওরিয়ন ফার্মা লিমিটেড | ১৯৫.০০ | ০৬.০৩.২০১৩ |
| ১২ | বেঙ্গল উইন্ডসর থার্মোপ্লাস্টিক লিমিটেড | ৭০.০০ | ০৩.০৪.২০১৩ |
| ১৩ | ফ্যামিলি টেক্স (বিডি) লিমিটেড | ১৩৯.০৬ | ১২.০৬.২০১৩ |
| ১৪ | আইসিবি এএমসিএল সোনালি ব্যাংক লিঃ ফার্স্ট মিউচুয়াল ফান্ড | ১০০.০০ | ০২.০৬.২০১৩ |
| ১৫ | জেএমআই সিরিঞ্জস ও মেডিকেল ডিভাইস লিমিটেড | ১১.০০ | ১২.০৬.২০১৩ |

বিগত পাঁচ বছরে স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্তির চিত্র নিম্নে তুলে ধরা হলো:

| অর্থবছর | ইস্যুয়ার কোম্পানির সংখ্যা | |
|---|---|---|
| | ডিএসই | সিএসই |
| ২০১২-১৩ | ১৫ | ১৫ |
| ২০১১-২০১২ | ১৫ | ১৫ |
| ২০১০-২০১১ | ১৯ | ১৯ |
| ২০০৯-১০ | ২৩ | ২৩ |
| ২০০৮-০৯ | ১৪ | ১৪ |
| ২০০৭-০৮ | ১৪ | ১২ |

তালিকাভুক্তির চিত্র:



## ৮. ক্যাপিটাল ইস্যু

কমিশনের ক্যাপিটাল ইস্যু বিভাগ পাবলিক ইস্যু এবং প্রাইভেট প্লেসমেন্ট এর মাধ্যমে ইক্যুইটি এবং ডেট সিকিউরিটিজ ইস্যুর অনুমোদন সহ সকল ধরণের সিকিউরিটিজ ইস্যুর অনুমোদন প্রদান সংক্রান্ত কর্মকান্ড সম্পাদন করে থাকে। পাবলিক লিমিটেড কোম্পানির ক্ষেত্রে পরিশোধিত মূলধন এক কোটি টাকা এবং প্রাইভেট লিমিটেড কোম্পানির ক্ষেত্রে পরিশোধিত মূলধন দশ কোটি টাকার উর্ধ্বে হলে যে কোন পরিমাণ শেয়ার ও ডেট সিকিউরিটিজ প্রাইভেট প্লেসমেন্ট পদ্ধতিতে ইস্যুর জন্য কমিশনের পূর্বানুমতি গ্রহণ প্রয়োজন। তালিকাভুক্ত কোম্পানিসমূহকে রাইটস শেয়ার ইস্যু, স্টক এক্সচেঞ্জে সিকিউরিটিজ সমূহের ডাইরেক্ট লিষ্টিং এবং সম্পদ ভিত্তিক সিকিউরিটিজ ইস্যুর অনুমোদন প্রদান সংক্রান্ত কাজও এ বিভাগ করে থাকে। নিম্নবর্ণিত বিধিমালার অধীনে উপযুক্ত বিবেচিত হলে কমিশন মূলধন উত্তোলনের ক্ষেত্রে সম্মতি প্রদান করে থাকে:

Securities and Exchange Commission (Issue of Capital) Rules, 2001
Securities and Exchange Commission (Public Issue) Rules, 2006
Securities and Exchange Commission (Rights Issue) Rules, 2006
সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (সম্পদ ভিত্তিক সিকিউরিটি ইস্যু) বিধিমালা, ২০০৪

**প্রাথমিক গণ প্রস্তাব (আইপিও):**

২০১২- ২০১৩ অর্থবছরে কমিশন পুঁজিবাজারে ১৩টি কোম্পানিকে আইপিও (Initial Public Offer) এর মাধ্যমে জনসাধারণের নিকট থেকে পুঁজি উত্তোলনের জন্য প্রসপেক্টাস ইস্যুর সম্মতি প্রদান করেছে। উক্ত ১৩টি কোম্পানির মধ্যে ১১টি কোম্পানী চাঁদা গ্রহণ প্রক্রিয়া সম্পন্ন করেছে। উক্ত ১১টি কোম্পানী ২৬৫ কোটি টাকা (প্রিমিয়াম ব্যতীত) এবং ৭০৮.৯০ কোটি টাকার (প্রিমিয়ামসহ) এর বিপরীতে চাঁদা গ্রহণের পরিমাণ ছিল ৫১৩০.১৮৫ কোটি টাকা। এক্ষেত্রে উক্ত কোম্পানির শেয়ার ক্রয়ের জন্য সাধারণ বিনিয়োগকারীগণের আবেদনের পরিমাণ ছিল পাবলিক ইস্যুর অঙ্কের ৭.২৪ গুণ । আলোচ্য সময়ে যে সকল কোম্পানি প্রাথমিক গণ প্রস্তাবে (IPO) গিয়েছে তার বিবরণ **"পরিশিষ্ট -৯"** এ প্রদান করা হলো।

বিগত বছরসমূহে পুঁজি বাজারে আইপিওতে সাধারণ বিনিয়োগকারীগণের অংশগ্রহণের একটি তুলনামূলক চিত্র নিম্নে তুলে ধরা হলো:

| অর্থ বছর | কোম্পানির সংখ্যা | আইপিওর পরিমাণ (কোটি টাকা) | চাঁদা জমার পরিমাণ (কোটি টাকা) | অতিরিক্ত চাঁদা জমার পরিমাণ (গুণ) |
|---|---|---|---|---|
| ২০০৫-০৬ | ৮ | ৯৯.০৫ | ১৩৯৪.৩১ | ১৪.০৮ |
| ২০০৬-০৭ | ১০ | ৩২১.৭৫ (প্রিমিয়ামসহ) | ২২১৪.৮০ (প্রিমিয়ামসহ) | ৮.৮৮ |
| ২০০৭-০৮ | ৯ | ১৯৩.৫৬ (প্রিমিয়ামসহ) | ২৪৬৭.৯৬ (প্রিমিয়ামসহ) | ১২.৭৫ |
| ২০০৮-০৯ | ৭ | ৮২.০০ (প্রিমিয়ামসহ) | ২৩৮৯.২৯ (প্রিমিয়ামসহ) | ২৯.১৪ |
| ২০০৯-২০১০ | ১০ | ১৩৯৮.৯২ (প্রিমিয়ামসহ) | ৯১২৫.৯৬ (প্রিমিয়ামসহ | ৬.৫২ |
| ২০১০-২০১১ | ৬ | ১১২২.৪০ (প্রিমিয়াম সহ) | ৮,২২৫.৩২ (প্রিমিয়াম সহ) | ৭.৩৩ |
| ২০১১-২০১২ | ১১ | ১০৪৭.৩৮২৮ (প্রিমিয়ামসহ) | ৪০৬৭.৫৭৫৬ (প্রিমিয়াম সহ) | ৩.৮৮ |
| ২০১২-২০১৩ | ১৩ | ৭০৮.৯০ (প্রিমিয়ামসহ) | ৫১৩০.১৮৫ (প্রিমিয়াম সহ) | ৭.২৪ |

## মূলধন উত্তোলনঃ

### পাবলিক লিমিটেড কোম্পানিঃ

পাবলিক লিমিটেড কোম্পানির মূলধন বৃদ্ধির জন্য কমিশন ২০১২-১৩ অর্থবছরে Securities and Exchange Commission (Issue of Capital) Rules, 2001 এর অধীনে ৮২টি পাবলিক লিঃ কোম্পানিকে সাধারণ শেয়ার, বোনাস শেয়ার, প্রেফারেন্স শেয়ার, ডিবেঞ্চার ও জিরো কুপন বন্ড এর মাধ্যমে যথাক্রমে ৮,৪৮৫.৬৬ কোটি টাকার মূলধন উত্তোলনের জন্য সম্মতি প্রদান করেছে যার বিভাজন নিম্নে প্রদান করা হলোঃ

| মূলধন উত্তোলনের মাধ্যম | কোম্পানির সংখ্যা | মোট মূলধন (কোটি টাকা) |
|---|---|---|
| সাধারণ শেয়ার | ৫৫ | ৬২৮০.১৮ |
| বোনাস শেয়ার | ২১ | ৫৯৪.৩৩ |
| ডিবেঞ্চার | | |
| প্রেফারেন্স শেয়ার | ১ | ৯৪৫.০০ |
| কনভার্টিবল প্রেফারেন্স শেয়ার | | |
| সাবঅরডিনেটেড্ বন্ড | ২ | ২৫০.০০ |
| রাইট শেয়ার | ১ | ১৬.১৫ |
| রিডিমএ্যাবল প্রেফারেন্স শেয়ার | | |
| বন্ড | ২ | ৪০০.০০ |
| জিরো কুপন বন্ড | | |
| মোট | ৮২ | ৮,৪৮৫.৬৬ |

## প্রাইভেট লিমিটেড কোম্পানি:

২০১২-১৩ অর্থবছরে কমিশন প্রাইভেট লিমিটেড কোম্পানির মূলধন বৃদ্ধির জন্য Securities and Exchange Commission (Issue of Capital) Rules, 2001 এর অধীনে ১১৭টি প্রাইভেট লিঃ কোম্পানিকে সাধারণ শেয়ার, বোনাস শেয়ার, প্রেফারেন্স শেয়ার, ডিবেঞ্চার, ভোটিং ও নন-ভোটিং কমন শেয়ার, রিডিমএ্যাবল প্রেফারেন্স শেয়ার ও কনভার্টিবেল শেয়ার এর মাধ্যমে ৩,০৩৬.৮৭ কোটি টাকার মূলধন উত্তোলনের জন্য সম্মতি প্রদান করেছে যার বিভাজন নিম্নে প্রদান করা হলো:

| মূলধন উত্তোলনের মাধ্যম | কোম্পানির সংখ্যা | মোট মূলধন (কোটি টাকা) |
|---|---|---|
| সাধারণ শেয়ার | ৯৪ | ২৫৬০.৩৯ |
| বোনাস শেয়ার | ১৬ | ১৬৮.৩৩ |
| রাইট শেয়ার | ২ | ৪৩.০০ |
| ডিবেঞ্চার | | |
| বন্ড | ১ | ১০০.০০ |
| প্রেফারেন্স শেয়ার | ৪ | ১৬৫.১৫ |
| মোট | ১১৭ | ৩,০৩৬.৮৭ |

## রাইটস্ ইস্যু:

২০১২-২০১৩ অর্থবছরে কমিশন Securities and Exchange Commission (Rights Issue) Rules, ২০০৬ এর অধীনে ৬টি তালিকাভুক্ত কোম্পানিকে ১৬৬.৭২ কোটি টাকার রাইটস ইস্যুর সম্মতি প্রদান করেছে। ২০১১-১২ অর্থবছরে তালিকাভূক্ত ১৫টি কোম্পানিকে ২০৪০.২৭ কোটি টাকার রাইট ইস্যুর সম্মতি প্রদান করা হয়েছিল।

## ৯. কর্পোরেট ফাইন্যান্স

কর্পোরেট ফাইন্যান্স বিভাগ কোম্পানীসমূহের প্রাথমিক গণপ্রস্তাব (IPO) পরবর্তী কার্যক্রম সিকিউরিটিজ আইনের আলোকে তদারকি করে থাকে। উক্ত তদারকির আওতায় কর্পোরেট ফাইন্যান্স বিভাগ ইস্যুয়ার কোম্পানিসমূহের বার্ষিক প্রতিবেদন (Annual Report), নিরীক্ষিত বার্ষিক আর্থিক প্রতিবেদন, নিরীক্ষিত/অ-নিরীক্ষিত অর্ধ-বার্ষিক আর্থিক প্রতিবেদন ও নিরীক্ষিত/অ-নিরীক্ষিত ত্রৈমাসিক আর্থিক প্রতিবেদনসমূহ পরীক্ষা/পর্যালোচনাসহ ইস্যুয়ার কোম্পানীসমূহ কর্তৃক প্রাতিষ্ঠানিক সুশাসন (Corporate Governance) পরিপালন, সিকিউরিটিজ আইন মোতাবেক বিধিবদ্ধ নিরীক্ষক নিয়োগ, প্রাথমিক গণপ্রস্তাবের মাধ্যমে উত্তোলিত মূলধনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ তথা পুঁজিবাজারের সাথে সংশ্লিষ্ট ইস্যুয়ার কোম্পানিসমূহের আর্থিক শৃঙ্খলা ও প্রাতিষ্ঠানিক সুশাসন পরিপালন নিশ্চিত করে থাকে।

২০১২-২০১৩ অর্থ বছরে কর্পোরেট ফাইন্যান্স বিভাগ কর্তৃক গৃহীত ব্যবস্থাদি ও সম্পাদিত গুরুত্বপূর্ণ কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণ নিম্নে উল্লেখ করা হ'লঃ

### ক) নিরীক্ষিত আর্থিক প্রতিবেদনঃ

Securities and Exchange Rules, 1987 এর Rule 12(3A) অনুযায়ী ইস্যুয়ার কোম্পানিসমূহ কর্তৃক তাদের হিসাব বৎসর শেষ হওয়ার ১২০ দিনের মধ্যে সংশ্লিষ্ট আর্থিক প্রতিবেদনসমূহ নিরীক্ষা সমাপনান্তে পরবর্তী ১৪ দিনের মধ্যে উক্ত হিসাব বিবরণী সমূহ কমিশনে দাখিলের শর্ত রয়েছে। সে অনুযায়ী কর্পোরেট ফাইন্যান্স বিভাগ বিষয়টি তদারকি করে থাকে। যথাসময়ে ইস্যুয়ার কোম্পানি সমূহ নিরীক্ষিত আর্থিক বিবরণী দাখিলে ব্যর্থ হলে কমিশন আর্থিক বিবরণী দাখিলে ব্যর্থ ইস্যুয়ার কোম্পানীসমূহের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করছে। যথাসময়ে আর্থিক বিবরণী দাখিল না করায় ২০১২-২০১৩ অর্থ বছরে ০৫ টি কোম্পানির বিরুদ্ধে এনফোর্সমেন্ট ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। যার ফলে নিরীক্ষিত আর্থিক বিবরণী নির্ধারিত সময়ের মধ্যে কমিশনে দাখিলের প্রবণতা উলেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে।

সিকিউরিটিজ আইনের সংশিষ্ট বিধিবিধান এবং Institute of Chartered Accountants of Bangladesh (ICAB) কর্তৃক গৃহীত International Accounting Standard (IAS)/ International Financial Reporting Standard (IFRS) অনুযায়ী ইস্যুয়ার কোম্পানিসমূহের আর্থিক বিবরণী সমূহ প্রস্তুত এবং উহার যথাযথ ব্যাখ্যা উপস্থাপন করা হচ্ছে কিনা তা নিয়মিতভাবে দেখা হচ্ছে। এ ছাড়াও, Bangladesh Standards on Auditing (BSA) অনুযায়ী নিরীক্ষা কার্য সম্পাদন করা হচ্ছে কিনা সে বিষয়টিও কর্পোরেট ফাইন্যান্স বিভাগ সর্বদা পর্যবেক্ষণ করছে।

আর্থিক বিবরণীর উপর তদারকি জোরদার করা এবং ক্ষেত্র বিশেষে ইস্যুয়ার কোম্পানি এবং এতদ্‌সংশ্লিষ্ট নিরীক্ষকের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের প্রক্রিয়া শুরু করার ফলে কোম্পানি সমূহের আর্থিক বিবরণীর স্বচ্ছতা বৃদ্ধি পেয়েছে বলে প্রতীয়মান হয়। ইতোমধ্যেই লক্ষ্য করা গেছে যে, নিরীক্ষকগণ বার্ষিক আর্থিক বিবরণীর উপর তাদের বিরূপ মন্তব্যও নিরীক্ষা প্রতিবেদনে উলেখ করছেন। এখানে উল্লেখ্য যে, নিরীক্ষিত আর্থিক প্রতিবেদনের উপর বিধিবদ্ধ নিরীক্ষকের কোন সংরক্ষিত মন্তব্য, বিশেষণ যুক্ত মন্তব্য অথবা প্রতিকূল মন্তব্য থাকলে বা কমিশনের কোন পর্যবেক্ষণ থাকলে সে বিষয়ের উপর সংশ্লিষ্ট কোম্পানির ব্যাখ্যা/স্পষ্টিকরণ সগ্রহ করে পর্যালোচনা করা হয়। কর্পোরেট ফাইন্যান্স বিভাগ কোম্পানী আইন, ১৯৯৪ এর ধারা ১৮৪(৩) এর চাহিদা মোতাবেক বিধিবদ্ধ নিরীক্ষককের সংরক্ষিত মন্তব্য, বিশেষণ যুক্ত মন্তব্য অথবা প্রতিকূল মন্তব্যের বিষয়ে কোম্পানির পরিচালকের প্রদত্ত তথ্য ও ব্যাখ্যা সংশ্লিষ্ট AGM এ কোম্পানীর শেয়ারহোল্ডারগণকে সরবরাহ করার জন্য নির্দেশনা প্রদান করে থাকে। এ ছাড়াও ক্ষেত্র বিশেষে বিধিবদ্ধ নিরীক্ষকের মন্তব্যে Bangladesh Auditing Standards মোতাবেক কোন ঘাটতি পরিলক্ষিত হলে সে বিষয়ের উপর বিধিবদ্ধ নিরীক্ষকের মতামত/মন্তব্য সগ্রহ করেও পর্যালোচনা করা হয়। কোম্পানির ব্যাখ্যা/স্পষ্টিকরণ এবং/অথবা বিধিবদ্ধ নিরীক্ষকের মন্তব্য/মতামত কমিশনের নিকট সন্তোষজনক হিসাবে পরিগনিত না হলে কর্পোরেট ফাইন্যান্স বিভাগ সংশ্লিষ্ট কোম্পানি এবং/অথবা বিধিবদ্ধ নিরীক্ষকের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করছে।

## খ) বার্ষিক সাধারণ সভা (AGM) ও বার্ষিক প্রতিবেদনঃ

Securities and Exchange Rules, 1987 এর Rule 12 (4) মোতাবেক বার্ষিক সাধারণ সভা (AGM) অনুষ্ঠানের ১৪ দিন পূর্বে বার্ষিক প্রতিবেদন শেয়ারহোল্ডার তথা কমিশনে দাখিলের বিষয়টি কর্পোরেট ফাইন্যান্স বিভাগ তদারকি করে থাকে। বার্ষিক প্রতিবেদনে, অন্যান্যের মধ্যে, পরিচালক পর্ষদের প্রতিবেদন, প্রাতিষ্ঠানিক সুশাসন পরিপালন সংক্রান্ত তথ্যাদির সন্নিবেশন নিশ্চিত করা হয়। যার ফলে বার্ষিক প্রতিবেদনের ব্যবহাকারীগণ সংশ্লিষ্ট কোম্পানির প্রাতিষ্ঠানিক সুশাসন সম্পর্কে সার্বিক ধারণা অর্জন করতে পারে।

## গ) অর্ধ-বার্ষিক ও ত্রৈমাসিক হিসাব বিবরণীঃ

Securities and Exchange Rules, 1987 এর Rule 13 অনুযায়ী হিসাব বর্ষের প্রথম ছয় মাস শেষ হওয়ার পরবর্তী ১ মাসের মধ্যে কমিশন ও সাধারণ শেয়ারহোল্ডারদের নিকট অর্ধ-বার্ষিক হিসাব বিবরণী দাখিলের বিষয়টি তদারকি করা হয় । ২০১২-২০১৩ অর্থ বছরে অর্ধ-বার্ষিক আর্থিক বিবরণী কমিশনে দাখিল না করার কারণে ০৬ টি কোম্পানীর বিরুদ্ধে এনফোর্সমেন্ট ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এ ছাড়াও, অর্ধ-বার্ষিক আর্থিক বিবরণী Bangladesh Accounting Standards (BAS) অনুযায়ী

প্রস্তুত করা হয়েছে কিনা সেই বিষয়টিও যথাযথ গুরুত্বের সাথে কর্পোরেট ফাইন্যান্স বিভাগ পর্যবেক্ষণ করছে। ফলে কোম্পানিসমূহের ছয় মাসের আর্থিক অবস্থা সম্পর্কে শেয়ারহোল্ডার তথা বিনিয়োগকারীরা যথাযথভাবে অবগত হতে পারছে।

কোম্পানিসমূহের আর্থিক অবস্থার প্রতিফলন আরও স্বল্পসময়ের ভিত্তিতে শেয়ারহোল্ডার তথা বিনিয়োগকারীগণের গোচরীভূত নিশ্চিত করার লক্ষ্যে কমিশন ইতোমধ্যে ত্রৈমাসিক হিসাব বিবরণী দাখিলের বিধান করেছে। সে মোতাবেক, ৩০ সেপ্টেম্বর ২০০৯ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক হতে তালিকাভুক্ত কোম্পানিসমূহ ত্রৈমাসিক হিসাব বিবরণী দাখিল করছে। ফলে শেয়ারহোল্ডার তথা বিনিয়োগকারীগণ স্বল্পসময়ের ভিত্তিতে কোম্পানিসমূহের আর্থিক অবস্থার প্রতিফলন জেনে বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণ করতে পারছে। ত্রৈমাসিক হিসাব বিবরণী কমিশনে দাখিল না করার কারণে ২০১২-২০১৩ অর্থ বছরে ০৭ টি কোম্পানির বিরুদ্ধে এনফোর্সমেন্ট ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

## ঘ) স্টক এক্সচেঞ্জে কর্পোরেট ফাইন্যান্স বিভাগের কার্যক্রম শুরুঃ

বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন এর পরামর্শক্রমে ২০১১-২০১২ অর্থবছর হতে ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ কর্পোরেট ফাইন্যান্স বিভাগ খুলে কার্যক্রম শুরু করেছে। উভয় স্টক এক্সচেঞ্জের কর্পোরেট ফাইন্যান্স বিভাগ তাদের তালিকাভুক্ত কোম্পানি সমূহের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন, অর্ধবার্ষিক ও ত্রৈমাসিক আর্থিক প্রতিবেদন সমূহ সিকিউরিটিজ আইনের সংশ্লিষ্ট বিধিবিধান এবং ICAB কর্তৃক গৃহীত IAS/IFRS অনুযায়ী প্রস্তুত করা হয়েছে কিনা তা গুরুত্বের সাথে পরীক্ষা-নিরীক্ষা করছে। এতে করে তালিকাভূক্ত কোম্পানি সমূহের আর্থিক প্রতিবেদনের উপর তদারকি আরো জোরদার হয়েছে। স্টক এক্সচেঞ্জের সুপারিশের ভিত্তিতে, ক্ষেত্র বিশেষে, ইস্যুয়ার কোম্পানী এবং এতদসংশ্লিষ্ট নিরীক্ষকের বিরুদ্ধে কমিশনের ব্যবস্থা গ্রহণের ফলে কোম্পানি সমূহের আর্থিক প্রতিবেদনের স্বচ্ছতা বৃদ্ধি পেয়েছে বলে প্রতীয়মান হয়।

## ঙ) বিধিবদ্ধ নিরীক্ষকঃ

Securities and Exchange Rules, 1987 এর Rule 12(3) অনুযায়ী কোম্পানিসমূহ কর্তৃক বিধিবদ্ধ নিরীক্ষক নিয়োগের ক্ষেত্রে উক্ত নিরীক্ষা ফার্মকে অবশ্যই পার্টনারশীপ ফার্ম হতে হবে যাতে কমপক্ষে দুইজন পার্টনার থাকবে যাদের প্রত্যেকের কমপক্ষে সাত বৎসরের পেশাগত বাস্তব অভিজ্ঞতা আছে ।

তদুপরি, সম্প্রতি একই নিরীক্ষক ফার্ম কর্তৃক পরপর তিন বৎসরের অধিক একই কোম্পানির বার্ষিক আর্থিক প্রতিবেদন নিরীক্ষা না করার জন্য সিকিউরিটিজ আইনে বিধান রাখা হয়েছে।

## চ) প্রাতিষ্ঠানিক সুশাসন সংক্রান্ত নির্দেশিকাঃ

কোম্পানীসমূহের প্রাতিষ্ঠানিক সুশাসন নিশ্চিতকরণের লক্ষ্যে কমিশন এতদ্‌সংক্রান্ত পূর্বের নির্দেশিকা পরিবর্তন/পরিবর্ধন সাধন করে প্রাতিষ্ঠানিক সুশাসন পরিপালন বাধ্যতামূলক করে নির্দেশিকা জারি করেছে, যা ৩১ ডিসেম্বর ২০১২ তারিখ থেকে কার্যকর করা হয়েছে। নির্দেশিকা মোতাবেক কোম্পানিসমূহ নিরপেক্ষ পরিচালক নিয়োগ, Chief Financial Officer (CFO) ও কোম্পানি সচিব নিয়োগ এবং অভ্যন্তরীন নিরীক্ষা কমিটি গঠন সংক্রান্ত বিধান রয়েছে। কর্পোরেট ফাইন্যান্স বিভাগ নিয়মিতভাবে কোম্পানীসমূহের প্রাতিষ্ঠানিক সুশাসন পরিপালন সংক্রান্ত বিষয়টি তদারকি করছে। উক্ত নির্দেশিকার চাহিদা অনুসারে সকল তালিকাভূক্ত কোম্পানীর নিরীক্ষিত প্রাতিষ্ঠানিক সুশাসন পরিপালন সংক্রান্ত সনদ (Auditors' Certificate on Compliance of Corporate Governance) না পাওয়াতে তিনটি বিষয়ে (যথা-কোম্পানির পরিচালনা পরিষদের সদস্য সংখ্যা, নিরপেক্ষ পরিচালক ও অডিট কমিটি গঠন) তথ্য সংগ্রহ পূর্বক উহা পরিপালন সংক্রান্ত একটি প্রতিবেদন (Status Report) তৈরি করা হয়েছে। উক্ত প্রতিবেদন (Status Report) থেকে প্রতীয়মান হয় যে, ৩০ জুন ২০১৩ পর্যন্ত কমিশনের নিকট রক্ষিত তথ্য অনুযায়ী তালিকাভূক্ত কোম্পানিসমূহের মধ্যে ৪৪.০৩% উক্ত তিনটি নির্দেশিকা পুরোপুরি ও ৩৬.৪৭% আংশিক পরিপালন করেছে এবং অবশিষ্ট ১৯.৫০% কোম্পানি জেড গ্রুপ এবং নতুন তালিকাভূক্ত হওয়ায় তারা পরিপালন সংক্রান্ত রিপোর্ট দাখিল করেনি।

## ১০. নিবন্ধন

পুঁজিবাজারের সুষ্ঠু পরিচালনা নিশ্চিত করার ক্ষেত্রে পুঁজিবাজার সংশ্লিষ্ট সকল বাজার মধ্যস্থতাকারীদের বিএসইসিতে নিবন্ধন এর বিধান রয়েছে। বিএসইসি কর্তৃক পুঁজিবাজার কর্মকান্ড সুষ্ঠু ও দক্ষতার সাথে পরিচালনা করতে এ নিবন্ধন সহায়ক ভূমিকা পালন করে। কমিশন ২০১২-২০১৩ অর্থ বছরে নিম্মোক্ত কার্যাবলী সম্পাদন করেছেঃ

| বিবরণ | নিবন্ধন সনদ ইস্যু |
|---|---|
| স্টক ডিলার/স্টক ব্রোকার | ৫৪ |
| অনুমোদিত প্রতিনিধি | ৯৮ |
| ডিপজিটরী অংশগ্রহণকারী | ২২ |
| সম্পদ ব্যবস্থাপক | ১ |
| ক্রেডিট রেটিং কোম্পানী | -- |
| মার্চেন্ট ব্যাংক | ৬ |
| সিকিউরিটি কাস্টডিয়ান | ২ |

### স্টক ডিলার /ব্রোকার এর নিবন্ধন সনদ প্রদান ও নবায়নঃ

অর্থ বছর ২০১২-২০১৩ সময়ে কমিশন, সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর অধীনে ঢাকা স্টক এক্সচেঞ্জের ১৪টি স্টক ব্রোকার ও ১৫টি স্টক ডিলার এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জের ১৬টি স্টক ব্রোকার ও ৯টি স্টক ডিলারের অনুকূলে নিবন্ধন সনদ ইস্যু করেছে।

এছাড়াও কমিশন এই অর্থ বছরে ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ এ ১৯১টি  স্টক ব্রোকার এবং ১৭৫টি স্টক ডিলার এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ এ ৯৩টি স্টক ব্রোকার ও ৫২টি স্টক ডিলার নিবন্ধন সনদ  নবায়ন করেছে।

## অনুমোদিত প্রতিনিধিদের নিবন্ধন সনদ প্রদান ও নবায়নঃ

আলোচ্য অর্থ বছরে কমিশন, সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর অধীনে ঢাকা স্টক এক্সচেঞ্জের ৯৭টি এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জের ১টি অনুমোদিত প্রতিনিধির নিবন্ধন সনদ ইস্যু করেছে এবং ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড এ ৬২৮টি ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ এর অধীনে ৫১টি অনুমোদিত প্রতিনিধি নিবন্ধন সনদ নবায়ন করেছে।

## মার্চেন্ট ব্যাংকের নিবন্ধন সনদ প্রদানঃ

২০১২-২০১৩ অর্থ বছরে কমিশন, সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার) বিধিমালা, ১৯৯৬ এর অধীনে মার্চেন্ট ব্যাংকিং কার্যক্রম পরিচালনার জন্য ইবিএল ইনভেস্টমেন্টস লিমিটেড, এআইবিএল ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড, সন্ধানী লাইফ ফাইন্যান্স লিমিটেড, বিএলআই ক্যাপিটাল লিমিটেড, ফার্স্ট সিকিউরিটিজ সার্ভিসেস লিমিটেড এবং বেটাওয়ান ইনভেস্টমেন্টস লিমিটেড এর অনুকূলে ৬টি নিবন্ধন সনদ ইস্যু করেছে।

## সম্পদ ব্যবস্থাপক নিবন্ধন সনদ প্রদানঃ

আলোচ্য অর্থ বছরে কমিশন, সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ এর অধীনে ভ্যানগার্ড অ্যাসেট ম্যানেজমেন্ট লিমিটেড এর অনুকূলে ১টি সম্পদ ব্যবস্থাপক নিবন্ধন সনদ ইস্যু করেছে।

## সিকিউরিটি কাস্টডিয়ান নিবন্ধন সনদ প্রদানঃ

আলোচ্য অর্থ বছরে কমিশন, সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (সিকিউরিটি কাস্টডিয়াল সেবা) বিধিমালা, ২০০৩ এর অধীনে মিউচ্যুয়াল ট্রাস্ট ব্যাংক লিমিটেড এবং ওয়ান ব্যাংক লিমিটেড এর অনুকূলে ২টি সিকিউরিটি কাস্টডিয়ান নিবন্ধন সনদ ইস্যু করেছে।

## ডিপজিটরি অংশগ্রহণকারীর নিবন্ধন সনদ প্রদান ও নবায়নঃ

উক্ত অর্থ বছরে কমিশন, ডিপজিটরি (ব্যবহারিক) প্রবিধানমালা, ২০০৩ এর অধীনে ২২টি প্রতিষ্ঠানকে ডিপজিটরি অংশগ্রহণকারী নিবন্ধন সনদ ইস্যু এবং ২৩৭টি নিবন্ধন সনদ নবায়ন করেছে।

## স্টক ব্রোকার/স্টক ডিলার এবং মার্চেন্ট ব্যাংকের শাখা অফিস স্থানান্তরঃ

আলোচ্য অর্থ বছরে কমিশন ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড এর অধীনে ৩ (তিন)টি এবং মার্চেন্ট ব্যাংকের ২ (দুই)টি শাখা অফিস স্থানান্তরের অনুমোদন দিয়েছে।

## ১১. মিউচ্যুয়াল ফান্ড ও এসপিভি

মিউচ্যুয়াল ফান্ড ও এসপিভি (এমএফ এন্ড এসপিভি) বিভাগ মার্চ ১৬, ২০০৯ তারিখে প্রতিষ্ঠিত হয়ে মিউচ্যুয়াল ফান্ড ও সম্পদ ভিত্তিক সিকিউরিটিজের নিবন্ধন প্রদান, পর্যবেক্ষণ, তদারকি এবং এ সংক্রান্ত নিম্নোক্ত কার্যক্রম পরিচালনা করে আসছে :

- নিবন্ধন প্রদান সংক্রান্ত কার্যক্রম - ফান্ড গঠনের অনুমোদন সংশ্লিষ্ট যাবতীয় কাজ যেমন- ট্রাস্ট ডীড ও বিনিয়োগ ব্যবস্থাপনা চুক্তি অনুমোদন, প্রসপেক্টাস অনুমোদন এবং পাবলিক ইস্যু সংক্রান্ত কর্মকান্ডের পর্যবেক্ষন এবং ফান্ড এর সংগৃহীত অর্থ বিনিয়োগের অনুমোদন ইত্যাদি।
- পর্যবেক্ষণ কার্যক্রম- ফান্ডের বিভিন্ন প্রকার সাপ্তাহিক, পাক্ষিক, মাসিক, ত্রৈমাসিক ভিত্তিতে পত্রকোষের গঠন সম্পর্কিত প্রতিবেদন পর্যবেক্ষন। এছাড়াও ফান্ডের ত্রৈমাসিক, অর্ধ-বার্ষিক এবং বার্ষিক হিসাব সংক্রান্ত প্রতিবেদন পর্যবেক্ষন ইত্যাদি।
- তদারকি কার্যক্রম: ফান্ড এবং ফান্ড সংশ্লিষ্ট সকল পক্ষের সমন্বয় সম্পর্কিত বিষয়ে তদারকি, ফান্ডের বিনিয়োগ সম্পর্কিত বিভিন্ন অভিযোগ নিষ্পত্তিকরণ ইত্যাদি।

**এমএফ এন্ড এসপিভি বিভাগ কর্তৃক ২০১২-২০১৩ অর্থবছরে সম্পাদিত গুরুত্বপূর্ণ কার্যাবলী নিম্নরূপ:**

| | |
|---|---|
| ১ | নিম্নোক্ত ফান্ড দুটির ট্রাস্ট ডীড অনুমোদন হতে শুরু করে নিবন্ধন পর্যন্ত কার্যাবলী সম্পাদন করা হয় এবং পরবর্তী অর্থ বছরে অবশিষ্ট কার্যাবলী সম্পাদন করা হবে।<br><br>এ্যালায়েন্স এস এন্ড পি শরীয়াহ্ ইনডেক্স ফান্ড : ফান্ডের আকার: ১০ কোটি<br>উদ্যোক্তা ও সম্পদ ব্যবস্থাপক: এ্যালায়েন্স ক্যাপিটাল এ্যাসেট ম্যানেজমেন্ট লিঃ<br>ট্রাস্টি: বাংলাদেশ জেনারেল ইন্স্যুরেন্স কোঃ লিঃ<br>কাস্টডিয়ান: ব্রাক ব্যাংক লিঃ<br><br>সিএপিএম ইউনিট ফান্ড : ফান্ডের আকার: ১০ কোটি<br>উদ্যোক্তা ও সম্পদ ব্যবস্থাপক: সিএপিএম (ক্যাপিটাল এন্ড এ্যাসেট পোর্টফোলিও ম্যানেজমেন্ট) কোঃ লিঃ<br>ট্রাস্টি: বাংলাদেশ জেনারেল ইন্স্যুরেন্স কোঃ লিঃ<br>কাস্টডিয়ান: ব্রাক ব্যাংক লিঃ |

| | |
|---|---|
| ২ | নিম্নোক্ত ফান্ডটির অনুমোদন সংক্রান্ত কার্যক্রম পূর্ববর্তী অর্থবছরে শুরু হয়ে আলোচ্য অর্থ বছরে তালিকাভুক্তি পর্যন্ত অবশিষ্ট কার্যাদি সম্পাদন করা হয়।<br><br>আইসিবি এএমসিএল সোনালী ব্যাংক লিঃ ফার্স্ট মিউচ্যুয়াল ফান্ড: ফান্ডের আকার: ১০০ কোটি<br>উদ্যোক্তা: সোনালী ব্যাংক লিঃ<br>সম্পদ ব্যবস্থাপক: আইসিবি এ্যাসেট ম্যানেজম্যান্ট কোম্পানি লিঃ<br>ট্রাস্টি ও কাস্টডিয়ান: ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ |
| ৩ | নিম্নোক্ত ফান্ডটির অনুমোদন সংক্রান্ত কার্যক্রম পূর্ববর্তী অর্থবছরে শুরু হয়ে আলোচ্য অর্থ বছরে লটারী অনুষ্ঠান পর্যন্ত কার্যাদি সম্পাদন করা হয় এবং পরবর্তী অর্থ বছরে অবশিষ্ট কার্যাবলী সম্পাদন করা হবে।<br><br>এক্সিম ব্যাংক ফার্স্ট মিউচ্যুয়াল ফান্ড: ফান্ডের আকার: ১০০ কোটি<br>উদ্যোক্তা: এক্সিম ব্যাংক লিঃ<br>সম্পদ ব্যবস্থাপক: রেস ম্যানেজম্যান্ট প্রাইভেট কোম্পানি লিঃ<br>ট্রাস্টি ও কাস্টডিয়ান: ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ |
| ৪ | নিম্নোক্ত ফান্ড দুটির অনুমোদন সংক্রান্ত কার্যক্রম পূর্ববর্তী অর্থবছরে শুরু হয়ে আলোচ্য অর্থ বছরে ফান্ডের গঠন এবং এর সংগৃহীত অর্থ বিনিয়োগের অনুমোদন সংক্রান্ত যাবতীয় কার্যাবলী সম্পাদন করা হয়।<br><br>বাংলাদেশ ফান্ড: ফান্ডের আকার: ৫০০০ কোটি<br>উদ্যোক্তা: ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ, সোনালী ব্যাংক লিঃ, জনতা ব্যাংক লিঃ, অগ্রনী ব্যাংক লিঃ, রূপালী ব্যাংক লিঃ, বাংলাদেশ ডেভলপমেন্ট ব্যাংক লিঃ, সাধারণ বীমা কর্পোরেশন এবং জীবন বীমা কর্পোরেশন।<br>সম্পদ ব্যবস্থাপক: আইসিবি এ্যাসেট ম্যানেজম্যান্ট কোম্পানি লিঃ<br>ট্রাস্টি ও কাস্টডিয়ান: আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিঃ |

| | |
|---|---|
| | এমটিবি ইউনিট: ফান্ডের আকার: ১০০ কোটি<br>উদ্যোক্তা: মিউচ্যুয়াল ট্রাষ্ট ব্যাংক লিঃ<br>ট্রাস্টি: বাংলাদেশ জেনারেল ইন্স্যুরেন্স কোঃ লিঃ<br>কাস্টডিয়ান: ব্রাক ব্যাংক লিঃ |
| ৫ | নিম্নোক্ত ফান্ড দুটির ট্রাস্ট ডীড অনুমোদন এর কার্যাদী সম্পাদন করা হয় এবং পরবর্তী অর্থ বছরে অবশিষ্ট কার্যাবলী সম্পাদন করা হবে।<br><br>আলিফ ইসলামিক ইনকাম ফান্ড: ফান্ডের আকার: ১০ কোটি<br>উদ্যোক্তা ও সম্পদ ব্যবস্থাপক: আলিফ এ্যাসেটস ম্যানেজমেন্ট লিঃ<br>ট্রাস্টি: বাংলাদেশ জেনারেল ইন্স্যুরেন্স কোঃ লিঃ<br>কাস্টডিয়ান: ব্রাক ব্যাংক লিঃ<br><br>রক এনআরবি ব্যালেন্সড ফান্ড: ফান্ডের আকার: ৫০ কোটি<br>উদ্যোক্তা ও সম্পদ ব্যবস্থাপক: রক এ্যাসেট ম্যানেজমেন্ট লিঃ<br>ট্রাস্টি: বাংলাদেশ জেনারেল ইন্স্যুরেন্স কোঃ লিঃ<br>কাস্টডিয়ান: ব্রাক ব্যাংক লিঃ |
| ৬ | এছাড়াও এ বিভাগ ফান্ড এবং ফান্ডের সংশ্লিষ্ট পক্ষ সমূহের তদারকি এবং পর্যবেক্ষন সংক্রান্ত কার্যাবলী নিয়মিতভাবে চালিয়ে যাচ্ছে। |
| ২০১২-২০১৩ অর্থ বছরের মিউচ্যুয়াল ফান্ড বিধিমালা সংশোধন ঃ | |
| ১ | সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ যুগোপযোগী করে সংশোধন করা হয়েছে। |

# ১২. সার্ভেইল্যান্স

## সিকিউরিটিজ লেনদেনের সার্ভেইল্যান্স :

বিনিয়োগকারীদের স্বার্থ রক্ষা এবং পুঁজিবাজারে স্বচ্ছতা বজায় রাখতে কমিশন নতুনভাবে স্থাপিত তার নিজস্ব অন-লাইন সার্ভেইল্যান্স পদ্ধতি "InstantWatch" market surveillance এর মাধ্যমে পুঁজিবাজারে সার্ভেইল্যান্স কার্যক্রম পরিচালনা করছে। উল্লেখ্য, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন Improvement of Capital Market Governance Project এর অধীনে কমিশনে নতুন surveillance software system "InstantWatch" স্থাপন করেছে। উক্ত system এর কার্যক্রম বিগত ১৭.১২.২০১২ ইং তারিখে বাংলাদেশ সরকারের মাননীয় অর্থমন্ত্রী কর্তৃক উদ্বোধনের মাধ্যমে যাত্রা শুরু হয়। নতুন স্যার্ভেল্যান্স সিস্টেম প্রবর্তনের পূর্বে কমিশন স্টক এক্সচেঞ্জদ্বয়ের অনলাইন স্যার্ভেল্যান্স পদ্ধতির মাধ্যমে স্যার্ভেল্যান্স কার্যক্রম পরিচালনা করতো। মার্কেট ম্যানুপুলেশন সনাক্তকরণ, প্রতারণামূলক ভাবে মূল্য বাড়ানো-কমানো এবং পুঁজিবাজার সংক্রান্ত আইন ভঙ্গ রোধের প্রাথমিক নিয়ন্ত্রক হলো স্টক এক্সচেঞ্জ। সার্ভেইল্যান্স পদ্ধতির কার্যকারীতা নিশ্চিত করার জন্য বিএসইসি স্টক এক্সচেঞ্জের কার্যক্রমের উপর সার্বক্ষণিক সর্তক দৃষ্টি রাখে। বিএসইসি অন-লাইন এবং অফ-লাইন পদ্ধতিতে বাজার সার্ভেইল্যান্স পর্যবেক্ষণ করে।

## পরিদর্শন ও তদন্ত :

শেয়ার লেনদেনের মাধ্যমে সিকিউরিটিজ সংক্রান্ত কোন আইন লংঘন হয়েছে কিনা এবং লেনদেনে কোনরূপ অনিয়ম হয়েছে কিনা বা কোন প্রকার অস্বাভাবিকতা আছে কিনা তা খুঁজে বের করার জন্য বর্তমানে সার্ভেইল্যান্স বিভাগ On-Line এবং Off-Line বাজার সার্ভেইল্যান্স পদ্ধতি অনুসরণ করছে। On-Line সার্ভেইল্যান্স এর অংশ হিসাবে সার্ভেইল্যান্স বিভাগের কর্মকর্তাগণ কম্পিউটারের অলেনদেনী ও সার্ভেইল্যান্স সফ্টওয়্যারের মাধ্যমে দৈনন্দিন লেনদেন পর্যবেক্ষণ করেন এবং লেনদেন পরবর্তী একটি প্রতিবেদন তৈরি করেন যাতে প্রতিদিনের লেনদেনের একটি সার-সংক্ষেপ ও কোনরূপ অস্বাভাবিকতা ঘটে থাকলে তা তুলে ধরা হয়। অন্যদিকে Off-Line সার্ভেইল্যান্স এর অংশ হিসাবে কমিশনের নিজস্ব offline সফ্টওয়্যার ব্যবহারের মাধ্যমে লেনদেন পরবর্তী দরকারী তথ্য সংগ্রহ করে তা বিশেষণ করা হয়। বিশেষণের পর যদি বিস্তারিত অনুসন্ধানের প্রয়োজন হয় তাহলে পরিদর্শন ও তদন্ত কমিটি গঠন করে প্রতিবেদন পেশ করার জন্য প্রস্তাব করা হয়। পেশকৃত প্রতিবেদনে প্রাপ্ত তথ্যে যদি কোনরূপ সিকিউরিটিজ সংক্রান্ত আইন ভঙ্গের প্রমাণ পাওয়া যায় তাহলে তা পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়।

শেয়ারের লেনদেন ইস্যুতে সার্ভেইল্যান্স বিভাগ কর্তৃক উদ্‌ঘাটিত বর্তমান অর্থ-বছরসহ বিগত ২ (দুই) অর্থ-বছরের তুলনামূলক সন্দেহজনক অনিয়মের সংখ্যা এবং পরবর্তী ব্যবস্থা গ্রহণের সংক্ষিপ্ত বিবরণ নিম্নে উপস্থাপিত হল ঃ

| অর্থ-বছর | উদ্‌ঘাটিত সন্দেহজনক অনিয়মের সংখ্যা | স্টক-একচেঞ্জে প্রেরণ | | পরিদর্শন ও অনুসন্ধান | তদন্ত | এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ | নিবন্ধন বিভাগে প্রেরণ | এসআরএ মআইডি বিভাগে প্রেরণ | সিডিএস বিভাগে প্রেরণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ডিএসইতে প্রেরণ | সিএসইতে প্রেরণ | | | | | | |
| ২০১২-২০১৩ | ২০ | ১১ | ০ | ১১ | ৯ | ১২ | ০ | ০ | ০ |
| ২০১১-২০১২ | ৪৩ | ২০ | ১ | ২৭ | ১৬ | ২২ | ০ | ০ | ০ |
| ২০১০-২০১১ | ৪১ | ১৭ | ৮ | ২১ | ২০ | ২৯ | ০ | ১ | ০ |

ডিপজিটরি অংশগ্রহণকারীদের কর্মকান্ড পর্যবেক্ষণের পাশাপাশি দৈনন্দিন বাজার পর্যবেক্ষণের মাধ্যমে সার্ভেইল্যান্স বিভাগের কর্মকান্ড জোরদার করা হয়েছে। যার ফলে ক্ষুদ্র বিনিয়োগকারীদের মধ্যে শেয়ার বাজারে বিনিয়োগের আগ্রহ সৃষ্টি এবং সর্বস্তরের বিনিয়োগকারীদের মধ্যে আস্থা বৃদ্ধি পাচ্ছে।

## ১৩. সুপারভিশন এন্ড রেগুলেশন অব মার্কেটস এন্ড ইস্যুয়ার কোম্পানিজ (এসআরএমআইসি)

সুপারভিশন এন্ড রেগুলেশন অব মার্কেটস এন্ড ইস্যুয়ার কোম্পানিজ বিভাগ স্টক এক্সচেঞ্জ, ওভার দি কাউন্টার (OTC) এবং ইস্যুয়ার কোম্পানি সমূহের যাবতীয় কার্যাদি সিকিউরিটিজ আইন অনুযায়ী পরিচালিত হচ্ছে কিনা তা তদারকি করে থাকে। এছাড়াও ইস্যুয়ার কোম্পানি সমূহের বিরুদ্ধে অভিযোগ/আপত্তি সিকিউরিটিজ আইন মোতাবেক নিস্পত্তি করে থাকে। নিম্নে এই বিভাগের কর্মকান্ড তুলে ধরা হলো-

(ক) তালিকাভুক্ত কোম্পানির উদ্যোক্তা/পরিচালকদের সিকিউরিটিজ ক্রয়/বিক্রয়/হস্তান্তর সংক্রান্ত ঘোষণা মনিটর করা।

(খ) উদ্যোক্তা/পরিচালকদের মাসিক শেয়ার হোল্ডিং পজিশন মনিটর করা।

(গ) তালিকাভুক্ত কোম্পানির মূল্য সংবেদনশীল তথ্য ঘোষণা মনিটর করা।

(ঘ) তালিকাভুক্ত কোম্পানির শেয়ার স্টক এক্সচেঞ্জের বাহিরে হস্তান্তর অনুমোদন করা।

(ঙ) স্টক এক্সচেঞ্জের (সিকিউরিটি লেনদেন ব্যাতীত) যাবতীয় কার্যক্রম মনিটর করা।

(চ) পুঁজিবাজার সংশিষ্ট অভিযোগ সমূহ নিস্পত্তির জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ করা।

জুলাই ২০১২- জুন ২০১৩ সময়ে অনুষ্ঠিত বার্ষিক সাধারণ সভা এবং উহাতে ঘোষিত লভ্যাংশ সংক্রান্ত তথ্যাদি নিম্নোক্ত ছকে প্রদত্ত হলো।

### বার্ষিক সাধারন সভা ২০১২-২০১৩

| ক্রমিক নং | কোড নং | কোম্পানীর নাম | সমাপ্ত বছর | এজিএমের তারিখ | % অব ডিভিডেন্ট | | রেকর্ড ডেট | ঘোষনার তারিখ |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | ক্যাশ | স্টক | | |
| ১ | ২৫৭৩০ | সোনার বাংলা ইন্সুরেন্স | ২০১১১২ | ০২.০৭.২০১২ | - | ১০৩০% বো. | ১৪.০৫.২০১২ | ২৯.০৫.২০১২ |
| ২ | ১১১২৯ | এক্সিম ব্যাংক | ২০১১১২ | ০৪.০৭.২০১২ | - | ১৪৩০% বো. | ২২.০৫.২০১২ | ১৩.০৫.২০১২ |
| ৩ | ১৮৪৮৪ | সালভো কেমিক্যালস | ২০১১১২ | ০৮.০৭.২০১২ | - | ৫৩০% বো. | ২৮.০৫.২০১২ | ৩০.০৪.২০১২ |
| ৪ | ২৫৭১৩ | ফেডারেল ইন্সুরেন্স | ২০১১১২ | ০৯.০৭.২০১২ | - | ১০৩০% বো. | ২১.০৫.২০১২ | ০২.০৫.২০১২ |
| ৫ | ১১১০৩ | আইএফআইসি ব্যাংক | ২০১১১২ | ১১.০৭.২০১২ | ৫.০০ | ২৫৩০% বো. | ১৭.০৫.২০১২ | ৩০.০৪.২০১২ |
| ৬ | ২৫৭২৯ | এশিয়া প্যাসিফিক জেনারেল ইন্সুরেন্স | ২০১১১২ | ১২.০৭.২০১২ | ১০.০০ | - | ১০.০৫.২০১২ | ২৬.০৪.২০১২ |
| ৭ | ২৫৭৩১ | প্রগতি লাইফ ইন্সুরেন্স | ২০১১১২ | ১২.০৭.২০১২ | - | ১২৩০% বো. | ২৭.০৫.২০১২ | ০৭.০৫.২০১২ |
| ৮ | ১১১৪৭ | ফার্স্ট সিকিউরিটি ইসলামি ব্যাংক | ২০১১১২ | ১৪.০৭.২০১২ | - | ১০৩০% বো. | ২৭.০৫.২০১২ | ১৬.০৫.২০১২ |
| ৯ | ২০৫৫২ | বাংলাদেশ সার্ভিসেস | ২০১১১২ | ১৮.০৭.২০১২ | - | ২০৩০% বো. | ২৮.০৬.২০১২ | ১৪.০৬.২০১২ |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১০ | ১৮৫৮১ | মেরিকো বাংলাদেশ | ২০১১১২ | ১৯.০৭.২০১২ | ১০০.০০ | - | ২১.০৫.২০১২ | ২৫.০৪.২০১২ |
| ১১ | ২৫৭২৫ | ফারইস্ট ইসলামি লাইফ ইন্সুরেন্স | ২০১১১২ | ২৯.০৭.২০১২ | ১২.৫০ | ২৫৩০% বো. | ০৩.০৭.২০১২ | ২৪.০৬.২০১২ |
| ১২ | ১৭৪৪৪ | সিএমসি কামাল | ২০১১১২ | ৩১.০৭.২০১২ | - | ১২.৫০৩০%বো. | ২৪.০৫.২০১২ | ৩০.০৪.২০১২ |
| ১৩ | ২৫৭০৬ | জনতা ইন্সুরেন্স | ২০১০১২ | ০২.০৮.২০১২ | - | ১৫৩০% বো. | ২৯.০৫.২০১২ | ১৫.০৫.২০১২ |
| ১৪ | ২৫৭৪১ | রুপালী লাইফ ইন্সরেন্স | ২০১১১২ | ০৮.০৮.২০১২ | - | ১৪৩০% বো. | ০৯.০৭.২০১২ | ২৮.০৬.২০১২ |
| ১৫ | ১৫৩১৫ | জিবিবি পাওয়ার | ২০১১১২ | ১২.০৮.২০১২ | ৫.০০ | ২৫৩০% বো. | ১৫.০৭.২০১২ | ০২.০৭.২০১২ |
| ১৬ | ২৫৭৩২ | প্রাইম ইসলামি লাইফ ইন্সুরেন্স | ২০১০১২ | ২৬.০৮.২০১২ | - | ১০৩০% বো. | ০৬.০৮.২০১২ | ১৫.০৭.২০১২ |
| ১৭ | ২৫৭২৬ | মেঘনা লাইফ ইন্সরেন্স | ২০১১১২ | ২৮.০৮.২০১২ | ৩০.০০ | - | ০৫.০৭.২০১২ | ১৪.০৬.২০১২ |
| ১৮ | ২৫৭২৮ | প্রগ্রেসিভ লাইফ ইন্সুরেন্স | ২০১১১২ | ০৬.০৯.২০১২ | - | ১৮৩০% বো. | ০৯.০৭.২০১২ | ২৪.০৬.২০১২ |
| ১৯ | ১৭৪২১ | এপেক্স স্পিনিং | ২০১২০৩ | ১৯.০৯.২০১২ | ১৮.০০ | - | ২৫.০৭.২০১২ | ১৫.০৭.২০১২ |
| ২০ | ১৪২৫৪ | এপেক্স ফুডস | ২০১২০৬ | ১৯.০৯.২০১২ | ১৮.০০ | - | ১৩.০৮.২০১২ | ০১.০৮.২০১২ |
| ২১ | ২৫৭৪৫ | পদ্মা লাইফ ইন্সুরেন্স | ২০১১১২ | ২০.০৯.২০১২ | নিল | - | ১৫.০৭.২০১২ | ০২.০৭.২০১২ |
| ২২ | ১৮৪৭৩ | স্কয়ার ফার্মা | ২০১২০৩ | ২৫.০৯.২০১২ | ২৫.০০ | ৪০৩০% বো. | ২৬.০৮.২০১২ | ২৩.০৭.২০১২ |
| ২৩ | ২৩৬০১ | এপেক্স ট্যানারী | ২০১২০৬ | ২৬.০৯.২০১২ | ৩৫.০০ | - | ২৯.০৮.২০১২ | ০৮.০৮.২০১২ |
| ২৪ | ১৩২২৮ | নাভানা সিএনজি | ২০১২০৩ | ২৭.০৯.২০১২ | ১০.০০ | ১৫৩০% বো. | ০৮.০৮.২০১২ | ৩০.০৭.২০১২ |
| ২৫ | ৯৯৬১৩ | বেক্সিমকো | ২০১১১২ | ২৯.০৯.২০১২ | - | ২৫৩০% বো. | ২৩.০৭.২০১২ | ২৯.০৪.২০১২ |
| ২৬ | ১৭৪০৮ | টাইলক্রাফট লিঃ | ২০১১১২ | ২৯.০৯.২০১২ | ৫০.০০ | - | ২৭.০৮.২০১২ | ০৮.০৭.২০১২ |
| ২৭ | ১৭৪১৩ | মডার্ণ ডাইং | ২০১২০৬ | ০৪.১০.২০১২ | ৭.০০ | - | ১৯.০৯.২০১২ | ৩০.০৮.২০১২ |
| ২৮ | ১৭৪৫৩ | সায়হাম কটন মিলস্‌ | ২০১২০৪ | ০৪.১০.২০১২ | ১০.০০ | - | ১২.০৯.২০১২ | ০২.০৯.২০১২ |
| ২৯ | ১৩৪৬৯ | ন্যাশনাল পলিমার | ২০১২০৬ | ১৫.১০.২০১২ | - | ১৫৩০% বো. | ১১.০৯.২০১২ | ০২.০৯.২০১২ |
| ৩০ | ২৯০০২ | ইউনিক হোটেল | ২০১১১২ | ১৮.১০.২০১২ | ১৫.০০ | ১৫৩০% বো. | ২৫.০৯.২০১২ | ১৯.০৯.২০১২ |
| ৩১ | ১২১৫১ | আইসিবি | ২০১২০৬ | ২০.১০.২০১২ | ২৫.০০ | ২৫৩০% বো. | ০৩.১০.২০১২ | ২৯.০৯.২০১২ |
| ৩২ | ১৭৪২৭ | ডেল্টা স্পিনারস | ২০১২০৬ | ০৪.১১.২০১২ | - | ৫০৩০% বো. | ১০.১০.২০১২ | ৩০.০৯.২০১২ |
| ৩৩ | ১১১২২ | মাইডাস ফিন্যান্সিং | ২০১২০৬ | ০৬.১১.২০১২ | নিল | - | ০২.০৯.২০১২ | ০৮.০৮.২০১২ |
| ৩৪ | ২৯০০১ | ইউনাইটেড এয়ারওয়েজ | ২০১২০৬ | ০৬.১১.২০১২ | - | ১৫% বো. | ০৭.১০.২০১২ | ২৪.০৯.২০১২ |
| ৩৫ | ২৫৭৩২ | প্রাইম ইসলামি লাইফ ইন্সুরেন্স | ২০১১১২ | ০৭.১১.২০১২ | ১৫.০০ | ১৫% বো. | ২৫.০৯.২০১২ | ০২.০৯.২০১২ |
| ৩৬ | ১৫৩১৩ | বরাকাতুল্লাহ ইলেক্ট্রো ডায়নামিক | ২০১২০৬ | ০৮.১১.২০১২ | - | ২১% বো. | ০৮.১০.২০১২ | ২৫.০৯.২০১২ |
| ৩৭ | ২৫৭০৬ | জনতা ইন্সুরেন্স | ২০১১১২ | ১১.১১.২০১২ | - | ১০% বো. | ০৭.১০.২০১২ | ১৯.০৯.২০১২ |
| ৩৮ | ১৩২৩০ | জিএইচপি ইস্পাত | ২০১২০৪ | ১৩.১১.২০১২ | ১০.০০ | ২০% বো. | ১৩.০৯.২০১২ | ০৫.০৮.২০১২ |
| ৩৯ | ২০৬২১ | ডেল্টা ব্রাক হাউজিং ফিন্যান্স | ২০১২০৬ | ১৪.১১.২০১২ | ১০.০০ | ১৫% বো. | ১৩.০৯.২০১২ | ২৬.০৮.২০১২ |
| ৪০ | ২৭০০২ | বাংলাদেশ সাবমেরিন কেবল কোং | ২০১২০৬ | ১৭.১১.২০১২ | ২০.০০ | ১০% বো. | ২৪.০৯.২০১২ | ০৬.০৯.২০১২ |
| ৪১ | ২২৬৪৭ | আমরা টেকনোলজিস | ২০১২০৬ | ১৮.১১.২০১২ | - | ২০% বো. | ১৬.১০.২০১২ | .১.১০.২০১২ |
| ৪২ | ১৭৪৪৯ | ঢাকা ডাইং | ২০১২০৬ | ৩০.১১.২০১২ | - | ১২% বো. | ৩০.১০.২০১২ | ১১.১০.২০১২ |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ৪৩ | ২০৬২০ | ইষ্টার্ণ হাউজিং | ২০১২০৭ | ০৩.১২.২০১২ | ১০.০০ | ১০% বো. | ১৫.১১.২০১২ | ০৭.১১.২০১২ |
| ৪৪ | ১৮৪৭৪ | ইমাম বাটন | ২০১২০৬ | ০৪.১২.২০১২ | নিল | - | ১৮.১১.২০১২ | ২৩.১০.২০১২ |
| ৪৫ | ১৮৪৬২ | ফার্মা এইডস | ২০১২০৬ | ০৬.১২.২০১২ | ২৫.০০ | - | ২২.১০.২০১২ | ০৮.১০.২০১২ |
| ৪৬ | ১৮৪৭২ | ওরিয়ন ইনফিশন | ২০১২০৬ | ০৬.১২.২০১২ | ১৬.০০ | - | ০৫.১১.২০১২ | ২১.১০.২০১২ |
| ৪৭ | ১৮৪৬৩ | কোহিনুর কেমিকালস | ২০১২০৬ | ০৬.১২.২০১২ | ১০.০০ | ৩০% বো. | ০৫.১১.২০১২ | ২১.১০.২০১২ |
| ৪৮ | ১৩২১৫ | রেনউইক যজ্ঞেশ্বর | ২০১২০৬ | ০৮.১২.২০১২ | ২২.০০ | - | ২১.১১.২০১২ | ৩০.১০.২০১৩ |
| ৪৯ | ১৬৩৫৫ | জুট স্পিনার্স | ২০১২০৬ | ১০.১২.২০১২ | ২০.০০ | - | ১১.১১.২০১২ | ২২.১০.২০১২ |
| ৫০ | ১৪২৯২ | ফাইন ফুডস | ২০১২০৬ | ১১.১২.২০১২ | - | ১০% বো. | ০৮.১১.২০১২ | ২৩.১০.২০১২ |
| ৫১ | ১৪২৬৬ | জিল বাংলা সুগার | ২০১২০৬ | ১৫.১২.২০১২ | নিল | - | ২১.১১.২০১২ | ৩০.১০.২০১২ |
| ৫২ | ১৪২৬২ | জেমিনী সী ফুড | ২০১২০৯ | ১৮.১২.২০১২ | ১৫.০০ | - | ২৭.১১.২০১২ | ১৫.১১.২০১২ |
| ৫৩ | ১৭৪১০ | রহিম টেক্সটাইল | ২০১২০৬ | ১৯.১২.২০১২ | - | ১০% বো. | ০৮.১১.২০১২ | ১৬.১০.২০১২ |
| ৫৪ | ১৪২৭৭ | এএমসিএল (প্রাণ) | ২০১২০৬ | ২০.১২.২০১২ | ৩১.০০ | - | ০৫.১১.২০১২ | ১৮.১০.২০১২ |
| ৫৫ | ১৭৪০১ | আলহাজ্জ টেক্সটাইল | ২০১২০৬ | ২০.১২.২০১২ | - | ১০% বো. | ১৮.১১.২০১২ | ৩০.১০.২০১২ |
| ৫৬ | ১৩২০১ | আফতাব অটোমোবাইলস | ২০১২০৮ | ২০.১২.২০১২ | - | ২৫% বো. | ০৫.১২.২০১২ | ২৬.১১.২০১২ |
| ৫৭ | ৯৯৬৩৭ | মিরাকল ইন্ডাস্ট্রিজ | ২০১২০৬ | ২২.১২.২০১২ | - | ৫% বো. | ১২.১১.২০১২ | ২১.১০.২০১২ |
| ৫৮ | ১৪২৭৮ | শ্যামপুর সুগার মিল | ২০১২০৬ | ২২.১২.২০১২ | নিল | - | ২১.১১.২০১২ | ৩০.১০.২০১২ |
| ৫৯ | ২২৬৪৫ | অগ্নি সিস্টেমস | ২০১২০৬ | ২২.১২.২০১২ | - | ১০% বো. | ২২.১১.২০১২ | ০১.১১.২০১২ |
| ৬০ | ১৩২১৮ | ন্যাশনাল টিউবস | ২০১২০৬ | ২২.১২.২০১২ | ১০.০০ | - | ২০.১১.২০১২ | ০৪.১১.২০১২ |
| ৬১ | ১৪৬৩২ | ফু-ওয়াং সিরামিক | ২০১২০৬ | ২৩.১২.২০১২ | - | ১০% বো. | ০১.১১.২০১২ | ১১.১০.২০১২ |
| ৬২ | ১৭৪১২ | সায়হাম টেক্সটাইল | ২০১২০৬ | ২৩.১২.২০১২ | ১৫.০০ | - | ০৮.১১.২০১২ | ১৭.১০.২০১২ |
| ৬৩ | ২১৬৪৪ | এম আই সিমেন্ট | ২০১২০৬ | ২৩.১২.২০১২ | ৩৫.০০ | ১০% বো. | ২২.১১.২০১২ | ২১.১০.২০১২ |
| ৬৪ | ১৪২৬৯ | সিভিও পেট্রোকেমিক্যাল | ২০১২০৬ | ২৩.১২.২০১২ | - | ২০% বো. | ২১.১১.২০১২ | ২২.১০.২০১২ |
| ৬৫ | ১৭৪৫২ | জাহিনটেক্স ইন্ডাঃ | ২০১২০৬ | ২৩.১২.২০১২ | ১০.০০ | ১০% বো. | ১৫.১১.২০১২ | ৩০.১০.২০১২ |
| ৬৬ | ১৮৪৮২ | বীকন ফার্মা | ২০১২০৬ | ২৩.১২.২০১২ | নিল | - | ২২.১১.২০১২ | ৩১.১০.২০১২ |
| ৬৭ | ১৭৪২৪ | মিথুন নিটিং | ২০১২০৬ | ২৩.১২.২০১২ | - | ২০% বো. | ২৬.১১.২০১২ | ১১.১১.২০১২ |
| ৬৮ | ১৭৪১৭ | তালু স্পিনিং | ২০১২০৬ | ২৩.১.২০১২ | - | ১০% বো. | ২৬.১১.২০১২ | ১১.১১.২০১২ |
| ৬৯ | ১৪২৫৭ | বসুন্ধরা লিঃ | ২০১২০৬ | ২৩.১২.২০১২ | - | ৪৫% বো. | ২৬.১১.২০১২ | ১১.১১.২০১২ |
| ৭০ | ১৩২১৪ | কাশেম ড্রাইসেলস | ২০১২০৬ | ২৩.১২.২০১২ | ৫.০০ | ১০% বো. | ১৩.১১.২০১২ | ১৮.১০.২০১২ |
| ৭১ | ১৭৪৫১ | মালেক স্পিনিং মিলস | ২০১২০৬ | ২৪.১২.২০১২ | - | ১০% বো. | ১৫.১১.২০১২ | ২১.১০.২০১২ |
| ৭২ | ১৩২১২ | এটলাস বাংলাদেশ | ২০১২০৬ | ২৪.১২.২০১২ | ১৫.০০ | - | ২৬.১১.২০১২ | ০৬.১১.২০১২ |
| ৭৩ | ১৭৪৪৭ | মেট্রো স্পিনিং | ২০১২০৬ | ২৫.১২.২০১২ | - | ১০% বো. | ১৫.১১.২০১২ | ৩০.১০.২০১২ |
| ৭৪ | ১৮৪৭৭ | কেয়া কসমেটিকস | ২০১২০৬ | ২৫.১২.২০১২ | - | ১০% বো. | ১৫.১১.২০১২ | ৩০.১০.২০১২ |
| ৭৫ | ১৮৪৭১ | লিবরা ইনফিশন | ২০১২০৬ | ২৬.১২.২০১২ | ২০.০০ | - | ১২.১১.২০১২ | ২৩.১০.২০১২ |
| ৭৬ | ১৪২৮৬ | ফু-ওয়াং ফুড | ২০১২০৬ | ২৬.১২.২০১২ | - | ১২% বো. | ১৯.১১.২০১২ | ৩০.১০.২০১২ |
| ৭৭ | ২৪৬২৬ | ষ্ট্যান্ডার্ড সিরামিক | ২০১২০৬ | ২৬.১২.২০১৩ | ১০.০০ | - | ০৮.১১.২০১২ | ৩০.১০.২০১২ |
| ৭৮ | ২৩৬৩৪ | সমতা লেদার | ২০১২০৬ | ২৬.১২.২০১২ | নিল | - | ২৬.১১.২০১২ | ০১.১১.২০১২ |
| ৭৯ | ১৪২৮১ | রহিমা ফুড | ২০১২০৬ | ২৬.১২.২০১২ | ১০.০০ | - | ২৯.১১.২০১২ | ১২.১১.২০১২ |
| ৮০ | ১৭৪৪০ | অলটেক্স ইন্ডাঃ | ২০১২০৬ | ২৭.১২.২০১২ | নিল | - | ০৬.১২.২০১২ | ২৩.১০.২০১২ |
| ৮১ | ১৭৪১ | আনলিমা ইয়ার্ণ | ২০১২০৬ | ২৭.১২.২০১২ | ১০.০০ | - | ১১.১১.২০১২ | ৩০.১০.২০১২ |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ৮২ | ১৩২০৩ | অলিম্পিক ইন্ডাঃ | ২০১২০৬ | ২৭.১২.২০১২ | ১০.০০ | ৫০% বো. | ২২.১১.২০১২ | ৩০.১০.২০১২ |
| ৮৩ | ১৭৪১৫ | দেশ গার্মেন্টস | ২০১২০৬ | ২৭.১২.২০১২ | ৭.০০ | - | ১৫.১১.২০১২ | ৩০.১০.২০১২ |
| ৮৪ | ২২৬৪৬ | ডেফোডিল কম্পিউটারস | ২০১২০৬ | ২৭.১২.২০১২ | ১০.০০ | - | ১৫.১১.২০১২ | ৩১.১০.২০১২ |
| ৮৫ | ১৩২১৩ | বিডি অটোকারস | ২০১২০৬ | ২৭.১২.২০১২ | - | ২% বো. | ২১.১১.২০১৩ | ০৪.১১.২০১২ |
| ৮৬ | ১৪২৮৭ | মেঘনা পেট | ২০১২০৬ | ২৭.১২.২০১২ | নিল | - | ০৬.১২.২০১২ | ০৫.১১.২০১২ |
| ৮৭ | ১৪২৯০ | মেঘনা কনডেন্সড | ২০১২০৬ | ২৭.১২.২০১২ | নিল | - | ০৬.১২.২০১২ | ০৫.১১.২০১৩ |
| ৮৮ | ১৪৬০৬ | মন্নু সিরামিক | ২০১২০৬ | ২৭.১২.২০১২ | ৫.০০ | - | ২৭.১১.২০১২ | ১৩.১১.২০১২ |
| ৮৯ | ১৬৩৩০ | সোনালী আঁশ | ২০১২০৬ | ২৭.১২.২০১২ | ১০.০০ | - | ২০.১২.২০১২ | ১০.১২.২০১২ |
| ৯০ | ৯৯৬০৮ | উসমানিয়া গ্লাস | ২০১২০৬ | ২৮.১২.২০১২ | - | ২০% বো. | ২৬.১১.২০১২ | ৩০.১০.২০১২ |
| ৯১ | ১৯৫১০ | হাক্কানী পাল্প এন্ড পেপার | ২০১২০৬ | ২৯.১২.২০১২ | ৫.০০ | - | ২৭.১১.২০১২ | ১৬.০৯.২০১২ |
| ৯২ | ১৭৪৩৪ | প্রাইম টেক্সটাইল | ২০১২০৬ | ২৯.১২.২০১২ | ১০.০০ | - | ১১.১১.২০১২ | ৩১.১০.২০১২ |
| ৯৩ | ১৭৪১৬ | দুলামিয়া কটন | ২০১২০৬ | ২৯.১২.২০১২ | নিল | - | ০৩.১২.২০১২ | ১১.১১.২০১২ |
| ৯৪ | ২২৬৪৩ | বিডিকম অনলাইন | ২০১২০৬ | ২৯.১২.২০১২ | - | ১০% বো. | ১৯.১১.২০১২ | ৩০.১০.২০১২ |
| ৯৫ | ১৩২২৯ | দেশবন্ধু পলিমার | ২০১২০৬ | ৩০.১২.২০১২ | ৫.০০ | ৫% বো. | ০১.১১.২০১২ | ১৫.১০.২০১২ |
| ৯৬ | ১৬৩৫৭ | নর্দার্ন জুট | ২০১২০৬ | ৩০.১২.২০১২ | নিল | - | ০৯.১২.২০১২ | ৩১.১০.২০১২ |
| ৯৭ | ১৫৩১১ | তিতাস গ্যাস | ২০১২০৬ | ৩০.১২.২০১২ | ৩০.০০ | ৫% বো. | ২৭.১১.২০১২ | ১৫.১১.২০১২ |
| ৯৮ | ১৭৪৫৫ | এনভয় টেক্সটাইলস | ২০১২০৯ | ৩১.১২.২০১২ | ১৫.০০ | ৫% বো. | ১৭.১২.২০১২ | ০৬.১২.২০১২ |
| ৯৯ | ১৭৪৫৪ | জেনারেশন নেক্সট ফ্যাশনস | ২০১১১২ | ৩১.১২.২০১২ | - | ২০% বো. | ১৭.১২.২০১২ | ১০.১২.২০১২ |
| ১০০ | ১৫৩০৭ | ডেসকো | ২০১২০৬ | ০২.০১.২০১৩ | ১০.০০ | ১৫% বো. | ০৭.১১.২০১২ | ৩০.১০.২০১২ |
| ১০১ | ১৫৩০৮ | পাওয়ার গ্রীড কোঃ | ২০১২০৬ | ০৫.০১.২০১৩ | ১০.০০ | ১০% বো. | ২১.১১.২০১২ | ১১.১১.২০১২ |
| ১০২ | ২০৫৫৩ | শমরিতা হাসপাতাল | ২০১২০৬ | ১০.০১.২০১৩ | - | ১৮% বো. | ০৮.১১.২০১২ | ১০.১০.২০১২ |
| ১০৩ | ৯৯৬১১ | সাভার রিফ্রাক্টরিজ | ২০১২০৬ | ১০.০১..২০১৩ | নিল | - | ০২.১২.২০১২ | ২১.১০.২০১২ |
| ১০৪ | ১৫৩০৯ | যমুনা অয়েল | ২০১২০৬ | ১২.০১.২০১৩ | ৪৫.০০ | ৩০% বো. | ০৬.১২.২০১২ | ২২.১১.২০১২ |
| ১০৫ | ১৫৩০৩ | ইষ্টার্ন লুব্রিকেন্ট | ২০১২০৬ | ১৯.০১.২০১৩ | ৩০.০০ | - | ০৫.১২.২০১২ | ১২.১১.২০১২ |
| ১০৬ | ১৫৩১০ | মেঘনা পেট্রোলিয়াম | ২০১২০৬ | ২৬.০১.২০১৩ | ৪৫.০০ | ৩০% বো. | ২৪.১২.২০১২ | ২৬.১১.২০১২ |
| ১০৭ | ১৫৩০২ | পদ্মা অয়েল | ২০১২০৬ | ১৬.০২.২০১৩ | ৬৫.০০ | ৩৫% বো. | ২৬.১২.২০১২ | ১২.১১.২০১২ |
| ১০৮ | ১১১১১ | আইডিএলসি ফিন্যান্স | ২০১২১২ | ২৫.০৩.২০১৩ | - | ৩০% বো. | ২৮.০২.২০১৩ | ১৭.০২.২০১৩ |
| ১০৯ | ১১১৩১ | প্রাইম ফিন্যান্স | ২০১২১২ | ২৭.০৩.২০১৩ | ১০.০০ | ২০% বো. | ০৫.০৩.২০১৩ | ২৪.০২.২০১৩ |
| ১১০ | ১৩২২১ | আনোয়ার গ্যালভানাইজিং | ২০১২০৬ | ২৮.০৩.২০১৩ | ৫.০০ | - | ০৭.১১.২০১২ | ২৩.১০.২০১২ |
| ১১১ | ১৭৪৪৮ | ম্যাকসনস স্পিনিং মিলস | ২০১২০৯ | ২৮.০৩.২০১৩ | - | ৫% বো. | ১৮.০২.২০১৩ | ২৯.০১.২০১৩ |
| ১১২ | ২৫৭০২ | গ্রীন ডেল্টা ইন্সুরেন্স | ২০১২১২ | ২৮.০৩.২০১৩ | ১৫.০০ | ১৫% বো. | ২৭.০২.২০১৩ | ১৭.০২.২০১৩ |
| ১১৩ | ১৪২৯৪ | গোল্ডেন হারভেস্ট এ্যাগ্রো | ২০১২০৬ | ২৮.০৩.২০১৩ | - | ২০% বো. | ১৪.০৩.২০১৩ | ০৩.০৩.২০১৩ |
| ১১৪ | ১১১১৩ | ইউনাইটেড লিজিং | ২০১২১২ | ২৮.০৩.২০১৩ | ৫.০০ | ১৫% বো. | ১২.০৩.২০১৩ | ০৩.০৩.২০১৩ |
| ১১৫ | ২৫৭০৮ | ইস্টল্যান্ড ইন্সুরেন্স | ২০১২১২ | ২৮.০৩.২০১৩ | - | ৩০% বো. | ১৩.০৩.২০১৩ | ০৫.০৩.২০১৩ |
| ১১৬ | ১৩২২৫ | এস আলম কোল্ড রোল্ড স্টিল | ২০১২০৯ | ৩০.০৩.২০১৩ | ১৫.০০ | - | ০৭.০৩.২০১৩ | ২৬.০২.২০১৩ |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১১৭ | ২৫৭১৯ | প্রাইম ইন্সুরেন্স | ২০১২১২ | ৩০.০৩.২০১৩ | - | ১৫% বো. | ২৮.০২.২০১৩ | ১৮.০২.২০১৩ |
| ১১৮ | ১১১১২ | ইষ্টার্ণ ব্যাংক | ২০১২১২ | ৩১.০৩.২০১৩ | ২০.০০ | - | ১০.০৩.২০১৩ | ২৭.০২.২০১৩ |
| ১১৯ | ১১১১৬ | প্রাইম ব্যাংক | ২০১২১২ | ৩১.০৩.২০১৩ | ১০.০০ | ১০% বো. | ১২.০৩.২০১৩ | ০৩.০৩.২০১৩ |
| ১২০ | ১১১২৭ | ব্যাংক এশিয়া | ২০১২১২ | ৩১.০৩.২০১৩ | - | ১০% বো. | ১২.০৩.২০১৩ | ০৩.০৩.২০১৩ |
| ১২১ | ১১১৪১ | ইউনিয়ন ক্যাপিটাল | ২০১২১২ | ৩১.০৩.২০১৩ | - | ৫% বো. | ১১.০৩.২০১৩ | ০৩.০৩.২০১৩ |
| ১২২ | ১১১৩৫ | লংকা বাংলা ফিন্যান্স | ২০১২১২ | ৩১.০৩.২০১৩ | - | ১০% বো. | ১৪.০৩.২০১৩ | ০৪.০৩.২০১৩ |
| ১২৩ | ১৪২৫৯ | ব্যাটবিসি | ২০১২১২ | ০১/০৪/২০১৩ | ৫০০.০০ | - | ১০.০৩.২০১৩ | ২৭.০২.২০১৩ |
| ১২৪ | ১৭৪৪২ | এইচ আর টেক্সটাইল | ২০১২০৯ | ০৯.০৪.২০১৩ | ১৫.০০ | - | ১৪.০২.২০১৩ | ২৩.০১.২০১৩ |
| ১২৫ | ২৪৬৩৪ | আরএকে সিরামিকস | ২০১২১২ | ১০.০৪.২০১৩ | ১৫.০০ | ১০% বো. | ২৪.০২.২০১৩ | ১১.০২.২০১৩ |
| ১২৬ | ২৭০০১ | গ্রামীন ফোন | ২০১২১২ | ১০.০৪.২০১৩ | ১৪০.০০ | - | ২০.০২.২০১৩ | ১১.০২.২০১৩ |
| ১২৭ | ১১১২৫ | স্ট্যান্ডার্ড ব্যাংক | ২০১২১২ | ১৫.০৪.২০১৩ | - | ১৭%বো | ২৪.০৩.২০১৩ | ১০.০৩.২০১৩ |
| ১২৮ | ১৮৪৮৩ | একটিভ ফাইন কেমিক্যালস | ২০১২১২ | ১৮.০৪.২০১৩ | - | ২৫%বো. | ২৭.০৩.২০১৩ | ১২.০৩.২০১৩ |
| ১২৯ | ১১১১৮ | ঢাকা ব্যাংক | ২০১২১২ | ১৮.০৪.২০১৩ | - | ১৬% বো. | ২৮.০৩.২০১৩ | ১৩.০৩.২০১৩ |
| ১৩০ | ১১১৪৭ | ফার্স্ট সিকিউরিটি ইসলামি ব্যাংক | ২০১২১২ | ২০.০৪.২০১৩ | - | ১০% বো. | ২৮.০৩.২০১৩ | ১৮.০৩.২০১৩ |
| ১৩১ | ৯৯৬৩৮ | বার্জার পেইন্ট | ২০১২১২ | ২১.০৪.২০১৩ | ১৮০.০০ | - | ৩১.০৩.২০১৩ | ১৮.০৩.২০১৩ |
| ১৩২ | ১১১১৭ | সাউথ ইস্ট ব্যাংক | ২০১২১ | ২১.০৪.২০১৩ | ১৫.০০ | - | ২৮.০৩.২০১৩ | ১৮.০৩.২০১৩ |
| ১৩৩ | ১৭৪৫৪ | জেনারেশন নেক্সট ফ্যাশনস | ২০১২১২ | ২২.০৪.২০১৩ | - | ২০% বো. | ০৬.০৩.২০১৩ | ২৫.০২.২০১৩ |
| ১৩৪ | ১৮৪৫৪ | গ্যাক্সো স্মিথক্লেইন | ২০১২১২ | ২৩.০৪.২০১৩ | ১৫০.০০ | - | ১৮.০৩.২০১৩ | ২৭.০২.২০১৩ |
| ১৩৫ | ১৭৪৫৬ | আরগন ডেনিমস | ২০১২১২ | ২৩.০৪.২০১৩ | - | ২০% বো. | ০৭.০৪.২০১৩ | ১৭.০৩.২০১৩ |
| ১৩৬ | ২৫৭১১ | রুপালি ইন্সুরেন্স | ২০১২১২ | ২৪.০৪.২০১৩ | - | ২০% বো. | ২৮.০৩.২০১৩ | ১৪.০৩.২০১৩ |
| ১৩৭ | ১১১৩৩ | ইসলামিক ফিন্যান্স | ২০১২১২ | ২৪.০৪.২০১৩ | - | ১০% বো. | ২০.০৩.২০১৩ | ২৮.০২.২০১৩ |
| ১৩৮ | ১১১৪৬ | ফাস ফিন্যান্স | ২০১২১২ | ২৫.০৪.২০১৩ | - | ৬% বো. | ০৭.০৩.২০১৩ | ২৬.০২.২০১৩ |
| ১৩৯ | ১১১৩৭ | আইপিডিসি | ২০১২১২ | ২৫.০৪.২০১৩ | ১০.০০ | - | ১১.০৩.২০১৩ | ২৮.০২.২০১৩ |
| ১৪০ | ১১১২৮ | মার্কেন্টাইল ব্যাংক | ২০১২১২ | ২৭.০৪.২০১৩ | ৭.০০ | ৮% বো. | ২৮.০৩.২০১৩ | ১৪.০৩.২০১৩ |
| ১৪১ | ২৫৭১৪ | রিলায়েন্স ইন্সুরেন্স | ২০১২১২ | ২৭.০৪.২০১৩ | ১৫.০০ | ১০% বো. | ০৩.০৪.২০১৩ | ২৪.০৩.২০১৩ |
| ১৪২ | ১৫৩০৬ | সামিট পাওয়ার | ২০১২১২ | ২৮.০৪.২০১৩ | - | ২০% বো. | ২৮.০৩.২০১৩ | ১৮.০৩.২০১৩ |
| ১৪৩ | ১৫৩১৬ | সামিট পূর্বাঞ্চল পাওয়ার কোং | ২০১২১২ | ২৮.০৪.২০১৩ | - | ৩০% বো. | ২৮.০৩.২০১৩ | ১৮.০৩.২০১৩ |
| ১৪৪ | ১১১২১ | ডাচ-বাংলা ব্যাংক | ২০১২১২ | ২৮.০৪.২০১৩ | ৪০.০০ | - | ০৩.০৪.২০১৩ | ২৪.০৩.২০১৩ |
| ১৪৫ | ১১১২৩ | মিউচ্যুয়াল ট্রাস্ট ব্যাংক | ২০১২১২ | ২৯.০৪.২০১৩ | - | ১০% বো. | ০৯.০৪.২০১৩ | ৩১.০৩.২০১৩ |
| ১৪৬ | ১৩২২৭ | বিএসআরএম স্টীল | ২০১২১২ | ৩০.০৪.২০১৩ | ১০.০০ | ৫% বো. | ১২.০৩.২০১৩ | ০৩.০৩.২০১৩ |
| ১৪৭ | ১১১২৪ | ফার্স্ট লীজ ফিন্যান্স | ২০১২১২ | ৩০.০৪.২০১৩ | - | ২৫% বো. | ০৮.০৪.২০১৩ | ২৮.০৩.২০১৩ |
| ১৪৮ | ১৪২৯৩ | রংপুর ডেইরি এন্ড ফুড | ২০১২১২ | ০৪.০৫.২০১৩ | - | ১০% বো. | ১৭.০৪.২০১৩ | ০৭.০৪.২০১৩ |
| ১৪৯ | ১১১৪০ | প্রিমিয়ার ব্যাংক | ২০১২১২ | ০৬.০৫.২০১৩ | - | ১০% বো. | ১৮.০৪.২০১৩ | ১০.০৪.২০১৩ |
| ১৫০ | ২৫৭৩৫ | কন্টিনেন্টাল ইন্সুরেন্স | ২০১২১২ | ০৭.০৫.২০১৩ | ১০.০০ | - | ১৫.০৪.২০১৩ | ২৮.০৩.২০১৩ |
| ১৫১ | ৯৯৬০৪ | বিএসসি | ২০১২০৬ | ০৮.০৫.২০১৩ | ১০.০০ | - | ০৬.০৩.২০১৩ | ১৪.০২.২০১৩ |
| ১৫২ | ১৩২১১ | সিঙ্গার বাংলাদেশ | ২০১২১২ | ০৮.০৫.২০১৩ | ১২৫.০০ | ২৫% বো. | ০১.০৪.২০১৩ | ২০.০৩.২০১৩ |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১৫৩ | ২৫৭০১ | বিজিআইসি | ২০১২১২ | ০৮.০৫.২০১৩ | ১৬.০০ | - | ০২.০৪.২০১৩ | ২০.০৩.২০১৩ |
| ১৫৪ | ৯৯৬৩৫ | সিনোবাংলা ইন্ডাঃ | ২০১২১০ | ০৯.০৫.২০১৩ | ১১.০০ | - | ০৭.০৩.২০১৩ | ২০.০২.২০১৩ |
| ১৫৫ | ২৫৭০৩ | ইউনাইটেড ইন্স্যুরেন্স | ২০১২১২ | ০৯.০৫.২০১৩ | ৭.৫০ | ১০.১৯% বো. | ১৪.০৩.২০১৩ | ০৩.০৩২০১৩ |
| ১৫৬ | ১১১৩৮ | ব্রাক ব্যাংক | ২০১২১২ | ০৯.০৫.২০১৩ | - | ১৫% বো. | ০৭.০৪.২০১৩ | ২৭.০৩.২০১৩ |
| ১৫৭ | ২৩৬১৯ | এপেক্স এডেলসি ফুটওয়ার | ২০১২১২ | ০৯.০৫.২০১৩ | ৫০.০০ | - | ১৫.০৪.২০১৩ | ৩১.০৩.২০১৩ |
| ১৫৮ | ১১১০৩ | আইএফআইসি ব্যাংক | ২০১২১২ | ১২.০৫.২০১৩ | - | ১০% বো. | ১১.০৪.২০১৩ | ৩১.০৩.২০১৩ |
| ১৫৯ | ১৩২০৪ | বাংলাদেশ ল্যাম্পস | ২০১২১২ | ১২.০৫.২০১৩ | ২০.০০ | - | ১৭.০৪.২০১৩ | ০৭.০৪.২০১৩ |
| ১৬০ | ১১১১৫ | আল-আরাফাহ ইসলামি ব্যাংক | ২০১২১২ | ১৪.০৫.২০১৩ | - | ১৭% বো. | ১৮.০৪.২০১৩ | ০৭.০৪.২০১৩ |
| ১৬১ | ২৫৭১৭ | প্রগতি ইন্সুরেন্স | ২০১২১২ | ১৫.০৫.২০১৩ | ৭.৫০ | ৭.৫০% বো. | ২৪.০৪.২০১৩ | ১৫.০৪.২০১৩ |
| ১৬২ | ১৫৩০১ | লিনডে বাংলাদেশ | ২০১২১২ | ১৬.০৫.২০১৩ | ৩১০.০০ | - | ২৮.০৩.২০১৩ | ১৮.০৩.২০১৩ |
| ১৬৩ | ১১১৪৩ | ইন্টারন্যাশনাল লিজিং | ২০১২১২ | ১৬.০৫.২০১৩ | ৫.০০ | - | ১১.০৪.২০১৩ | ০২.০৪.২০১৩ |
| ১৬৪ | ২০৬২২ | সামিট এলাইন্স পোর্ট | ২০১২১২ | ১৯.০৫.২০১২ | ১০.০০ | ১০% বো. | ২২.০৪.২০১৩ | ০৯.০৪.২০১৩ |
| ১৬৫ | ১১১০৪ | ইসলামি ব্যাংক | ২০১২১২ | ২২.০৫.২০১৩ | ৮.০০ | ১৭% বো. | ১১.০৪.২০১৩ | ৩১.০৩.২০১৩ |
| ১৬৬ | ২৬০০১ | আইবিবিএল এমপিবি | ২০১২১২ | ২৩.০৫.২০১৩ | (প্রফিট) | | ১১.০৪.২০১৩ | ৩১.০৩.২০১৩ |
| ১৬৭ | ১১১০৭ | রুপালী ব্যাংক | ২০১২১২ | ২৫.০৫.২০১৩ | - | ১০% বো. | ০৯.০৫.২০১৩ | ২৯.০৪.২০১৩ |
| ১৬৮ | ১১১১৪ | উত্তরা ফিন্যান্স | ২০১২১২ | ২৭.০৫.২০১৩ | ২০.০০ | ১০% বো. | ১১.০৪.২০১৩ | ১৩.০৩.২০১৩ |
| ১৬৯ | ১১১১৯ | এনসিসি ব্যাংক | ২০১২১২ | ২৭.০৫.২০১৩ | - | ১০% বো. | ৩০.০৪.২০১৩ | ২১.০৪.২০১৩ |
| ১৭০ | ১১১৪৮ | বে লিজিং | ২০১২১২ | ২৭.০৫.২০১৩ | ১৫.০০ | - | ০৬.০৫.২০১৩ | ২৪.০৪.২০১৩ |
| ১৭১ | ২১৬১৪ | হেডেলবার্গ সিমেন্ট | ২০১২১২ | ২৯.০৫.২০১৩ | ৫০.০০ | - | ২৪.০৪.২০১৩ | ১৫.০৪.২০১৩ |
| ১৭২ | ১৮৪৫১ | এমবি ফার্মা | ২০১২১২ | ৩০.০৫.২০১৩ | ৩৩.০০ | - | ১৪.০৫.২০১৩ | ২৫.০৪.২০১৩ |
| ১৭৩ | ২৫৭৩৮ | নর্দার্ণ জেনারেল ইন্স্যুরেন্স | ২০১২১২ | ০১.০৬.২০১৩ | - | ১২% বো. | ২৮.০৩.২০১৩ | ০৭.০৩.২০১৩ |
| ১৭৪ | ২০৬২৩ | ন্যাশনাল হাউজিং | ২০১২১২ | ০১.০৬.২০১৩ | - | ৫% বো. | ০৯.০৫.২০১৩ | ২৮.০৪.২০১৩ |
| ১৭৫ | ২১৬২২ | মেঘনা সিমেন্ট | ২০১২১২ | ০২.০৬.২০১৩ | ২৫.০০ | - | ১২.০৫.২০১৩ | ২৯.০৪.২০১৩ |
| ১৭৬ | ১১১৩৯ | শাহজালাল ইসলামি ব্যাংক | ২০১২১২ | ০৪.০৬.২০১৩ | - | ২০% বো. | ০৯.০৫.২০১৩ | ২৯.০৪.২০১৩ |
| ১৭৭ | ১৮৪৮৪ | স্যালভো কেমিক্যাল | ২০১২১২ | ০৫.০৬.২০১৩ | - | ৫% বো. | ০৯.০৫.২০১৩ | ২৮.০৪.২০১৩ |
| ১৭৮ | ১১১৪৫ | ট্রাস্ট ব্যাংক | ২০১২১২ | ০৬.০৬.২০১৩ | - | ১০% বো. | ০৯.০৪.২০১৩ | ২৫.০৩.২০১৩ |
| ১৭৯ | ১১১৩৪ | যমুনা ব্যাংক | ২০১২১২ | ০৬.০৬.২০১৩ | ১৪.০০ | - | ২০.০৫.২০১৩ | ২৯.০৪.২০১৩ |
| ১৮০ | ১১১০৮ | ইউসিবিএল | ২০১২১২ | ০৬.০৬.২০১৩ | ১০.০০ | - | ১৩.০৫.২০১৩ | ০২.০৫.২০১৩ |
| ১৮১ | ২৫৭২৩ | গোবাল ইন্স্যুরেন্স | ২০১২১২ | ০৮.০৬.২০১৩ | - | ১২% বো. | ২১.০৪.২০১৩ | ০৭.০৪.২০১৩ |
| ১৮২ | ১১১৪৯ | জিএসপি ফিনান্স | ২০১২১২ | ০৮.০৬.২০১৩ | - | ১৫% বো. | ১৫.০৫.২০১৩ | ৩০.০৪.২০১৩ |
| ১৮৩ | ১৮৪৬৪ | ইবন সিনা | ২০১২১২ | ০৮.৬.২০১৩ | ১৫.০০ | ২০% বো. | ০৮.০৫.২০১৩ | ২১.০৪.২০১৩ |
| ১৮৪ | ১৩২০৬ | ইস্টার্ণ ক্যাবলস | ২০১২০৬ | ০৮.০৬.২০১৩ | ১০.০০ | - | ১৪.০৫.২০১৩ | ০৫.০৫.২০১৩ |
| ১৮৫ | ২১৬৪৩ | লাফার্জ সুরমা সিমেন্ট | ২০১২১২ | ০৮.০৬.২০১৩ | - | নিল | ০৯.০৪.২০১৩ | ১৮.০৩.২০১৩ |
| ১৮৬ | ১১১০৫ | ন্যাশনাল ব্যাংক | ২০১২১২ | ০৯.০৬.২০১৩ | ৬.০০ | - | ১৪.০৫.২০১৩ | ৩০.০৪.২০১৩ |
| ১৮৭ | ২৫৭২৭ | নিটল ইন্স্যুরেন্স | ২০১২১২ | ১১.০৬.২০১৩ | ১০.০০ | ৬% বো. | ৩০.০৪.২০১৩ | ২১.০৪.২০১৩ |
| ১৮৮ | ২৫৭১০ | কর্ণফুলি ইন্সুরেন্স | ২০১২১২ | ১১.০৬.২০১৩ | ১২.৫০ | - | ০৯.০৫.২০১৩ | ২৮.০৪.২০১৩ |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১৮৯ | ১৮৪৫৫ | এপিআই লিঃ | ২০১২১২ | ১১.০৬.২০১৩ | ৮০.০০ | ২০% বো. | ১২.০৫.২০১৩ | ০২.০৫.২০১৩ |
| ১৯০ | ১৮৪৮০ | এপিআই ফরমুলেশন | ২০১২১২ | ১১.০৬.২০১৩ | ২৫.০০ | - | ১২.০৫.২০১৩ | ০২.০৫.২০১৩ |
| ১৯১ | ২৫৭০৭ | ফনিক্স ইন্সুরেন্স | ২০১২১২ | ১২.০৬.২০১৩ | - | ২৫% বো. | ০৭.০৫.২০১৩ | ২১.০৪.২০১৩ |
| ১৯২ | ১৮৪৬০ | রেকিট বেনকিজার | ২০১২১২ | ১২.০৬.২০১৩ | ১৫০.০০ | - | ০৬.০৫.২০১৩ | ২৪.০৪.২০১৩ |
| ১৯৩ | ২৫৭৩৩ | প্যারামাউন্ট ইন্সুরেন্স | ২০১২১২ | ১২.০৬.২০১৩ | ৫.০০ | ৫% বো. | ০৯.০৫.২০১৩ | ২৯.০৪.২০১৩ |
| ১৯৪ | ১৩২২২ | কে এন্ড কিউ | ২০১২১২ | ১২.০৬.২০১৩ | - | নিল | ১৬.০৫.২০১৩ | ০৬.০৫.২০১৩ |
| ১৯৫ | ১১১৪৪ | ফিনিক্স ফিন্যান্স | ২০১২১২ | ১৩.০৬.২০১৩ | - | ২০% বো. | ১৮.০৪.২০১৩ | ০২.০৪.২০১৩ |
| ১৯৬ | ১১১২৬ | ওয়ান ব্যাংক | ২০১২১২ | ১৩.০৬.২০১৩ | ৫.০০ | ১৫% বো. | ২৪.০৪.২০১৩ | ১০.০৪.২০১৩ |
| ১৯৭ | ১৭৪৪৬ | স্কয়ার টেক্সটাইল | ২০১২১২ | ১৩.০৬.২০১৩ | ১৮.০০ | ১৫% বো. | ১২.০৫.২০১৩ | ২৮.০৪.২০১৩ |
| ১৯৮ | ১৫৩১৪ | এমজেএল বাংলাদেশ | ২০১২১২ | ১৫.০৬.২০১৩ | ২৫.০০ | - | ১৭.০৪.২০১৩ | ২৭.০৩.২০১৩ |
| ১৯৯ | ২৫৭৩৬ | তাকাফুল ইসলামি ইন্সুরেন্স | ২০১২১২ | ১৫.০৬.২০১৩ | - | ১৫% বো. | ৩০.০৪.২০১৩ | ১৫.০৪.২০১৩ |
| ২০০ | ১৩২১৯ | বিডি থাই এলুমিনিয়াম | ২০১২১২ | ১৫.০৬.২০১৩ | - | ৫% বো. | ২৬.০৫.২০১৩ | ২৮.০৪.২০১৩ |
| ২০১ | ২১৬৩৩ | আরামিট সিমেন্ট | ২০১২১২ | ১৫.০৬.২০১৩ | ১০.০০ | - | ০৮.০৫.২০১৩ | ২৯.০৪.২০১৩ |
| ২০২ | ৯৯৬০২ | আরামিট | ২০১২১২ | ১৫.০৬.২০১৩ | ৫০.০০ | - | ০৮.০৫.২০১৩ | ২৯.০৪.২০১৩ |
| ২০৩ | ১৫৩০৫ | বিডি ওয়েল্ডিং | ২০১২১২ | ১৫.০৬.২০১৩ | - | ৫% বো. | ১৫.০৫.২০১৩ | ৩০.০৪.২০১৩ |
| ২০৪ | ১১১০২ | সিটি ব্যাংক | ২০১২১২ | ১৬.০৬.২০১৩ | - | ১০% বো. | ২৯.০৪.২০১৩ | ১৮.০৪.২০১৩ |
| ২০৫ | ১১১০৯ | উত্তরা ব্যাংক | ২০১২১২ | ১৬.০৬.২০১৩ | ১৫.০০ | ১০% বো. | ১৩.০৫.২০১৩ | ৩০.০৪.২০১৩ |
| ২০৬ | ১৭৪৪৪ | সিএমসি কামাল | ২০১২১২ | ১৬.০৬.২০১৩ | - | ১৫% বো. | ২২.০৫.২০১৩ | ০২.০৫.২০১৩ |
| ২০৭ | ২৫৭২০ | পাইওনিয়ার ইন্সুরেন্স | ২০১২১২ | ১৭.০৬.২০১৩ | ১০.০০ | ২০% বো. | ১৫.০৫.২০১৩ | ৩০.০৪.২০১৩ |
| ২০৮ | ২৫৭৩৪ | সিটি জেনারেল ইন্সুরেন্স | ২০১২১২ | ১৮.০৬.২০১৩ | - | ১০% বো. | ২৯.০৪.২০১৩ | ১৮.০৪.২০১৩ |
| ২০৯ | ২৩৬০৩ | বাটা সু | ২০১২১২ | ১৯.০৬.২০১৩ | ২৭৫.০০ | - | ০৮.০৫.২০১৩ | ২৫.০৪.২০১৩ |
| ২১০ | ১৫৩১২ | খুলনা পাওয়ার কোঃ | ২০১২১২ | ১৯.০৬.২০১৩ | ১২.৫০ | ১২.৫০% বো. | ১৪.০৫.২০১৩ | ৩০.০৪.২০১৩ |
| ২১১ | ২৫৭০৯ | সেন্ট্রাল ইন্সুরেন্স | ২০১২১২ | ২০.০৬.২০১৩ | - | ১২% বো. | ৩০.০৪.২০১৩ | ২১.০৪.২০১৩ |
| ২১২ | ২৫৭৪৪ | ঢাকা ইন্সুরেন্স | ২০১২১২ | ২০.০৬.২০১৩ | ২০.০০ | - | ০৫.০৫.২০১৩ | ২১.০৪.২০১৩ |
| ২১৩ | ২২৬৪১ | ইনফরমেশন সার্ভিসেস নেটওয়ার্ক | ২০১২১২ | ২০.০৬.২০১৩ | - | ৫% বো. | ১৬.০৫.২০১৩ | ৩০.০৪.২০১৩ |
| ২১৪ | ২১৬২১ | কনফিডেন্স সিমেন্ট | ২০১২১২ | ২০.০৬.২০১৩ | ২০.০০ | - | ১২.০৫.২০১৩ | ৩০.০৪.২০১৩ |
| ২১৫ | ১৮৪৫৭ | রেনেটা লিঃ | ২০১২১২ | ২২.০৬.২০১৩ | ৬০.০০ | ২৫% বো. | ১৩.০৫.২০১৩ | ০২.০৫.২০১৩ |
| ২১৬ | ১৭৪৪৫ | সাফকো স্পিনিংস | ২০১২১২ | ২২.০৬.২০১৩ | - | ১০% বো. | ১৫.০৫.২০১৩ | ৩০.০৪.২০১৩ |
| ২১৭ | ২৫৭৪০ | এশিয়া ইন্সুরেন্স | ২০১২১২ | ২২.০৬.২০১৩ | ১০.০০ | ৫% বো. | ২০.০৫.২০১৩ | ০৯.০৫.২০১৩ |
| ২১৮ | ১১১২০ | সোস্যাল ইসলামি ব্যাংক | ২০১২১২ | ২২.০৬.২০১৩ | ৫.০০ | ১০% বো. | ২২.০৫.২০১৩ | ১২.০৫.২০১৩ |
| ২১৯ | ১৭৪৩৩ | সোনারগাঁও টেক্সটাইলস | ২০১২১২ | ২২.০৬.২০১৩ | - | ৫% বো. | ২৬.০৫.২০১৩ | ১৪.০৫.২০১৩ |
| ২২০ | ২৫৭৩৭ | ষ্ট্যান্ডার্ড ইন্সুরেন্স | ২০১২১২ | ২৩.০৬.২০১৩ | - | ১৫% বো. | ১৪.০৫.২০১৩ | ২৮.০৪.২০১৩ |
| ২২১ | ২৫৭২২ | অগ্রনী ইন্সুরেন্স | ২০১২১২ | ২৩.০৬.২০১৩ | - | ১০% বো. | ০৮.০৫.২০১৩ | ২৪.০৪.২০১৩ |
| ২২২ | ১৩২০২ | আজিজ পাইপস | ২০১২১২ | ২৩.০৬.২০১৩ | - | নিল | ২০.০৫.২০১৩ | ০২.০৫.২০১৩ |
| ২২৩ | ১১১৪২ | বাংলাদেশ ফিন্যান্স | ২০১২১২ | ২৪.০৬.২০১৩ | - | ১০% বো. | ১৫.০৫.২০১৩ | ২৯.০৪.২০১৩ |
| ২২৪ | ২৯০০২ | ইউনিক হোটেল | ২০১২১২ | ২৪.০৬.২০১৩ | ২৫.০০ | - | ২০.০৫.২০১৩ | ৩০.০৪.২০১৩ |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ২২৫ | ১১১৩২ | প্রিমিয়ার লিজিং | ২০১২১২ | ২৪.০৬.২০১৩ | - | নিল | ১৪.০৫.২০১৩ | ৩০.০৪.২০১৩ |
| ২২৬ | ১৮৪৮৬ | ওরিয়ন ফার্মা | ২০১২১২ | ২৪.০৬.২০১৩ | ২০.০০ | ২০% বো. | ২৬.০৫.২০১৩ | ২৫.০৫.২০১৩ |
| ২২৭ | ২৫৭২১ | মার্কেন্টাইল ইন্সুরেন্স | ২০১২১২ | ২৬.০৬.২০১৩ | - | ১২% বো. | ০৮.০৫.২০১৩ | ২৫.০৪.২০১৩ |
| ২২৮ | ২৫৭৩৯ | রিপাবলিক ইন্সুরেন্স | ২০১২১২ | ২৬.০৬.২০১৩ | - | ১২% বো. | ২২.০৫.২০১৩ | ০২.০৫.২০১৩ |
| ২২৯ | ২৫৭০৪ | পিপলস ইন্সুরেন্স | ২০১২১২ | ২৭.০৬.২০১৩ | ১৫.০০ | - | ১২.০৫.২০১৩ | ২১.০৪.২০১৩ |
| ২৩০ | ১১১১০ | আইসিবি ইসলামিক ব্যাংক | ২০১২১২ | ২৭.০৬.২০১৩ | - | নিল | ১৫.০৫.২০১৩ | ২৩.০৪.২০১৩ |
| ২৩১ | ১৮৪৮৫ | গোবাল হেভী কেমিক্যালস | ২০১২১২ | ২৭.০৬.২০১৩ | ১৫.০০ | - | ১৬.০৫.২০১৩ | ২৮.০৪.২০১৩ |
| ২৩২ | ৯৯৬০৫ | জি কিউ বলপেন | ২০১২১২ | ২৭.০৬.২০১৩ | - | ২০% বো. | ১২.০৫.২০১৩ | ২৮.০৪.২০১৩ |
| ২৩৩ | ১১১৩০ | পিপলস লীজিং | ২০১২১২ | ২৭.০৬.২০১৩ | - | ১২.৫০% বো. | ১২.০৫.২০১৩ | ২৯.০৪.২০১৩ |
| ২৩৪ | ১৩২২৪ | রংপুর ফাউন্ড্রি | ২০১২১২ | ২৭.০৬.২০১৩ | ২১.০০ | - | ১৬০৫.২০১৩ | ২৯.০৪.২০১৩ |
| ২৩৫ | ২২৬৪৪ | ইনটেক অনলাইন | ২০১২১২ | ২৭.০৬.২০১৩ | - | ১০% বো. | ১৬.০৫.২০১৩ | ৩০.০৪.২০১৩ |
| ২৩৬ | ১৩২২৬ | গোল্ডেন সন | ২০১২১২ | ২৭.০৬.২০১৩ | ৫.০০ | ১৫% বো. | ১৬.০৫.২০১৩ | ০২.০৫.২০১৩ |
| ২৩৭ | ১৩২০৯ | মন্নু জুট স্ট্যাফলারস | ২০১২১২ | ২৭.০৬.২০১৩ | ১০.০০ | - | ১৩.০৫.২০১৩ | ০২.০৫.২০১৩ |
| ২৩৮ | ২৫৭১৩ | ফেডারেল ইন্সুরেন্স | ২০১২১৩ | ২৯.০৬.২০১৩ | | ১২% বো. | ১৫.০৫.২০১৩ | ২৮.০৪.২০১৩ |
| ২৩৯ | ৯৯৬১৩ | বেক্সিমকো | ২০১২১২ | ২৯.০৬.২০১৩ | - | ১৫% বো. | ২০.০৫.২০১৩ | ৩০.০৪.২০১৩ |
| ২৪০ | ১৮৪৫৩ | বেক্সিমকো ফার্মা | ২০১২১২ | ২৯.০৬.২০১৩ | - | ১৫% বো. | ২০.০৫.২০১৩ | ৩০.৪.২০১৩ |
| ২৪১ | ১৮৪৭০ | বেক্সিমকো সিনথেটিকস | ২০১২১২ | ২৯.০৬.২০১৩ | - | ১০% বো. | ২০.০৫.২০১৩ | ০২.০৫.২০১৩ |
| ২৪২ | ২৪৬৩৩ | শাইনপুকুর সিরামিকস | ২০১২১২ | ২৯.০৬.২০১৩ | - | ১৫% বো. | ২০.০৫.২০১৩ | ০২.০৫.২০১৩ |
| ২৪৩ | ২৩৬৩৬ | লিগেসি ফুটওয়ার | ২০১২১২ | ২৯.০৬.২০১৩ | - | ৫% বো. | ১২.০৫.২০১৩ | ০২.০৫.২০১৩ |
| ২৪৪ | ২৫৭১৫ | পূরবী জেনারেল ইন্সুরেন্স | ২০১২১২ | ২৯.০৬.২০১৩ | - | ১০% বো. | ২১.০৫.২০১৩ | ১২.০৫.২০১৩ |
| ২৪৫ | ২৫৭১৮ | সন্ধানী লাইফ ইন্সুরেন্স | ২০১২১২ | ২৯.০৬.২০১৩ | - | ৩০% বো. | ১১.০৬.২০১৩ | ০২.০৬.২০১৩ |
| ২৪৬ | ২৫৭৪২ | ইসলামি ইন্সুরেন্স | ২০১২১২ | ৩০.০৬.২০১৩ | - | ১২% বো. | ০৮.০৫.২০১৩ | ২৫.০৪.২০১৩ |
| ২৪৭ | ২৫৭৪৩ | প্রগতি ইন্সুরেন্স | ২০১২১২ | ৩০.০৬.২০১৩ | - | ১২% বো. | ১৩.০৫.২০১৩ | ২৯.০৪.২০১৩ |
| ২৪৮ | ২৫৭৩০ | সোনার বাংলা ইন্সুরেন্স | ২০১২১২ | ৩০.৬.২০১৩ | - | ১২% বো. | ২১.০৫.২০১৩ | ০৮.০৫.২০১৩ |
| ২৪৯ | ১৪২৯১ | বীচ হ্যাচারী | ২০১২১২ | ৩০.৬.২০১৩ | - | ১০% বো. | ১০.০৬.২০১৩ | ২৩.০৫.২০১৩ |
| ২৫০ | ২৫৭১২ | ন্যাশনাল লাইফ ইন্সুরেন্স | ২০১২১২ | ৩০.০৬.২০১৩ | ৩০.০০ | ৩০% বো. | ০৯.০৬.২০১৩ | ২৯.০৫.২০১৩ |

## তালিকাভুক্ত কোম্পানির বিরুদ্ধে অভিযোগ: ( জুলাই ২০১২ - জুন ২০১৩)

| অভিযোগের প্রকৃতি | গৃহীত অভিযোগের সংখ্যা | প্রক্রিয়াধীন | মিমাংসিত | অপ্রাসঙ্গিক অভিযোগ |
|---|---|---|---|---|
| ঘোষিত লভ্যাংশ প্রদান না করা অথবা দেরীতে প্রদান | ২২ | ৪ | ১৬ | |
| ডিবেঞ্চারের আসল ও সুদ প্রদান না করা | ২ | | ১ | |
| শেয়ার ট্রান্সফার সম্পর্কিত | ১ | ১ | | |
| রাইট অফারের পত্র না পাওয়া | ৫ | ৩ | ২ | |
| বার্ষিক প্রতিবেদন  না পাওয়া | ২ | ১ | ১ | |
| রিফান্ড ওয়ারেন্ট সংক্রান্ত | ৭ | | ৭ | |
| শেয়ারের ডিমেট সংক্রান্ত | | | | |
| বিবিধ | ১৭ | ৩ | ১১ | |
| মোট | ৫৬ | ১২ | ৩৮ | ৬ |

এসইসি এর নোটিফিকেশন নং এসইসি/এসআরএমআইসি/৯৪-২৩১/২৭১ তারিখ ১২.১০.২০১১ অনুযায়ী ডিএসই, সিএসই এবং সিডিবিএল তালিকাভুক্ত কোম্পানির বিরুদ্ধে আনীত অভিযোগ মিমাংসা করে এবং কমিশনের নিকট উপরোক্ত ছক মোতাবেক তথ্য প্রেরণ করে।

ইস্যুয়ার এর বিরুদ্ধে অভিযোগ:

| অর্থবছর | গৃহীত অভিযোগের সংখ্যা | নিষ্পত্তির হার (%) |
|---|---|---|
| ২০০৭-০৮ | ৭৯ | ৮২.২৮ |
| ২০০৮-০৯ | ১১৩ | ৯২.০৩ |
| ২০০৯-২০১০ | ১৭৯ | ৮২.৬৮ |
| ২০১০-২০১১ | ১৩১ | ৮৭.৭৮ |
| ২০১১-২০১২ | ১৬২ | ৭৬.৫৪ |
| ২০১২-২০১৩ | ৫৬ | ৬৭.৮৫ |

বিগত কয়েক অর্থবছরে তালিকাভুক্ত কোম্পানির বিরুদ্ধে গৃহীত অভিযোগ এবং তা নিষ্পত্তির চিত্রঃ




**তালিকাভুক্ত কোম্পানিসমূহ কর্তৃক ঘোষিত লভ্যাংশ এর বিবরণী :**

২০১২-১৩ অর্থবছরে ২০৩ টি কোম্পানি বার্ষিক সাধারণ সভা/বিশেষ সাধারণ সভা করেছে। ১২২ টি কোম্পানি নগদ লভ্যাংশ ঘোষণা করেছে। ঘোষিত লভ্যাংশ এর ভিত্তিতে কোম্পানিসমূহের বিভাজন নিম্নে দেয়া হলোঃ

| কোম্পানির লভ্যাংশ ঘোষণার হার | কোম্পানির সংখ্যা |
|---|---|
| ১০% বা এর বেশী লভ্যাংশ | ১০৩ |
| ১০% এর কম লভ্যাংশ | ১৯ |
| মোট | ১২২ |

# ১৪. সুপারভিশন এন্ড রেগুলেশন অব ইন্টারমিডিয়ারিজ (এসআরআই)

সুপারভিশন এন্ড রেগুলেশন অব ইন্টারমিডিয়ারিজ বিভাগ মার্চেন্ট ব্যাংকার, স্টক ডিলার, স্টক ব্রোকার, ডিপজিটরি পার্টিসিপেন্টস, সিকিউরিটি কাস্টডিয়ান ব্যাংক, মার্কেট মেকার্স, সিকিউরিটি লেন্ডারস ও বরোয়ার্স ইত্যাদি বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠান সমূহের পরিপালনীয় কার্যাদির তদারকি ও নিয়ন্ত্রণ কার্যক্রম পরিচালনা করে থাকে। এই বিভাগ স্টক ব্রোকার, স্টক ডিলার, ডিপি ও মার্চেন্ট ব্যাংকসমূহ নিয়মিত পরিদর্শন করে। এছাড়াও প্রয়োজন অনুযায়ী উক্ত প্রতিষ্ঠানসমূহে বিশেষ পরিদর্শন কার্যক্রম পরিচালনা করে থাকে। এসআরআই বিভাগ সাধারণ বিনিয়োগকারী ও অন্যান্য স্টেক হোল্ডারদের অভিযোগ নিয়েও কাজ করে থাকে। উক্ত বিভাগ জুলাই-২০১২ থেকে জুন-২০১৩ ইং পর্যন্ত নিম্নেবর্ণিত কার্যাবলী সম্পাদন করেছে ঃ

ক) বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানসমূহের বিরুদ্ধে আনীত অভিযোগ ঃ

| অভিযোগের প্রকৃতি | গৃহীত অভিযোগের সংখ্যা | | | প্রক্রিয়াধীন/ স্থগিতকৃত | আইনগত ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ডিএসই/সিএসই'তে প্রেরণ | নিষ্পত্তিকৃত অভিযোগ |
|---|---|---|---|---|---|---|---|
| | জুলাই-২০১২ থেকে জুন-২০১৩ ইং | পূর্ববর্তী | মোট | | | | |
| শেয়ার হারানো সংক্রান্ত | - | - | - | - | - | - | - |
| অনুমোদন ব্যতীত শেয়ার বিক্রয় সংক্রান্ত | ১১ | ১২ | ২৩ | ২ | ৭ | ৭ | ৭ |
| শেয়ার হস্তান্তর না করা সংক্রান্ত | ৯ | - | ৯ | ১ | - | ৪ | ৪ |
| বিক্রয়লব্ধ অর্থ পরিশোধ না করা | ৫ | - | ৫ | ১ | - | ২ | ২ |
| ফোর্স সেল/মার্জিন সংক্রান্ত | ১৩ | ৪ | ১৭ | - | ৬ | ৪ | ৭ |
| শেয়ার হস্তান্তর না করার কারণে সৃষ্ট আর্থিক ক্ষতি | - | ১ | ১ | - | ১ | - | - |
| নিষ্পত্তিকরণের ক্ষেত্রে বিলম্ব হওয়া সংক্রান্ত | ২ | ১১ | ১৩ | - | ১২ | - | ১ |
| শেয়ার না পাওয়া সংক্রান্ত | ৩ | - | ৩ | ১ | - | ২ | - |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| স্টক ডিলার/ব্রোকার ও অন্যান্যদের দুর্নীতি/অনিয়ম | ১৩ | - | ১৩ | ২ | ২ | ৪ | ৫ |
| নগদ/চেক/ডিভিড্যান্ড/বোনাস সংক্রান্ত | ৫ | ৭ | ১২ | ২ | - | ৩ | ৭ |
| বিবিধ | ১০ | - | ১০ | ১ | - | ১ | ৮ |
| মোট | ৭১ | ৩৫ | ১০৬ | ১০ | ২৮ | ২৭ | ৪১ |

খ) এসআরআই বিভাগ কর্তৃক পরিচালিত পরিদর্শন কার্যক্রম (জুলাই-২০১২ থেকে জুন-২০১৩ ইং)ঃ

| ক্রঃ নং | বিবরণ | পরিদর্শন | পরিদর্শনের সংখ্যা | এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ | নিস্পত্তি | প্রক্রিয়াধীন |
|---|---|---|---|---|---|---|
| ০১. | স্টক ব্রোকার/স্টক ডিলার | মাসিক নিয়মিত পরিদর্শন | ১০৩ | ৬২ | ২৫ | ১৬ |
| | | বিশেষ পরিদর্শন | ২ | - | - | ২ |
| ০২. | মার্চেন্ট ব্যাংক | মাসিক নিয়মিত পরিদর্শন | - | - | - | - |
| মোট | | | ১০৫ | ৬২ | ২৫ | ১৮ |

ইস্যুয়ার এবং স্টক ব্রোকার/স্টক ডিলার/মার্চেন্ট ব্যাংক এর বিরুদ্ধে অভিযোগ:

| অর্থবছর | গৃহীত অভিযোগের সংখ্যা | নিস্পত্তির হার (%) |
|---|---|---|
| ২০০৪-০৫ | ১০৫ | ৪৮.৫৭ |
| ২০০৫-০৬ | ৮৪ | ৮৪.৫২ |
| ২০০৬-০৭ | ১১৮ | ৮০.৫১ |
| ২০০৭-০৮ | ৯৪ | ৮১.৯১ |
| ২০০৮-০৯ | ১৫৮ | ৯২.৪০ |
| ২০০৯-২০১০ | ২১৮ | ৭৭.২৩ |
| ২০১০-২০১১ | ১৭৭ | ৮৪.১৮ |
| ২০১১-২০১২ | ২৪৫ | ৬২.৪৪ |
| ২০১২-২০১৩ | ১০৬ | ৩৮.৬৮ |

স্টক ব্রোকার/স্টক ডিলার/মার্চেন্ট ব্যাংক এর বিরুদ্ধে অভিযোগ:

| অর্থবছর | গৃহীত অভিযোগের সংখ্যা | নিষ্পত্তির হার (%) |
|---|---|---|
| ২০০৭-০৮ | ১৫ | ৮০.০০ |
| ২০০৮-০৯ | ৪৫ | ৯৩.৩৩ |
| ২০০৯-১০ | ৩৯ | ৭১.৭৯ |
| ২০১০-২০১১ | ৪৬ | ৭৩.৯১ |
| ২০১১-২০১২ | ৮৭ | ৩৩.৩৩ |
| ২০১২-২০১৩ | ১০৫ | ২৩.৮১ |

স্টক ডিলার/স্টক ব্রোকার /মার্চেন্ট ব্যাংক এর বিরুদ্ধে গৃহীত অভিযোগ এবং তা নিষ্পত্তির চিত্র-



# ১৫. সিডিএস

কমিশনের সিডিএস বিভাগ ডিপজিটরি আইন, ১৯৯৯ এবং এর অধীনে প্রনীত প্রবিধানমালা মোতাবেক সেন্ট্রাল ডিপজিটরি বাংলাদেশ লিমিটেড (সিডিবিএল) এর কর্মকান্ড সহ ডিপজিটরি পার্টিসিপেন্ট সমূহের কর্মকান্ড, তালিকাভুক্ত কোম্পানি সমূহের শেয়ার ডিপজিটরি ব্যবস্থায় আনয়ন, ডিম্যাট ফর্মে সিকিউরিটিজ ইস্যু, শেয়ার হস্তান্তর, বিও হিসাব তদারকি এবং এ সকল বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা/আদেশ জারী করে থাকে। ডিপজিটরি পদ্ধতির ফলে শেয়ার ইস্যু, লেনদেন এবং হস্তান্তরের ক্ষেত্রে স্বচ্ছতা ব্যপকভাবে বৃদ্ধি পেয়েছে তথা সিকিউরিটিজ লেনদেন নিস্পত্তির ক্ষেত্রে এখন সময়সীমাও কমে এসেছে।

ডিপজিটরি ব্যবস্থার আওতায় ২০১২-২০১২৩ অর্থবছরে সিডিবিএল এ ৩৫৪,৫৬৮ টি বিও একাউন্ট খোলা হয়েছে এবং ১৫ টি কোম্পানি, ১টি মিউচ্যুয়াল ফান্ডসহ মোট ১৬ টি সিকিউরিটিজ সিডিএস ভুক্ত হয়েছে। জুন ২০১৩ পর্যন্ত সিডিবিএল এ চালু বিও একউন্টের সংখ্যা ২,৬৪৫,৩৩৫ টি এবং ৩০৮ টি সিকিউরিটিজ ডিপজিটরি ব্যবস্থার আওতায় এসেছে। বর্তমানে পুঁজিবাজারের সকল সিকিউরিটিজ এর লেনদেন ও হস্তান্তর অটোমেটেড সিস্টেমে ডিম্যাটেরিয়ালাইজড ফর্মে সম্পাদিত হচ্ছে। বর্তমানে ঢাকা স্টক এক্সচেঞ্জের বাজার মূলধনের ১০০% সিডিএসভুক্ত সিকিউরিটিজ।

আলোচ্য অর্থবছরে সিডিবিএল তাদের হার্ডওয়্যার ও সফটওয়্যার উন্নত করে ধারনক্ষমতা বৃদ্ধি করেছে। এছাড়া তাদের Disaster Recovery System ও উন্নত করেছে। ইন্টারনেটের মাধ্যমে বিও হিসাব এর ব্যালেন্স জানার পাশাপাশি মোবাইল ফোনের এসএমএস এর মাধ্যমেও বিও একাউন্টে সিকিউরিটিজ এর ডেবিট ও ক্রেডিট সম্পর্কে জানার সুবিধা চালু করা হয়েছে।

২০১২-১৩ অর্থবছরে সিডিএস এ যোগদানকৃত কোম্পানি ও মিউচ্যুয়াল ফান্ডের তালিকা **পরিশিষ্ট-১০** তে প্রদান করা হয়েছে।

# ১৬. এনফোর্সমেন্ট বিভাগ

সিকিউরিটিজ আইন পরিপালনে ব্যর্থতার দরুন এনফোর্সমেন্ট বিভাগ পুঁজিবাজারে আইন অমান্য/লংঘন কারীর বিরুদ্ধে অপরাধের গুরুত্ব বিবেচনাপূর্বক জরিমানা আরোপসহ অন্যান্য আইনগত ব্যবস্থাদি গ্রহণ করে থাকে। সিকিউরিটিজ আইনের আওতায় পরিদর্শন ও তদন্ত কার্যাদি সম্পন্ন করা হয়। পরিদর্শন/ তদন্ত কালে সিকিউরিটিজ আইন পরিপালন না করা সংক্রান্ত প্রাপ্ত অভিযোগের ভিত্তিতে সংশ্লিষ্ট সিকিউরিটিজ আইনের বিধান অনুসারে ইস্যুয়ার ও পুঁজি বাজার সংশ্লিষ্ট অভিযুক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের ব্যাখ্যা ও শুনানি সম্পন্ন করে কমিশনের নিকট তা পেশ করা হয়। কমিশন সিকিউরিটিজ আইন অনুযায়ী আইনগত ব্যবস্থা গ্রহণ করে থাকে।

সিকিউরিটিজ সংক্রান্ত আইন পরিপালনে ব্যর্থতার কারণে ইস্যুয়ার কোম্পানি, চার্টার্ড এ্যাকাউন্ট্যান্টস ফার্মস, স্টক ব্রোকার, স্টক ডিলার, ক্রেডিট রেটিং কোম্পানী এবং সংশ্লিষ্ট অন্যান্যদের বিরুদ্ধে কমিশন কর্তৃক ২০১২-২০১৩ অর্থ বছরে গৃহীত এনফোর্সমেন্ট কার্যক্রমসমূহ **পরিশিষ্ট-১১** তে প্রদর্শন করা হয়েছে।

## ১৭. আইন বিভাগ

কমিশন কর্তৃক এবং কমিশনের বিরুদ্ধে দায়েরকৃত মামলাসমূহ পরিচালনায় কমিশনের পক্ষে নিয়োজিত আইনজীবীগণকে সার্বিক সহায়তা প্রদান, কমিশনের অন্যান্য বিভাগ কর্তৃক প্রেরিত বিভিন্ন ইস্যুতে আইনগত মতামত প্রদান এবং কমিশন কর্তৃক আরোপিত জরিমানা আদায়ের জন্য সার্টিফিকেট মামলা দায়ের ও পরিচালনা ইত্যাদি আইন বিভাগ সম্পাদন করে থাকে।

বিএসইসি কর্তৃক এবং বিএসইসি'র বিরুদ্ধে দায়েরকৃত মোট ৪২৯টি মামলা বিভিন্ন আদালতে বিচারাধীন রয়েছে। আলোচ্য অর্থ বছরে বিএসইসি কর্তৃক ২টি মামলা দায়ের করা হয়েছে এবং বিএসইসি'র বিরুদ্ধে ২১টি মামলা দায়ের হয়েছে। মামলাসমূহের আদালত ভিত্তিক অবস্থান **পরিশিষ্ট-১২** তে প্রদর্শন করা হয়েছে।

## ১৮. ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস বিভাগ (এমআইএস)

অটোমেশন ডেভেলপমেন্টের মাধ্যমে বিএসইসির বিভিন্ন বিভাগের কার্যাবলী সম্পাদনে সম্ভাব্য সহায়তা দেয়া, কম্পিউটারাইজড তথ্য বিশ্লেষণ ভিত্তিক পুঁজিবাজার মনিটরিং সিস্টেম গড়ে তোলা, ওয়েবের মাধ্যমে সকলকে সিকিউরিটিজ আইন ও সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে অবগত করা এবং কমিশনকে আধুনিক ইনফরমেশন টেকনোলজি পদ্ধতি ব্যবহারের মাধ্যমে সমৃদ্ধ করা এমআইএস বিভাগের মূল লক্ষ্য। বর্তমানে বিএসইসির সকল কর্মকর্তা তাদের দৈনন্দিন কার্যক্রমে কম্পিউটার ব্যবহার করে থাকেন। অফিসের সকল কম্পিউটার ল্যান এর আওতাভূক্ত। বিএসইসিতে তৈরীকৃত ইন্টিগ্রেটেড সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন অটোমেটেড সিস্টেম (SECAS) সফটওয়ার এর বিভিন্ন মডিউল বিভিন্ন বিভাগের ব্যবহারের জন্য তৈরী করা হয়েছে। বিএসইসির কর্মকর্তাবৃন্দ তাদের ওয়ার্ক স্টেশন থেকে সংযুক্ত ল্যানের মাধ্যমে ১ এমবিপিএস ব্রডব্যান্ড ইন্টারনেট শেয়ারড ভিত্তিতে ব্যবহার করে থাকেন। বিএসইসি'র ওয়েব সাইটে (www.sec.gov.bd ও www.secbd.org) সিকিউরিটিজ আইন, আইপিও প্রসপেক্টাস, এলিজিবল সিকিউরিটিজ, ডিপজিটরী পার্টিসিপেন্টস, এনফোর্সমেন্ট এ্যাকশনস, বার্ষিক ও ত্রৈমাষিক প্রতিবেদন, বিনিয়োগকারীদের জন্য তথ্য ইত্যাদি সন্নিবেশিত করা হয়েছে যা নিয়মিত আপডেট করা হয় এবং ওয়েব সাইটটি প্রচুর ব্যবহৃত হয়ে থাকে। জুলাই ২০১২ - জুন ২০১৩ এ আলোচিত অর্থ বছরে ওয়েব সাইটে প্রসপেক্টাস স্থাপন করা হয়েছে ১৯টি, এনফোর্সমেন্ট অ্যাকশন স্থাপন করা হয়েছে ১৩৫টি, অন্যান্য আদেশ/নোটিফিকেশন/ডাইরেক্টিভ ইত্যাদি স্থাপন করা হয়েছে ২০টি, ত্রৈমাষিক প্রতিবেদন স্থাপন করা হয়েছে ২টি, মতামতের জন্য প্রস্তাবিত খসড়া রুল স্থাপন করা হয়েছে ২টি , প্রেস বিজ্ঞপ্তি স্থাপন করা হয়েছে ৪৪টি এবং অন্যান্য তালিকা প্রাপ্ত তথ্য মোতাবেক আপডেট করা হয়েছে ।

### বিভিন্ন সফটওয়ার সিস্টেমঃ

| |
|---|
| সার্ভিলেন্স সিস্টেম |
| সিএফডি মডিউল |
| রেজিস্ট্রেশন মডিউল |
| এনফোর্সমেন্ট মডিউল |
| পারসোনেল মডিউল |
| ইস্যুয়ার মডিউল |
| ডকুমেন্ট ট্রাকিং মডিউল |

| |
|---|
| রিসিপসনডেস্ক মডিউল |
| র‍্যানডম ইনসপেকশন সিলেকশন সিস্টেম |
| লটারী ভেরিফিকেশন সিস্টেম |
| ডিজিটাল পেপার ক্লিপিং সিস্টেম |

এমআইএস বিভাগ উলেখিত সিস্টেমসমূহের ডেভেলপমেন্ট, মডিফিকেশন ও মেইন্টেন্যান্সের কাজ করে থাকে।

# ১৯. গবেষণা ও উন্নয়ন

গবেষণা ও উন্নয়ন বিভাগ পুঁজিবাজারে সাধারণ বিনিয়োগকারীদের জন্য শিক্ষামূলক কার্যক্রম, সরকারি ও বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠানের অংশগ্রহণকারীদের জন্য পুঁজিবাজার বিষয়ক সেমিনারের আয়োজন, কমিশনের প্রকাশনা সমূহ নিয়মিত প্রকাশকরণ এবং ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়সহ বিভিন্ন কর্তৃপক্ষের নিকট তথ্যাদি/উপাত্ত প্রেরণ ইত্যাদি কর্মকান্ড সম্পাদন করে থাকে।

২০১২-১৩ অর্থ বছরে কমিশনের গবেষণা ও উন্নয়ন বিভাগ নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদন করেছে:

## প্রতিবেদন প্রকাশনা:

| | | |
|---|---|---|
| বার্ষিক প্রতিবেদন (বাংলা ও ইংরেজী) | ঃ | ২০১১- ২০১২ |
| ত্রৈমাসিক প্রতিবেদন (৪টি) | ঃ | সেপ্টেম্বর ২০১১- জুন ২০১২ |
| এসইসি পরিক্রমা (বাংলা নিউজলেটার) (৪টি) | ঃ | সেপ্টেম্বর ২০১১- জুন ২০১২ |

## শিক্ষামূলক কার্যক্রম:

সাধারণ বিনিয়োগকারীদের পুঁজিবাজার বিষয়ে ধারনা দেয়ার নিমিত্ত ২০১২-২০১৩ অর্থ বছরে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন প্রতি মাসে দু'টি করে(দুই দিনব্যাপী) প্রশিক্ষণ কর্মসূচী শেয়ারবাজারে বিনিয়োগকারীদের জন্য শিক্ষামূলক কার্যক্রমের অংশ হিসাবে রেজিষ্ট্রেশন সাপেক্ষে আয়োজন অব্যাহত রেখেছে। উক্ত কার্যক্রমে সাধারণ বিনিয়োগকারীরা অংশগ্রহণ করেছেন যাতে কমিশনের উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ পুঁজিবাজার সংশ্লিষ্ট আইন-কানুন, রুলস/রেগুলেশন, প্রাইমারি ও সেকেন্ডারি মার্কেটে বিনিয়োগ, সার্ভেইল্যান্স সিস্টেম, ডিপজিটরি সিস্টেম, শেয়ারহোল্ডারদের অধিকার ইত্যাদি বিষয়ে বক্তব্য প্রদান করেন।

বাজার মধ্যস্থতাকারীদের পুঁজিবাজার সম্পর্কে জ্ঞান দান এবং পেশাগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে আলোচ্য সময়ে কমিশন ঢাকা ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জের সদস্যদের অনুমোদিত প্রতিনিধিদের জন্য ঢাকা ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জে প্রশিক্ষণ কর্মসূচীর আয়োজন করেছে। উক্ত কার্যক্রমে ঢাকা ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জের সদস্যদের অনুমোদিত প্রতিনিধিগণ অংশগ্রহণ করেছেন। তাছাড়া বিনিয়োগকারীদের বিনিয়োগ সম্পর্কে ধারনা দেয়ার উদ্দেশ্যে পুঁজিবাজারে বিনিয়োগ শীর্ষক একটি বুকলেট প্রণয়ন করা হয়েছে।

পাদটিকা: নিউজ লেটার, বুকলেট, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করা হবে ।

## ২০. ভবিষ্যৎ পরিকল্পনা

বৈশ্বিক অর্থ ব্যবস্থার প্রেক্ষাপটে বাংলাদেশের পুঁজিবাজার একটি দ্রুত বর্ধনশীল (Emerging market) বাজার হিসাবে বিবেচিত। এই পুঁজিবাজারের রয়েছে অপরিসীম অন্তর্নিহিত শক্তি যা কাজে লাগানোর মাধ্যমে দেশের শিল্পায়ন, অবকাঠামো উন্নয়ন, কর্মসংস্থান সৃষ্টি তথা অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন করা সম্ভব। তবে বাংলাদেশের পুঁজিবাজারের উঠানামা পৃথিবীর অন্যান্য দেশের তুলনায় অধিক বলে পরিলক্ষিত হয়। সরকার এবং বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন পুঁজিবাজার এর মাধ্যমে দেশের উন্নয়নে অর্থায়ন চাহিদা মেটানোর জন্য বিশেষ করে অবকাঠামো উন্নয়নে দীর্ঘমেয়াদী অর্থায়ন ব্যবস্থার উন্নয়ন এবং আর্থিক স্থিতিশীলতা জোরদার করণের লক্ষ্যে বেশ কিছু পদক্ষেপ গ্রহণ করেছে। এই প্রেক্ষাপটে দীর্ঘমেয়াদী মাস্টার পান প্রনয়নের বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ। মাস্টার পান ছাড়াও এর যথাযথ বাস্তবায়নের জন্য উপযুক্ত কর্ম সম্পাদন কৌশল ও ব্যবস্থাপনার বিষয়টিও অত্যন্ত গুরুত্বপূর্ণ যাতে সময়মত ও সঠিকভাবে তা বাস্তবায়িত হয়। সমন্বিত, স্থিতিশীল ও দ্রুত সংশোধনযোগ্য একটি পুঁজিবাজার গঠনের লক্ষ্যে কমিশন পুঁজিবাজারের জন্য একটি দীর্ঘ ১০-সালা পরিকল্পনা বা মাস্টার পান (Capital Market Development Master Plan or CMDMP) প্রনয়ন করেছে যা সময় সময় প্রয়োজনীয় রিভিউপূর্বক বাস্তবায়ন করা হবে। উক্ত ১০-সালা পরিকল্পনার গুরুত্বপূর্ণ বিষয়গুলি সংক্ষেপে নিম্নে বিবৃত হ'লঃ

১. **বাস্তবায়ন ব্যবস্থা**----- কমিশন প্রধান বাস্তবায়নকারী সংস্থা হিসাবে স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদে উপযুক্ত পদ্ধতিতে পুঁজিবাজারের জন্য প্রায় ৭০টি বিভিন্ন উন্নয়ন উদ্যোগ বাস্তবায়ন করবে। বাংলাদেশ ব্যাংক, এনবিআর ও অর্থ মন্ত্রনালয় তাদের সংশ্লিষ্ট বিষয়গুলি বাস্তবায়ন করবে। বিভিন্ন উন্নয়ন উদ্যোগ বিভিন্ন ক্যাটাগরী বা প্রকারভূক্ত।

২. **আইনগত ও বাজার নিয়ন্ত্রন বিষয়ক সংস্কার উদ্যোগ**---- বিভিন্ন উন্নয়ন উদ্যোগ এর প্রায় ৫৭% হচ্ছে আইনগত ও বাজার নিয়ন্ত্রন বিষয়ক সংস্কার উদ্যোগ যা মূলত বাজার তদারকী ব্যবস্থার দূর্বলতা কাটাতে সাহায্য করবে এবং মামলা নিষ্পত্তিতে বিদ্যমান আদালত ব্যবস্থার দীর্ঘসূত্রিতার অবসান ঘটিয়ে বিশেষ ট্রাইবুনালের মাধ্যমে পুঁজিবাজারের এনফোর্সমেন্ট ব্যবস্থাকে শক্তিশালী করবে। সে লক্ষ্যে কমিশনকে পরিচালন ও আর্থিক দিক থেকে স্বাধীন করা, কমিশনে প্রয়োজনীয় দক্ষ লোকবল প্রদান, প্রশিক্ষণ দান ও কমপেনসেশন প্রদানের পথ খুঁজে বের করা, বিভিন্ন রেগুলেটরের অধিনস্ত হয়ে নিয়ন্ত্রিত ব্যবসায় কমপায়েন্স বিষয়ে জটিলতা নিরসনে আইনগত সংস্কারের মাধ্যমে সমন্বয় সাধন করা, বাজার অংশগ্রহনকারীদের প্রফেশনাল স্ট্যান্ডার্ড ধারন ও তাদের কাজের জন্য দায়বদ্ধতা সৃষ্টির মাধমে খারাপদের বের করে দেয়া, স্টক এক্সচেঞ্জ এর

